সঙ্গীত সাধনা

মোবারক হোসেন খান

মোবারক হোসেন খান

সঙ্গীত সাধনা

মোবারক হোসেন খান

বাংলা একাডেমী : ঢাকা

প্রথম প্রকাশ
ফাল্গুন ১৩৯১
ফেব্রুয়ারি ১৯৮৫

বা.এ. ১৫১৬

মুদ্রণ সংখ্যা ১২৫০

পাণ্ডুলিপি ঃ পাঠ্যপুস্তক বিভাগ

প্রকাশক
মোহাম্মদ ইব্রাহিম
পরিচালক
পাঠ্যপুস্তক বিভাগ
বাংলা একাডেমী, ঢাকা

মুদ্রণে
ওবায়দুল ইসলাম
ব্যবস্থাপক
বাংলা একাডেমী প্রেস, ঢাকা

প্রচ্ছদ
আবদুর রউফ

দাম : পঁয়ষট্টি টাকা মাত্র (৭ মার্কিন ডলার)

SANGEET SADHANA (STUDY OF MUSIC) : MOBARAK HOSSAIN KHAN
Published by Bangla Academy, Dhaka, Bangladesh, First Edition February 1985.
Price : Taka 65·00, U.S. Dollar 7.

কিছু কথা

সঙ্গীতের ব্যবহারিক অনুশীলনের জন্য সঙ্গীত-গ্রন্থের প্রয়োজন। সঙ্গীত গুরুমুখী বিদ্যা। গুরু থেকে প্রাপ্ত শিক্ষা অনুশীলনে সঙ্গীত-গ্রন্থ সহায়কের ভূমিকা পালন করে। বাংলাদেশে সঙ্গীত-বিষয়ক গ্রন্থ খুব বেশী নেই, বিশেষ করে সঙ্গীত শিক্ষার্থীদের পাঠ্য উপযোগী করে লেখা গ্রন্থ। সেদিক দিয়ে 'সঙ্গীত সাধনা' গ্রন্থটি সে অভাব কিছুটা পূরণ করবে।

'সঙ্গীত সাধনা' একটি তথ্যমূলক সঙ্গীত-বিষয়ক গ্রন্থ। রাগ সঙ্গীতের অনুশীলনকারী সঙ্গীত শিক্ষার্থীগণ এ গ্রন্থের দ্বারা অশেষ লাভবান ও উপকৃত হবেন একথা নিশ্চিত করে বলা চলে।

মোবারক হোসেন খান

উৎসর্গ

সঙ্গীত কলেজের শিক্ষার্থীদের

হাতে দিলাম।

সূচীপত্র

প্রথম অধ্যায়--ইতিহাস বিভাগ

১ উপমহাদেশীয় সঙ্গীতে মুসলমানদের প্রভাব

দ্বিতীয় অধ্যায়--শাস্ত্রীয় বিভাগ

৮ শাস্ত্রের প্রয়োজনীয়তা
৮ সঙ্গীত
৮ কণ্ঠ সঙ্গীত
৮ যন্ত্র সঙ্গীত
৮ নৃত্য
৮ মার্গ সঙ্গীত
৯ দেশী সঙ্গীত
৯ হিন্দুস্থানী সঙ্গীত
৯ কর্ণাটিক সঙ্গীত
৯ নাদ
৯ সঙ্গীতোপযোগী নাদ
৯ সঙ্গীতোপযোগী নাদের তিনটি অবস্থা
৯ নাদের উচুঁ-নীচুতা
৯ নাদের তীব্রতা
১০ নাদের জাতি বা গুণ
১০ শ্রুতি
১০ স্বর
১১ সপ্ত-স্বরের সংক্ষিপ্ত নাম
১১ শ্রুতি ও স্বরের পার্থক্য
১১ অচল স্বর
১১ শুদ্ধ ও বিকৃত স্বর
১৯ শুদ্ধ স্বর
১৯ কোমল স্বর
১৯ তীব্র স্বর
১৯ বিকৃত স্বরের সাঙ্কেতিক পরিচয়
১২ সপ্তকের অন্তর্গত বাইশ শ্রুতি ও দ্বাদশ স্বরের অবস্থানক্রম
১৩ সপ্তক
১৩ পূর্বাঙ্গ ও উত্তরাঙ্গ
১৩ সপ্তকের স্থান
১৩ মন্দ্র, মধ্য ও তার-স্বরের সাঙ্কেতিক চিহ্ন
১৩ মেল বা ঠাট
১৩ ঠাট রচনা পদ্ধতি
১৪ ঠাট রচনাক্রম ও ঠাট সংখ্যা
১৫ প্রচলিত দশটি ঠাটের পরিচয়
১৫ কর্ণাটিক সংগীত পদ্ধতি মতে প্রচলিত দশটি ঠাটের নাম
১৫ ঠাটের অন্তর্গত রাগসমূহ
১৬ রাগ
১৬ রাগের জাতি
১৭ বিলাবল ঠাট থেকে উৎপন্ন রাগ সংখ্যা
২২ রাগের শ্রেণী বিভাগ
২২ বর্ণ
২২ স্থায়ী বর্ণ
২২ আরোহী বর্ণ
২২ অবরোহী বর্ণ
২২ সঞ্চারী বর্ণ
২২ অলঙ্কার বা পাল্টা

২২ তান
২২ সরল তান
২৩ কূট তান
২৩ সপাট তান
২৩ বোল তান
২৩ স্বর-বিস্তার
২৩ আশ
২৩ বক্র স্বর
২৩ কণ্ বা স্পর্শ স্বর
২৩ বর্জিত স্বর
২৩ বাদী, সমবাদী, বিবাদী ও অনুবাদী স্বর
২৩ বাদী
২৩ সমবাদী
২৩ বিবাদী
২৪ অনুবাদী
২৪ পকড়
২৪ আশ্রয় রাগ
২৪ বক্র রাগ
২৪ পূর্ব রাগ ও উত্তর রাগ
২৪ সন্ধিপ্রকাশ রাগ
২৪ গ্রহ, অংশ ও ন্যাস স্বর
২৪ রাগালাপ
২৪ রাগ-লক্ষণ
২৫ অল্পত্ব ও বহুত্ব
২৫ রাগ রচনা পদ্ধতি
২৫ রাগ ও রাগিণী
২৫ ছয় রাগ ও ছত্রিশ রাগিণী
২৫ ঋতু ভেদে রাগ-রাগিণী প্রকাশের রীতি
২৬ রাগের সময় তালিকা
২৭ স্থায়ী, অন্তরা, সঞ্চারী ও আভোগ
২৭ স্থায়ী বা আস্থায়ী
২৭ অন্তরা
২৭ সঞ্চারী
২৭ আভোগ
২৭ আন্দোলন
২৭ মীড়
২৭ মীড়ের সাঙ্কেতিক চিহ্ন
২৭ গমক
২৭ গমকের সাঙ্কেতিক চিহ্ন
২৮ গ্রাম
২৮ মূর্ছনা
২৮ গিটকিরি
২৮ জমজমা
২৮ বড়ত্
২৮ ফিরত্
২৮ গীত
২৮ গান্ধর্ব
২৮ গান
২৮ অনিবদ্ধ গান
২৮ নিবদ্ধ গান
২৮ তিরোভাব ও আবির্ভাব
২৯ সরগম বা স্বরমালিকা
২৯ গায়ক-বাদকের গুণ ও দোষ
৩০ আলাপ
৩০ ধ্রুব পদ বা ধ্রুপদ
৩০ ধামার বা হোরি
৩০ খেয়াল
৩১ টপ্পা
৩১ ঠুমরী
৩১ দাদ্রা
৩১ তারানা বা তেরেনা

তৃতীয় অধ্যায়--তাল বিভাগ

৩২ তাল
৩২ মাত্রা
৩২ ছন্দ
৩৩ লয়
৩৩ দ্বিগুণ
৩৩ চৌগুণ
৩৩ আড়ী
৩৩ তিগুণ

৩৩ ঠেকা
৩৩ গ্রহ
৩৩ কতকগুলো তালের বিবরণ
৩৩ দাদ্‌রা
৩৪ কহরবা বা কার্ফা
৩৪ তেওড়া বা তীব্রা
৩৪ রূপক
৩৪ ঝাপতাল
৩৪ একতালা
৩৪ চৌতাল
৩৫ ধামার
৩৫ দ্বিতাল
৩৫ তিলবাড়া
৩৫ সুলতান
৩৫ আড়া চৌতাল
৩৬ ঝুমরা
৩৬ দীপচন্দী
৩৬ মত্ততাল
৩৬ আদ্ধা কাওয়ালী বা সেতারখানি
৩৭ ঝম্পক
৩৭ গজঝম্পা
৩৭ ব্রহ্মতাল
৩৭ একাদশী
৩৮ সবারী
৩৮ ইন্দ্রতাল
৩৮ সুদর্শন
৩৮ মহেশ
৩৯ ফরোদস্ত
৩৯ রুদ্র

চতুর্থ অধ্যায়—অলঙ্কার বিভাগ

৪০ অনুলোম বা আরোহী অথবা আরোহণ
৪০ বিলোম বা অবরোহী অথবা অবরোহণ
৪০ কণ্ঠ ও যন্ত্র সঙ্গীতে মূর্ছনা সাধন প্রণালী
৪০ মন্দ্র-মধ্য সপ্তক
৪০ মধ্য-তার সপ্তক

কণ্ঠ ও যন্ত্র সংগীতে অলঙ্কার বা পালটা সাধন

৪১ স্বর-কাল সাধন প্রণালী
৪১ অলঙ্কার সাধন প্রণালী

ভিন্ন ভিন্ন তালে অলঙ্কার সাধন

৫৫ তাল —দাদ্‌রা
৫৫ তাল—কহরবা
৫৫ তাল—রূপক
৫৫ তাল—ঝাপ
৫৬ একতালা
৫৬ আড়া চৌতাল
৫৭ দ্বিতাল

পঞ্চম অধ্যায়—রাগ-বিভাগ

ইমন

৫৮ রাগ-পরিচয়
৫৮ স্বর-বিস্তার
৫৯ লক্ষণ-গীত—চৌতাল

শুধ্-কল্যাণ

৬০ রাগ-পরিচয়
৬১ স্বর-বিস্তার
৬১ লক্ষণ-গীত—ঝাপতাল

হাম্বীর

৬২ রাগ-পরিচয়
৬৩ স্বর-বিস্তার
৬৩ লক্ষণ-গীত—তেওরা

কেদার

৬৪ রাগ-পরিচয়
৬৫ স্বর-বিস্তার
৬৫ লক্ষণ-গীত—ত্রিতাল

হিণ্ডোল

৬৬ রাগ-পরিচয়
৬৬ স্বর-বিস্তার
৬৭ লক্ষণ-গীত—ঝাপতাল

কামোদ

৬৮ রাগ-পরিচয়
৬৮ স্বর-বিস্তার
৬৮ লক্ষণ-গীত—চৌতাল

ছায়ানট

৬৯ রাগ-পরিচয়
৭০ স্বর-বিস্তার
৭০ লক্ষণ-গীত—ত্রিতাল

গৌড় সারং

৭১ রাগ-পরিচয়
৭১ স্বর-বিস্তার
৭২ লক্ষণ-গীত—ত্রিতাল

ইম্‌নি-বিলাবল

৭৩ রাগ-পরিচয়
৭৩ স্বর-বিস্তার
৭৩ লক্ষণ-গীত—ঝাপতাল

বিলাবল

৭৪ রাগ-পরিচয়
৭৫ স্বর-বিস্তার
৭৫ লক্ষণ-গীত—রূপক তাল

বিহাগ

৭৫ রাগ-পরিচয়
৭৬ স্বর-বিস্তার
৭৬ লক্ষণ-গীত—ত্রিতাল
৭৭ বিহাগ (উভয় মধ্যমযুক্ত)
৭৭ স্বর-বিস্তার

শঙ্করা

৭৭ রাগ-পরিচয়
৭৮ স্বর-বিস্তার
৭৮ লক্ষণ-গীত—একতালা (দ্বিমাত্রিক ছন্দ)

দেশকার

৭৯ রাগ-পরিচয়
৭৯ স্বর-বিস্তার
৮০ লক্ষণ-গীত—চৌতাল

নট

৮১ রাগ-পরিচয়
৮১ স্বর-বিস্তার
৮১ লক্ষণ-গীত—ঝাপতাল

দুর্গা

৮২ রাগ-পরিচয়
৮২ স্বর-বিস্তার
৮৩ লক্ষণ-গীত—ত্রিতাল

হেম কল্যাণ

৮৩ রাগ-পরিচয়
৮৪ স্বর-বিস্তার
৮৪ লক্ষণ-গীত—ঝাপতাল

খাম্বাজ

৮৫ রাগ-পরিচয়
৮৫ স্বর-বিস্তার
৮৬ লক্ষণ-গীত—ত্রিতাল

দেশ

৮৬ রাগ-পরিচয়
৮৭ স্বর-বিস্তার
৮৭ লক্ষণ-গীত—ঝাপতাল

তিলক কামোদ

৮৮ রাগ-পরিচয়
৮৮ স্বর-বিস্তার
৮৮ লক্ষণ-গীত—ঝাপতাল

জয়জয়ন্তী

৮৯ রাগ-পরিচয়
৯০ স্বর-বিস্তার
৯০ লক্ষণ-গীত—একতালা (দ্বিমাত্রিক ছন্দ)

গৌড়মল্লার

৯১ রাগ-পরিচয়
৯১ স্বর-বিস্তার
৯১ লক্ষণ-গীত—ত্রিতাল

গারা

৯২ রাগ-পরিচয়
৯৩ স্বর-বিস্তার
৯৩ লক্ষণ-গীত—একতালা (দ্বিমাত্রিক ছন্দ)

ভৈরব

৯৪ রাগ-পরিচয়
৯৪ স্বর-বিস্তার
৯৪ লক্ষণ-গীত—ঝাপতাল

গুণকলি

৯৫ রাগ-পরিচয়
৯৬ স্বর-বিস্তার
৯৬ লক্ষণ-গীত—তেওড়া

কালিংড়া

৯৭ রাগ-পরিচয়
৯৭ স্বর-বিস্তার
৯৮ লক্ষণ-গীত—ত্রিতাল

রামকলি

৯৮ রাগ-পরিচয়
৯৯ স্বর-বিস্তার
৯৯ লক্ষণ-গীত—ঝাপতাল

বিভাস

১০০ রাগ-পরিচয়
১০০ স্বর-বিস্তার
১০১ লক্ষণ-গীত—তেওড়া

ললিত

১০১ রাগ-পরিচয়
১০২ স্বর-বিস্তার
১০২ লক্ষণ-গীত—গজঝম্পা তাল

ভৈরবী

১০৩ রাগ-পরিচয়
১০৩ স্বর-বিস্তার
১০৩ লক্ষণ-গীত—ত্রিতাল

মালকৌশ

১০৪ রাগ-পরিচয়
১০৫ স্বর-বিস্তার
১০৫ লক্ষণ-গীত—ঝাপতাল

আশাবরী

১০৬ রাগ-পরিচয়
১০৬ স্বর-বিস্তার
১০৭ লক্ষণ-গীত—ত্রিতাল

জৌনপুরী

১০৮ রাগ-পরিচয়
১০৮ স্বর-বিস্তার
১০৮ লক্ষণ-গীত—ত্রিতাল

দরবারী

১০৯ রাগ-পরিচয়
১১০ স্বর-বিস্তার
১১০ লক্ষণ-গীত—ঝাপতাল

টোড়ী

১১২ রাগ-পরিচয়
১১২ স্বর-বিস্তার
১১৩ লক্ষণ-গীত—একতালা

মূলতানী

১১৪ রাগ-পরিচয়
১১৪ স্বর-বিস্তার
১১৪ লক্ষণ-গীত—একতালা (দ্বিমাত্রিক ছন্দ)

পূর্বী

১১৫ রাগ-পরিচয়
১১৬ স্বর-বিস্তার
১১৬ লক্ষণ-গীত—চকুতাল

শ্রী রাগ

১১৭ রাগ-পরিচয়
১১৮ স্বর-বিস্তার
১১৮ লক্ষণ-গীত—চৌতাল

পুরিয়া ধনাশ্রী

১১৯ রাগ-পরিচয়
১২০ স্বর-বিস্তার
১২০ লক্ষণ-গীত—ত্রিতাল

পরজ

১২১ রাগ-পরিচয়
১২১ স্বর-বিস্তার
১২২ লক্ষণ-গীত—ত্রিতাল

বসন্ত

১২৩ রাগ-পরিচয়
১২৩ স্বর-বিস্তার
১২৪ লক্ষণ-গীত—ত্রিতাল

মারবা

১২৫ রাগ-পরিচয়
১২৫ স্বর-বিস্তার
১২৫ লক্ষণ-গীত—ঝাপতাল

পুরিয়া

১২৬ রাগ-পরিচয়
১২৭ স্বর-বিস্তার
১২৭ লক্ষণ-গীত—ত্রিতাল

সোহনী

১২৮ রাগ-পরিচয়
১২৯ স্বর-বিস্তার
১২৯ লক্ষণ-গীত—একতালা (দ্বিমাত্রিক ছন্দ)

কাফী

১৩০ রাগ-পরিচয়
১৩০ স্বর-বিস্তার
১৩০ লক্ষণ-গীত—একতালা (দ্বিমাত্রিক ছন্দ)

ভীমপলশ্রী

১৩১ রাগ-পরিচয়
১৩২ স্বর-বিস্তার
১৩২ লক্ষণ-গীত—ত্রিতাল

বাহার

১৩৩ রাগ-পরিচয়
১৩৩ স্বর-বিস্তার
১৩৪ লক্ষণ-গীত—তেওড়া (দ্রুতলয়)

পিলু

১৩৫ রাগ-পরিচয়
১৩৫ স্বর-বিস্তার
১৩৫ লক্ষণ-গীত—ত্রিতাল (মধ্যলয়)

বাগেশ্রী

১৩৬ রাগ-পরিচয়
১৩৭ স্বর-বিস্তার
১৩৭ লক্ষণ-গীত—ঝাপতাল

মিয়া কি মল্লার

১৩৮ রাগ-পরিচয়
১৩৮ স্বর-বিস্তার
১৩৯ লক্ষণ-গীত—ত্রিতাল

বৃন্দাবনী সারং

১৪০ রাগ-পরিচয়
১৪০ স্বর-বিস্তার
১৪০ লক্ষণ-গীত—ত্রিতাল

প্রথম অধ্যায়

ইতিহাস বিভাগ

উপমহাদেশীয় সঙ্গীতে মুসলমানদের প্রভাব

সঙ্গীত চিরন্তন। প্রাগৈতিহাসিককালে মানুষের মধ্যে যখন সভ্যতার বিকাশ হয় নি, তখনও মানুষ কণ্ঠের বিভিন্ন ধরনের স্বরের সাহায্যে এবং অঙ্গভঙ্গি দ্বারা মনের ভাব প্রকাশ করতো। তারপর বৈদিককালে এসে সঙ্গীত কিছুটা রূপ নেয়। তখনকার মুনি-ঋষিগণ বেদের স্তোত্রগুলো সুর সহযোগে গাইতেন। তাছাড়া, আর্যদের ভিন্ন ভিন্ন যজ্ঞ ও অনুষ্ঠানে গানের প্রচলন ছিল। সাম-বেদ থেকে উদ্ধৃত মন্ত্র বা স্তোত্রই গানের রূপে ঐ সমস্ত অনুষ্ঠানে গাওয়া হতো। সঙ্গীতের ব্যবহার তখন ধর্মের ক্ষেত্রেই সীমাবদ্ধ ছিল।

হিন্দু-রাজত্বকালে সঙ্গীতের বিশেষ চর্চা ছিল এবং সেযুগে সঙ্গীত-বিষয়ক অনেক গ্রন্থও রচিত হয়। সেসব গ্রন্থ লেখা হয় সংস্কৃত ভাষায়। হিন্দু নৃপতিগণ সঙ্গীত এবং সঙ্গীতজ্ঞ পণ্ডিতদের পৃষ্ঠপোষক ছিলেন। তখনকার গুণীদের মধ্যে জয়দেব, বিদ্যাপতি, চণ্ডীদাস ও শ্রীচৈতন্যের নাম বিশেষ উল্লেখযোগ্য। ঐতিহাসিকদের মতে, উপমহাদেশীয় সঙ্গীত তথা ললিতকলার চরম উৎকর্ষ মৌর্য-রাজ্য থেকে গুপ্ত-রাজ্য পর্যন্ত ছিল। এর নিদর্শন ঐ সময়ের মুদ্রা এবং স্থাপত্যকলা থেকে পাওয়া যায়।

সিন্ধু বিজয়ের সাথে সাথে উপমহাদেশের সঙ্গীত সর্বপ্রথম মুসলমানদের সংস্পর্শে আসে (৭১১ খ্রীস্টাব্দ), এবং একাদশ শতাব্দীতে মুহম্মদ ঘোরীর আক্রমণকাল থেকে এ উপমহাদেশের সঙ্গীতের উপর মুসলমানদের প্রভাব বিস্তার লাভ করে। মুসলমানগণ যখন বিজেতারূপে এ উপমহাদেশে প্রবেশ করে, তখন তাদের সাথে নানাপ্রকার আরব্য-পারসিক বাদ্যযন্ত্রাদিও এদেশে আসে। সেগুলোর মধ্যে—ক্বানুন (বীণা), উদ্ (সারেঙ্গী), চ্যাং (বীণা), ঘীচক, রবাব, সহ্‌রোদ (সরোদ), কীটার (গীটার), কবুজ বা কুনবুস্, তম্বুর, কামান্‌জাহ (বেহালা), বাক (বাঁশী), নই (বাঁশী), সুরনাই, নাকারা, সান্‌জ্, দফ্ (খঞ্জনী), ঢোল ইত্যাদি উল্লেখযোগ্য। মুসলমানদের সঙ্গে যে আরব্য-পারসিক সঙ্গীত-পদ্ধতি এদেশে আসে এ উপমহাদেশীয় সঙ্গীতের সাথে তার বেশ সাদৃশ্য ছিল। মুসলমানদের প্রভাবে এ উপমহাদেশের সঙ্গীত এক নতুন রূপ ধারণ করে। প্রাচীনকালে হিন্দুদের কলাশিল্পের বিষয়বস্তু ছিল আধ্যাত্মিক। ধর্মের বাহন হিসেবে মানা হতো সঙ্গীতকে। কিন্তু মুসলমান কলাশিল্পের বিষয়বস্তু ছিল পার্থিব। সঙ্গীতকে মুসলমানগণ শিল্পের জন্যই শিল্প হিসেবে আনন্দ ও সৌন্দর্যভোগের সামগ্রীরূপে গ্রহণ করেছিলেন। তাই সমগ্রতা, ঔজ্জ্বল্য, ভব্যতা ও শালীনতাই ছিল এর বৈশিষ্ট্য। ভাষা ও স্থাপত্য শিল্পের মত এ উপমহাদেশীয় সঙ্গীতেও মুসলমানগণ এক নতুন ধারা প্রবর্তন করেন।

খল্‌জী সুলতানদের আমলে শুরু হয় এ উপমহাদেশীয় সঙ্গীতের নতুন যুগ। উপমহাদেশীয় সঙ্গীতের পাশেই বিদ্যমান ছিল অবিমিশ্র আরব্য-পারসিক সঙ্গীত। পারস্যের প্রসিদ্ধ দার্শনিক,

কবি ও সঙ্গীতজ্ঞ আমীর খসরু ছিলেন সুলতান আলাউদ্দিন খল্‌জীর (১২৯৬১-৩১৬) সভাসদ্। তিনি সঙ্গীত-ক্ষেত্রে এদেশের সাথে আরব্য-পারসিক সঙ্গীত ধারার সংমিশ্রণে এ উপমহাদেশের সঙ্গীতে এক নবযুগ আনয়ন করেন। আমীর খসরু পারস্য দেশের সঙ্গীতে প্রচলিত বারো মোকাম, চল্লিশ সবাব ও আটচল্লিশ গৌবাস এ উপমহাদেশের সঙ্গীতে মিশিয়ে দু'টো রাগ এক করে দেন। সুলতান আলাউদ্দিন খল্‌জী যখন দাক্ষিণাত্যের হিন্দুরাজ্যগুলো জয় করেন তখন এ উপমহাদেশে সঙ্গীতের ইতিহাসে আর একটি নতুন অধ্যায়ের সূচনা হয়। সে সময় দাক্ষিণাত্যের বহু সঙ্গীতবিদ্, পণ্ডিত ও গুণী পারিতোষিক লাভের আশায় সুলতানের দরবারে আসেন। তাঁদের মধ্যে নায়ক গোপালের নাম উল্লেখযোগ্য। নায়ক গোপাল ও আমীর খসরু সম্বন্ধে একটি সুন্দর কাহিনী প্রচলিত আছে--- দাক্ষিণাত্যের নায়ক গোপাল (বারোশ' শিষ্য যাঁর পাল্‌কী বহন করতো) সুলতান আলাউদ্দিন খল্‌জীর দরবারে আসেন এবং সুলতানের সভাকবি ও সঙ্গীতজ্ঞ আমীর খসরুকে সঙ্গীত-প্রতিযোগিতায় আহ্বান করেন। নায়ক গোপাল কর্ণাটিক-ধারায় সঙ্গীত চর্চা করতেন এবং 'ধ্রুপদবন্দী', 'খণ্ডগীত' বা 'ছন্দ-প্রবন্ধ' প্রভৃতি বিভিন্ন পদ্ধতির বহু রাগ-রাগিণী রচনা করেন। নায়ক গোপাল সুলতানের দরবারে সঙ্গীত পরিবেশন শুরু করেন। আমীর খসরু সাত দিন ধরে সুলতানের মসনদের আড়ালে থেকে সব শোনেন। অষ্টম দিনে বের হয়ে এসে নায়ক গোপাল পরিবেশিত গানগুলো (অর্থাৎ 'ছন্দ', 'মন', 'গীত', 'সূত' প্রভৃতি) ঠিক সেরূপ মনোহারিত্ব ও কলাকৌশলের সাথে পুনরাবৃত্তি করেন। তদুপরি 'কওল', 'কলবানা', 'তারানা', 'নক্‌শ্', 'নিগার', 'গুল', 'হাওয়া' ও 'বসীত' প্রভৃতি মুসলিম-ঠাট গেয়ে তিনি অধিকতর প্রশংসা অর্জন করেন। এগুলোর অধিকাংশই তাঁর নিজস্ব রচনা। তাই সুলতান আলাউদ্দিন খল্‌জীর রাজত্বকালকে হিন্দু-মুসলিম সঙ্গীতের সমন্বয়কাল বলা চলে। আমীর খসরু তাঁর সঙ্গীত প্রতিভার স্বীকৃতি স্বরূপ 'সঙ্গীত-নায়ক' উপাধিতে ভূষিত হন। এ উপাধি তানসেনকেও দেয়া হয়নি। তিনি ছিলেন শুধু 'গন্ধর্ব'।

আমীর খসরু 'ইয়েমেন বা ইমন', 'ঘারা,' 'সনম', 'ঘনম', জিলফ্,' 'ফিরুদস্ত,' 'সাজগিরি,' 'মুওয়াফিক্,' 'সরপর্দ' প্রভৃতি প্রায় এক ডজন আরব্য-পারসিক রাগ-রাগিণী এ দেশের সঙ্গীতে আমদানী করেন। তাছাড়া, আমীর খসরু 'যত্', 'আড়া-চৌতাল', 'কাওয়ালী', 'জলদ-ত্রিতাল', 'সওয়ারী', 'খাম্‌সা', 'পাহ্‌লওয়ান', 'সুরফাঁক' প্রভৃতি তাল সমুদয়ও প্রবর্তন করেন। আমীর খসরু সর্বপ্রথম এ উপমহাদেশের সঙ্গীতে 'সেতার' ও 'তবলা বাঁয়া' যন্ত্রের প্রচলন করেন। তিনি বর্তমানকালে প্রচলিত 'খেয়াল' পদ্ধতি ও 'তারানা বা তেলেনা' প্রবর্তন করেন।

সে সময়কার চিশ্‌তীয়া ও সোহ্‌রাওয়ার্দিয়া সুফীগণ সঙ্গীত-বিকাশে বিশেষ সাহায্য করেন। কোনো কোনো ধর্মীয় অনুষ্ঠানে চিশ্‌তীয়া সুফীগণ 'দফ্' সহযোগে 'সামা' সঙ্গীত পরিবেশনের স্বীকৃতি দিয়েছিলেন। কারণ, তাঁরা মনে করতেন এতে মানুষের মনে ধর্মীয় ভাব জাগে। আমীর খসরু হযরত নিযামউদ্দিন আউলিয়ার খানকায় 'সামা'-র মজলিসে যোগদান করতেন। হযরত নিযামউদ্দিন আউলিয়া 'সামা' ও হিন্দী রাগ-সঙ্গীত (বিশেষ করে মুলতানী) অত্যন্ত পছন্দ করতেন। আমীর খসরুর দুই শিষ্য সামাত ও নিয়াজ এ উপমহাদেশে সর্বপ্রথম 'কাওয়ালী' গানের প্রবর্তন করেন। শেখ আলাউদ্দিন লাজুরী হিন্দী সঙ্গীতে দক্ষ ছিলেন। সিকান্দর লোদীর সভাকবি এবং সুফী মৌলানা জামালী সঙ্গীতে বিশেষ পারদর্শী

ছিলেন। লোদী ও শূরী সুলতানদের সমসাময়িক শেখ আলাই সঙ্গীতের মধ্যে নিজেকে সম্পূর্ণভাবে নিমগ্ন করেছিলেন।

মধ্যযুগে আমীর-ওমরাহ্‌র জো-বাদশাহ্‌দের পৃষ্ঠপোষকতার উপর সঙ্গীতের বিকাশ নির্ভর করতো। কাশ্মীরের সুলতান জয়নুল আবেদীন (১৪১৬—'৬৭) সঙ্গীতের একজন পৃষ্ঠপোষক ছিলেন। তাঁর রাজত্বকালে এবং পৃষ্ঠপোষকতায় কল্লিনাথ (মতান্তরে কল্লিনাথ) 'সঙ্গীত রত্নাকর' নামে একখানা সঙ্গীত-গ্রন্থ রচনা করেন।

সুলতান সিকান্দর লোদী (১৪৮৮—১৫১৭) ধর্ম বিষয়ে গোঁড়া হলেও অত্যন্ত সঙ্গীত-প্রিয় ছিলেন। তাঁর চারজন সঙ্গীতজ্ঞ ক্রীতদাস ছিল। এরা চ্যাং, কানুন, বীণা ও তাম্বুর যন্ত্রে বিশেষ পারদর্শী ছিল। তাছাড়া, সিকান্দর লোদী তাঁর মহবতখানায় আরও দশজন সানাইবাদক নিয়োগ করেছিলেন। এদের নিয়ে তিনি সঙ্গীতের জলসা করতেন এবং প্রত্যহ সঙ্গীত শোনার পর ঘুমাতে যেতেন। হোসেনী-কানাড়া (হুসাইন শাহ্ শর্কী আবিষ্কৃত), কেদারা, কল্যাণ, মালী-গৌরা রাগগুলো সুলতান সিকান্দর লোদীর অত্যন্ত প্রিয় ছিল।

শূর-বংশের রাজত্বকালে (১৪৪০—১৫৫৫) বিভিন্ন শাসনকর্তাও সঙ্গীতের পৃষ্ঠপোষকতা করতেন। তার মধ্যে মালোয়ার শেষ রাজা বাজবাহাদুরের নাম উল্লেখযোগ্য। তিনি একজন নিপুণ সঙ্গীতবিদ্ ছিলেন। আবুল ফজলের 'আইন-ই-আকবরী' গ্রন্থে তার প্রমাণ পাওয়া যায়। তিনি সম্রাট আকবরের দরবারে শ্রেষ্ঠ সঙ্গীতজ্ঞদের মধ্যে চতুর্থ স্থান অধিকার করেছিলেন। তাঁর প্রণয়িনী রূপমতীও একজন বিশেষ সঙ্গীত-নিপুণা এবং সঙ্গীত-রচয়িতা ছিলেন। সঙ্গীতে 'বাজখানি' ঢংয়ের প্রবর্তক বাজবাহাদুর।

গুজরাটের সুলতান বাহাদুর শাহ্ (১৫২৬—'৩৭) নিজেই একজন ভালো সঙ্গীতবিদ্ ছিলেন। তিনি নায়ক বৈজু ও নায়ক গোপালের পৃষ্ঠপোষক ছিলেন। নায়ক বৈজু বাহাদুর শাহের নামানুসারে 'বাহাদুরী টোড়ী' রাগ রচনা করেন। তাছাড়া, নিজের নাম যুক্ত করে তৈরী করেন 'নায়কী-কানাড়া', 'নায়কী টোড়ী' ও 'নায়কী মল্লার' রাগ।

আরব্য-পারসিক সঙ্গীত-রীতির সাথে মিলনের ফলে এ উপমহাদেশের সঙ্গীতধারায় যে নবজাগরণের সূত্রপাত হয় তার প্রধান ধারক ও বাহকদের মধ্যে জৌনপুরের শেষ স্বাধীন নবাব সুলতান হুসাইন শাহ্ শর্কী (১৪৫৭—'৮৩) অন্যতম। এ উপমহাদেশের সঙ্গীতে তাঁর দান অপরিসীম। আমীর খসরুর পরই তাঁর নাম অমর হয়ে থাকবে। তিনি বারো প্রকার 'শ্যাম' রাগ—মল্লার-শ্যাম, গৌড়-শ্যাম, ভূপাল-শ্যাম প্রভৃতি রাগ উদ্ভাবন করেন। তাঁর রচিত চার প্রকার টোড়ীর মধ্যে 'জৌনপুরী-টোড়ী' এবং 'হোসেনী-টোড়ী' রাগ দু'টো প্রসিদ্ধ। তিনি আরবী রাগ 'জন্‌গুলাহ্' থেকে 'জঙ্গলা' নামে একটি নতুন রাগ তৈরী করেন। আমীর খসরুর পরেই এ উপমহাদেশে খেয়াল সঙ্গীত-রীতির প্রবর্তকরূপে হুসাইন শাহ্ শর্কীর স্থান।

গোয়ালিয়রের রাজা মানসিংহ তনোয়ার (১৪৮৬-১৫১৬) একজন উদাত্ত কণ্ঠস্বরের অধিকারী দক্ষ সঙ্গীতবিদ্ ছিলেন। তিনি উপমহাদেশের সঙ্গীতকে সম্পূর্ণরূপে আদর্শায়িত করেন। এ কাজ সম্পন্ন করতে যে সঙ্গীতবিদ্‌দের সাহায্য তিনি পেয়েছিলেন তাঁদের মধ্যে তাঁর মুখ্য সভাগায়ক নায়ক মাহ্‌মুদ অন্যতম। মুসলমানগণ প্রবর্তিত অনেক রাগ দৃঢ় প্রথাবদ্ধ ভারতীয় পদ্ধতিতে স্বীকৃত ও গৃহীত হয়েছিলো। এই সংস্কার সাধনের ফলে ভারতীয় সঙ্গীত: উত্তর ভারতীয়, কর্ণাটিক ও মুসলিম এই ত্রিবিধ ধারা-সমন্বিত এক বিশিষ্ট রূপ

ধারণ করে, যার ফলশ্রুতিতে উত্তর-ভারতীয় সঙ্গীতে সার্বজনীনতা দেখা দেয়। এ উপমহাদেশের সঙ্গীতকে আদর্শায়িত করবার জন্য রাজা মানসিংহ যাঁদেরকে নিয়োগ করেছিলেন তাঁরা হচ্ছেন নায়ক বখ্‌সু, নায়ক ভানু নায়ক লেহান ও নায়ক করণ। তাঁরা বহু গবেষণার পর সঙ্গীতের যে ব্যাকরণ বই তৈরী করেন তার নামকরণ করা হয় 'মন-কৌতূহল'। রাজা মানসিংহ হিন্দী ভাষায় বহু ধ্রুপদ রচনা করেন এবং সেগুলোতে সুরারোপ করেন তাঁর সভা-গায়ক নায়ক মাহ্‌মুদ। রাজা মানসিংহ 'স্থায়ী', 'অন্তরা', 'সঞ্চারী' ও 'আভোগ' এ চার-তুক্ বিশিষ্ট ধ্রুপদ পদ্ধতির সৃষ্টি করেন। তাঁর সহধর্মিণী মৃগনয়নীও সঙ্গীতে বিশেষ নিপুণা ছিলেন। রাজার মত রানীর নিজস্ব একটি দরবার ছিল।

মুঘল আমল উপমহাদেশের সঙ্গীতের এক গৌরবময় যুগ। সম্রাট বাবর (১৫২৬-১৫৩০) পানিপথের প্রথম যুদ্ধে জয়লাভ করে দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। তাঁর প্রতিভা ছিল সর্বমুখী। তিনি নিজে বহু কবিতা ও গীত রচনা করেন এবং তাঁরই রাজত্বকালে সঙ্গীত উত্তরোত্তর সমৃদ্ধির পথে এগিয়ে চলে। অবশ্য শূরী সুলতানগণও (১৪৪৫-১৫৫৫) সঙ্গীতের পৃষ্ঠপোষকতায় পেছপা ছিলেন না। তাঁদের দরবারে মহাপাত্র নরহরি, নায়ক ধোন্দে, বাবা রামদাস প্রমুখ বিশিষ্ট সঙ্গীতজ্ঞের আবির্ভাব ঘটে। ঐতিহাসিক বদায়ূনীর মতে ইব্রাহিম খান শূর ও আদিল খান শূর উভয়েই সুদক্ষ সঙ্গীতজ্ঞ ছিলেন। শাহ্‌নওয়াজ খান তাঁর 'মিরাত-ই-আফ্‌তাব-নুমা' গ্রন্থে তা স্বীকার করেছেন।

মুঘল সম্রাট হুমায়ূনও (১৫৩০-'৪০; পুনরায় ১৫৫৫-'৫৬) সঙ্গীত খুব ভালোবাসতেন। সঙ্গীতজ্ঞদের সঙ্গে মেলামেশা তিনি খুব পছন্দ করতেন। হুমায়ূনের দরবারে নায়ক গোপাল সঙ্গীতে শ্রেষ্ঠ আসন অধিকার করেছিলেন।

সম্রাট আকবরের রাজত্বকাল (১৫৫৬--১৬০৬) সঙ্গীতের 'ঐতিহাসিক যুগ'। তাঁর রাজত্বকালে সঙ্গীত চরম উৎকর্ষতা লাভ করে। আকবর নিজে একজন প্রতিভাশালী সঙ্গীতজ্ঞ ছিলেন এবং সঙ্গীতের প্রভূত পৃষ্ঠপোষকতা করে গেছেন। আবুল ফযল রচিত 'আইন-ই-আকবরী' গ্রন্থে ঐ সময়ে প্রচলিত সঙ্গীতের বিশেষ বর্ণনা পাওয়া যায়। আবুল ফযল তাঁর গ্রন্থে আকবরের দরবারের প্রায় ছত্রিশ জন গায়ক ও বাদকের এক সুদীর্ঘ তালিকা দিয়েছেন। মিঞা তানসেনের নাম তাঁদের পুরোধায়। মিঞা তানসেন ছিলেন সম্রাট আকবরের দরবারের সঙ্গীত গুণীজনদের মধ্যে শ্রেষ্ঠ। আকবরের রাজত্বকাল এ উপমহাদেশের সঙ্গীতরীতির সঙ্গে ইরানীয় ও তুরানীয় পদ্ধতির সংমিশ্রণের আর এক ধাপ।

উপমহাদেশের বর্তমান সঙ্গীতের যুগকে 'তানসেনের যুগ' বলা চলে। কারণ, তানসেনের সঙ্গীতই নানা রূপান্তরের মধ্য দিয়ে বর্তমান 'হিন্দুস্থানী সঙ্গীতের' রূপ লাভ করেছে। বিক্রমাদিত্যের আদর্শে সম্রাট আকবর তাঁর দরবারে দেশের গুণীদের নিয়ে যে নবরত্ন সভা স্থাপন করেন তানসেন ছিলেন সে নবরত্নের শ্রেষ্ঠ রত্ন। মিঞা তানসেনের নাম হিন্দুস্থানী সঙ্গীতের ক্ষেত্রে অমর হয়ে আছে। তানসেন সঙ্গীতের এ প্রেরণা লাভ করেছিলেন তাঁর গুরু হরিদাস স্বামীর কাছ থেকে। স্বামী হরিদাস ও মিঞা তানসেন প্রধানত ধ্রুপদ সঙ্গীতে প্রসিদ্ধি লাভ করেছিলেন। তাঁদের সময়ে (হরিদাস স্বামী ও তানসেন) এ উপমহাদেশের সঙ্গীত পূর্ণরূপে বিকাশ লাভ করে। তানসেনের পিতা মুকুন্দরাম পাঁড়েও একজন সুপণ্ডিত ও জনপ্রিয় গায়ক ছিলেন। তানসেন

একাধারে অনুপম গায়ক ও অজস্র গানের রচয়িতা ছিলেন। আমীর খসরুর ন্যায় তিনিও বহু রাগ-রাগিণী সৃষ্টি করে গেছেন। সেগুলোর মধ্যে 'দরবারী কানাড়া' অন্যতম। তাছাড়া, মিঞা কি-মল্লার, মিঞা-কি-সারং, মিঞা-কি-টোড়ী প্রভৃতি রাগগুলোর নাম বিশেষ উল্লেখযোগ্য। আকবরের দরবারের অপরাপর সঙ্গীতজ্ঞদের মধ্যে প্রাধান্য ও শ্রেষ্ঠত্বের হিসেবে দ্বিতীয় ছিলেন 'রামদাসী মল্লার'-এর প্রবর্তক বাবা রামদাস ও মালোয়ারের শেষ স্বাধীন রাজা 'বাজখানি' চংয়ের আবিষ্কর্তা রাজবাহাদুর। আকবরের দরবারের সুবহান খান, শ্রীজান খান, বিচিত্র খান, মিঞা লাল, তান তরঙ্গ খান (তানসেনের পুত্র), মিঞা চাঁদ, নায়ক চরজু, পুরবীন খান (বীণাবাদক), বীরমণ্ডল খান (সুরমণ্ডল বাদক), শিহাব খান বীণকার এবং গায়ক সরোদ খান প্রমুখ সঙ্গীতবিদ্‌গণ ছিলেন গোয়ালিয়র থেকে আগত। তাছাড়া, গোয়ালিয়রের বাইরে থেকে আগত খ্যাতনামা সঙ্গীতজ্ঞদের মধ্যে ছিলেন আগ্রার রঙ্গসেন ও 'সুরদাসী মল্লার'-এর প্রবর্তক সুরদাস (বাবা রামদাসের পুত্র)। যন্ত্রসঙ্গীতে বিদেশীদের ছিল একাধিপত্য। ওস্তাদ দোস্ত (বংশী বাদক), মীর সাঈদ আলী (ঘীচক বাদক), শেখ দেওয়ান ও মীর আব্দুল্লাহ্ (কানুন বাদক), তাশ বেগ (কাবুস বাদক), বাহ্‌রাম খান (ঘীচক বাদক), উস্তা ইউসুফ, সুলতান হাশিম, উস্তা মুহম্মদ হোসেন, উস্তা মুহম্মদ আমীন (তম্বুরবাদক) এবং উস্তা শাহ্ মুহম্মদ (সুরনাই বাদক)-এর নাম উল্লেখযোগ্য। আকবরের দরবারে কণ্ঠসঙ্গীত ছিল দেশজ বা উপমহাদেশে উদ্ভূত। কিন্তু যন্ত্রসঙ্গীতের ক্ষেত্রে ছিল বিদেশী প্রভাব। তাই সেগুলোতে দেশজ অপেক্ষা আরবা-পারসিক প্রাধান্যই অধিক।

সম্রাট জাহাঙ্গীরের রাজত্বকালে (১৬০৫-'২৭) সঙ্গীতের পূর্ব ধারাই বজায় ছিল। তাঁর দরবারের উল্লেখযোগ্য সঙ্গীতবিদ্‌গণ হচ্ছেন— মিঞা লাল খান, হাফিজ নাদ আলী, বিলাস খান (তানসেনের পুত্র), মীর্যা জুলকারনাইন ফরঙ্গী। তাঁরা সবাই ছিলেন ধ্রুপদ শিল্পী। জুলকার-নাইন ছিলেন আকিল খানের শিষ্য। শিল্প ও সাহিত্যের উন্নতির দিক দিয়ে বিবেচনা করলে জাহাঙ্গীরের রাজত্বকাল ছিল আকবরের রাজত্বকালেরই সম্প্রসারণ মাত্র।

সম্রাট শাহ্‌জাহানের শাসনকালে (১৬২৮ - '৫৮) চিত্রকলা ও স্থাপত্যের মত সঙ্গীতও অভূতপূর্ব সৌন্দর্য ও সৌকুমার্য লাভ করেছিলো। শাহ্‌জাহান শিল্পানুরাগী ছিলেন। তাজমহল ও ময়ূর সিংহাসন তার শ্রেষ্ঠ নিদর্শন। তিনি সঙ্গীতেও বিশেষ অনুরাগী ছিলেন। মীর্যা ফকীরুল্লাহর 'রাগ-দর্পণ' গ্রন্থ থেকে জানা যায়, শাহ্‌জাহানের দরবারে প্রায় ত্রিশজন গায়ক ও বাদক ছিলেন। মানসিংহ তনোয়ার তাঁর 'মন-কৌতূহলে' যে সঙ্গীত রীতি-কৌশলের প্রচলন করেন শাহ্‌-জাহানের দরবারের সঙ্গীতজ্ঞগণ সবাই সে সম্বন্ধে অভিজ্ঞ ছিলেন। মানসিংহ প্রবর্তিত 'ধ্রুপদ' ও হুসাইন শাহ্ শর্কী প্রবর্তিত 'খেয়াল' ঐ সময় খুব জনপ্রিয় ছিল। শাহ্‌জাহানের দরবারে সঙ্গীতবিদ্‌দের মধ্যে বর্‌নওয়াবাসী শেখ বহাউদ্দিন, মিঞা দালু, শের মুহম্মদ, মিঞা লাল গুণ-সমুদ্র (বিলাস খানের জামাতা), খুশহাল খান প্রভৃতি ধ্রুপদ-রীতির প্রধান গায়ক ছিলেন। তাছাড়া, দাক্ষিণাত্যের সঙ্গীতজ্ঞ ও শ্রেষ্ঠ গান রচয়িতা জগন্নাথ মহাকবি রায়, গুণ সেন (নায়ক-ই-আফজল উপাধি প্রাপ্ত), রঙ্গ খান, মুহিব খান, গুজরাতী, বসন্তী কলাবন্ত, বাজীদ খান, হামীর সেন, সুবল সেন, মিছ্‌রী খান ও গুণ খান প্রমুখ গায়ক এবং বাদকগণও শাহ্‌জাহানের দরবার অলঙ্কৃত করেছিলেন। শাহ্‌জাহানের দরবারে রাজা ইদসিং গৌর এবং খড়গপুরের রাজা রামশাহ্ নামক দু'জন খেয়াল গায়কও ছিলেন। এঁরা আমীর খসরু ও হুসাইন শাহ্ শর্কী প্রবর্তিত সঙ্গীত-রীতিতে সুপণ্ডিত ছিলেন। মুঘল বংশীয় মুহম্মদ বাকী ও হিরাতের মীর ইমাদ একমাত্র বিদেশী গোষ্ঠির

সঙ্গীতজ্ঞ ছিলেন। শাহ্‌জাহানের দরবারের সঙ্গীত শিল্পীদের অধিকাংশই ধ্রুপদ ও কওল (কাওয়ালী) গায়ক ছিলেন।

আওরঙ্গজেবের রাজত্বকালে (১৬৫৮-১৭০৭) মীর্যা মুহম্মদের পুত্র মীর আহ্‌মদের 'নঘমতুল-ইস্‌রার' ও শের মুহম্মদ খানের 'মিরাতুল খেয়াল' গ্রন্থ রচিত হয়। শাহ্‌জাহানের আমলে খেয়াল গায়কের সংখ্যাল্পতা আওরঙ্গজেবের আমলে বৃদ্ধি পায়।

বাহাদুর শাহ্ (১৭০৭-'১২) একজন সঙ্গীত-পিপাসু সম্রাট ছিলেন। তাঁর দরবারে বহু পণ্ডিত, গুণী ও সঙ্গীতজ্ঞের সমাবেশ হয়েছিলো। তিনি সঙ্গীত এত ভালোবাসতেন যে রাতভর সঙ্গীত শুনে দিনের অর্ধেক সময় ঘুমিয়ে কাটাতেন। সেজন্য বাহাদুর শাহ্‌কে 'শাহ্-ই-বেখবর' বলা হতো। তাঁর আমলে নরমুল খানের পুত্র নিয়ামত খান (সদারঙ্গ) নিয়াজ কাওয়াল ও লাল বাঙ্গালীর সহযোগিতায় বহু খেয়াল, ধ্রুপদ ও হোরি গান (হোলি উৎসবে গীত এক প্রকার গান) রচনা করেন।

বাহাদুর শাহের পৌত্র মুহম্মদ শাহের আমলে (১৭১৯-'৪৮) সঙ্গীত যথেষ্ট পরিমাণে বিকাশ লাভ করে। মুহম্মদ শাহ্ স্বয়ং একজন দক্ষ সঙ্গীতজ্ঞ ছিলেন। তাঁর কাব্যিক নাম ছিল 'সদারঙ্গিলা' বা চির-প্রফুল্ল। মুহম্মদ শাহের আমলেও নিয়ামত খান বহু সংখ্যক খেয়াল, হোরি প্রভৃতি গান রচনা করে তাতে সুর সংযোজনা করেন। মুহম্মদ শাহের রাজত্ব খেয়ালের পূর্ণ বিকাশের কাল। সে সময়ই খেয়াল খুব মনোজ্ঞ এবং জনপ্রিয় অথচ বিজ্ঞানসম্মত সঙ্গীতের রূপ ধারণ করে। খেয়ালের জনপ্রিয়তার সবটুকু কৃতিত্বই নিয়ামত খানের প্রাপ্য। মুহম্মদ শাহ্ নিয়ামত খানকে 'সদারঙ্গ' উপাধিতে ভূষিত করেন। শাহের দরবারের অপর দু'জন শ্রেষ্ঠ খেয়াল গায়ক হলেন শেখ মঈনুদ্দিন (শের মুহম্মদ খানের পৌত্র) এবং নিয়ামত খানের শিষ্য ও জামাতা ফিরোজ খান। ফিরোজ খান সঙ্গীত-পারদর্শিতায় গুরুকে ছাড়িয়ে যান। তিনি বহু ধ্রুপদ, খেয়াল, তারানা প্রভৃতি রচনা করেন। সম্রাট মুহম্মদ শাহ্ সঙ্গীত-পারদর্শিতার জন্য ফিরোজ খানকে 'অদারঙ্গ' উপাধিতে সম্মানিত করেন। খেয়াল সঙ্গীতে মুহম্মদ শাহের ছাপ এতই সুস্পষ্ট এবং অনস্বীকার্য যে, আজ পর্যন্ত উচ্চমানের খেয়ালে শতকরা ষাট ভাগ মুহম্মদ শাহ্ ও সদারঙ্গ নামাঙ্কিত।

দিল্লীর কেন্দ্রীয় শাসনের অবনতির যুগে সঙ্গীত শিল্পীরা আশ্রয় নেন সামন্ত-নৃপতিদের দরবারে। ঐ সময়ে লক্ষ্ণৌ, রামপুর, পুণা, ইন্দোর, গোয়ালিয়র প্রভৃতি রাজদরবারে সঙ্গীত চর্চা বৃদ্ধি পায়। মুঘল বাদশাহদের দরবারের সঙ্গীতজ্ঞদের দ্বারাই দক্ষিণ-পশ্চিম-ভারতে এবং উত্তর-ভারতে সঙ্গীত প্রসার লাভ করে।

১৮৫৭ সালে লক্ষ্ণৌ এবং রামপুরে উত্তর-ভারতীয় সঙ্গীত প্রাধান্য বিস্তার করে এবং লক্ষ্ণৌর নবাব ওয়াজির আলীর শাসন পরিচালনাকালে এ সঙ্গীত দ্রুত উন্নতি লাভ করে। লক্ষ্ণৌ-দরবারে থাকাকালে পাটনার রাজা খান ১৮১৩ খ্রীস্টাব্দে অযোধ্যার নবাব আসাফুদ্দৌলার পৃষ্ঠপোষকতায় নবাবের নামানুসারে বৈজ্ঞানিক ভিত্তিতে 'নাগমত-ই-আসিফী' নামে একটি সঙ্গীত-গ্রন্থ রচনা করেন। গ্রন্থকার অক্লান্ত পরিশ্রম ও গবেষণা দ্বারা সাতটি স্বরের শুদ্ধতা নির্ণয় করে শুদ্ধ স্বর-সপ্তকের 'বিলাবল ঠাট' আবিষ্কার করেন। পরে বিলাবলকে ভিত্তি করে বিকৃত স্বরযুক্ত আরও নয়টি ঠাট সৃষ্টি করে সঙ্গীতে এক নতুন যুগ আনয়ন করেন। রাজা খান উত্তর-ভারতীয় রাগগুলোকে এ ঠাট পদ্ধতি দ্বারা এমনভাবে বিভক্ত করেন যাতে বিশুদ্ধ রূপে রাগের বিচার

করা সম্ভব হয়। এ গ্রন্থে গ্রন্থকার যাবতীয় রাগ-রাগিণীকে মোট দশটি ঠাটের অন্তর্গত করেন। পণ্ডিত বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডে এ সিদ্ধান্তগুলোকে সমর্থন করে উপমহাদেশীয় সঙ্গীতকে বৈজ্ঞানিক রূপ দান এবং তার বহুল প্রচার করেন। ফলে, ভাতখণ্ডে সঙ্গীত সমাজে হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি মতে প্রচলিত দশটি ঠাটের প্রবর্তকরূপে পরিচিত।

ঊনবিংশ শতাব্দীতে ধ্রুপদ ও খেয়ালের পাশাপাশি বিভিন্ন প্রকার হাল্‌কা গানের সৃষ্টি হয়। সেসব গানের মধ্যে লক্ষ্ণৌর 'ঠুমরী' ও পাঞ্জাবের 'টপ্পা' উল্লেখযোগ্য। এসব গান প্রসিদ্ধি লাভ করে লক্ষ্ণৌর-দরবারে। অনেকের মতে ভাই সাহেব গণপত রাও এবং মৈজুদ্দিন খানই ঠুমরীর স্রষ্টা।

সারা ঊনবিংশ শতাব্দীকেই উপমহাদেশীয় সঙ্গীতের অবনতির যুগ বলা চলে। এই অবনতির অন্যতম কারণ বিশুদ্ধ স্বরলিপির অভাব। এই পূরণ করবার জন্য ঐ শতাব্দীর শেষের দিকে পণ্ডিত ভাতখণ্ডে, বিষ্ণুদিগম্বর পুলশ্‌কর ও কোলকাতার মহারাজা স্যার সৌরেন্দ্র মোহন ঠাকুর প্রমুখ গুণীগণ প্রয়াস চালান। তাঁদের উদ্ভাবিত স্বরলিপি লিখন পদ্ধতি দ্বারা লুপ্ত প্রায় সঙ্গীত পুনরুদ্ধার করা হয়।

সবশেষে, ইউরোপীয়দের আগমনের পূর্ব পর্যন্ত সঙ্গীতের ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় যে মুসলমানগণ বিজেতারূপে এ উপমহাদেশে এলেও মুসলমানদের প্রভাবে এদেশের সঙ্গীত এক নতুন রূপ লাভ করে। তারা সঙ্গীতে সৌকুমার্য ও শোভনতা দান করেন এবং নতুন রাগ-রাগিণীর সংযোগে রাগ-রাগণীর সংখ্যাধিক্য ঘটান। উপমহাদেশীয় সঙ্গীতে মুসলমানদের প্রভাব এক নতুন অধ্যায়ের সূচনা করে। মুসলমানদের এ দান উপমহাদেশীয় সঙ্গীতের ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে।

দ্বিতীয় অধ্যায়

শাস্ত্রীয় বিভাগ

শাস্ত্রের প্রয়োজনীয়তা ঃ ব্যাকরণ সম্বন্ধে জ্ঞান লাভ না হওয়া পর্যন্ত যেমন কোনো ভাষা ও সাহিত্য সম্বন্ধে পূর্ণ জ্ঞান লাভ করা যায় না তেমনি সঙ্গীতেরও প্রত্যক্ষ-ক্রিয়ার (Practical) জন্য শাস্ত্রীয় জ্ঞান লাভ করা একান্ত আবশ্যক। সঙ্গীতের প্রত্যক্ষ-ক্রিয়াকে নিয়ম ও শৃঙ্খলায় সীমাবদ্ধ করে রাখার জন্যই সঙ্গীত-শাস্ত্রের (Theory of music) উৎপত্তি। নিয়ম এবং শৃঙ্খলাই শাস্ত্রীয় সঙ্গীতের শুদ্ধতাকে বজায় রেখে শিক্ষার্থীগণকে নির্দিষ্ট পথে চলার নির্দেশ দেয়। শাস্ত্রই সঙ্গীতের প্রত্যক্ষ-ক্রিয়াকে বাঁচিয়ে রাখে। শাস্ত্র ব্যতীত সঙ্গীতের প্রত্যক্ষ-ক্রিয়া সম্বন্ধে জ্ঞান লাভ করা যায় না। যেহেতু সঙ্গীত-শাস্ত্র সঙ্গীতের প্রত্যক্ষ-ক্রিয়ার উপরই সম্পূর্ণরূপে অবলম্বিত, সেহেতু শিক্ষার্থীদের সঙ্গীত সাধনার শুরুতেই অন্ততঃ মোটামুটি শাস্ত্রীয় জ্ঞান লাভ করা বিশেষ প্রয়োজন।

সঙ্গীত ঃ গীত (কণ্ঠসঙ্গীত), বাদ্য (যন্ত্রসঙ্গীত) ও নৃত্য—এ তিনের সমষ্টিকেই **সঙ্গীত** বলা হয়। এ তিনটির মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক থাকার দরুন শাস্ত্রকারদের মতে এর প্রতিটিই সঙ্গীতের অন্তর্গত।

কণ্ঠ সঙ্গীত ঃ কণ্ঠে পরিবেশিত সঙ্গীতকেই **কণ্ঠ সঙ্গীত** বলা হয়। সঙ্গীত প্রাকৃতিক গুণযুক্ত এবং এর পূর্ণ বিকাশের জন্য কোনো প্রকার বাদ্যযন্ত্র অথবা নৃত্যাদির সাহায্যের উপর নির্ভর করতে হয় না।

যন্ত্র সঙ্গীত ঃ বাদ্যযন্ত্রে পরিবেশিত সঙ্গীতকেই **যন্ত্র সঙ্গীত** বলা হয়। যন্ত্র সঙ্গীত কণ্ঠ-সঙ্গীতের উপর নির্ভরশীল। যন্ত্র সঙ্গীতে পূর্ণ জ্ঞান লাভ করতে হলে কণ্ঠসঙ্গীত জানা নিতান্ত প্রয়োজন। কণ্ঠসঙ্গীতের সাধনায় স্বর-স্থান নিশ্চিত হয় ও রাগ সম্বন্ধে জ্ঞান বৃদ্ধি পায়। নিঃসঙ্কোচে নিয়মিতভাবে আলাপ করে যন্ত্র সঙ্গীতকে মাধুর্যপূর্ণ করে তোলা সম্ভব হয় একমাত্র কণ্ঠসঙ্গীতের মাধ্যমে।

নৃত্য ঃ হাব, ভাব ও অঙ্গ-ভঙ্গী দ্বারা মনের ভাব প্রকাশ করাকেই **নৃত্য** বলা হয়। কণ্ঠ ও যন্ত্র সঙ্গীত নৃত্যের প্রধান সহায়ক। কণ্ঠ বা যন্ত্রসঙ্গীতের সাহায্য ব্যতীত নৃত্য পূর্ণরূপে বিকাশ লাভ করতে পারে না। কোনো কোনো নৃত্য কণ্ঠসঙ্গীতের সাহায্য ব্যতীতও সম্পন্ন হয়ে থাকে। কিন্তু যন্ত্র সঙ্গীত ব্যতীত কোনো নৃত্যই সুচারুরূপে সম্পাদিত হতে পারে না।

অতি প্রাচীনকাল থেকেই প্রচলিত সঙ্গীত দু'ভাগে বিভক্ত। যথা—**মার্গ সঙ্গীত** ও **দেশী সঙ্গীত**।

মার্গ সঙ্গীত ঃ প্রাচীনকালে মুনি-ঋষিগণ আত্মজ্ঞান লাভ করবার জন্য যে সঙ্গীতের সাধনা করতেন তাকেই **মার্গ সঙ্গীত** বলা হতো। এ সঙ্গীত কেবল সাধক এবং ভক্তদের মধ্যেই সীমাবদ্ধ ছিল বলে সর্বসাধারণের মধ্যে প্রচার লাভ করতে পারেনি।

দেশী সঙ্গীত ঃ উপমহাদেশের বিভিন্ন প্রদেশে সর্বসাধারণের মধ্যে যে সঙ্গীত প্রচলিত তাকেই দেশী সঙ্গীত বলা হয়। দেশী সঙ্গীত দু'ভাগে বিভক্ত। যথা—হিন্দুস্থানী সঙ্গীত ও কর্ণাটিক সঙ্গীত।

হিন্দুস্থানী সঙ্গীত ঃ ভারতের উত্তর ভাগে প্রচলিত সঙ্গীতকে হিন্দুস্থানী সঙ্গীত বলা হয়।

কর্ণাটিক সঙ্গীত ঃ ভারতের দক্ষিণ ভাগে প্রচলিত সঙ্গীতকে কর্ণাটিক সঙ্গীত বলা হয়।

নাদ ঃ শব্দ (Sound) বা ধ্বনিকেই নাদ বলা হয়। সঙ্গীতের সম্পর্ক শব্দ অথবা ধ্বনির সঙ্গে এবং শব্দের বিশিষ্ট গঠন থেকেই সঙ্গীতের সৃষ্টি।

শব্দ (Sound) দু'প্রকার--সঙ্গীতোপযোগী ও সঙ্গীতানুপযোগী। সঙ্গীতোপযোগী শব্দকেই সঙ্গীত শাস্ত্রকারগণ নাদ নামে অভিহিত করেছেন।

সঙ্গীতোপযোগী নাদ ঃ যে শব্দের (Sound) আন্দোলন (Vibration) নিয়মিত (Regular), সম-সময়ান্তরিক (Periodic) এবং স্থায়ী (Constant) তা শ্রুতিমধুর ও চিত্তাকর্ষক। এ প্রকার শব্দের সঙ্গে মানুষের কণ্ঠস্বর মেলানো যায় বলে তাকে সঙ্গীতোপযোগী নাদ (Musical Sound) বলা হয়। আর যে শব্দের আন্দোলন অনিয়মিত (Irregular), অসম-সময়ান্তরিক (Non-periodic) এবং অস্থায়ী (Temporary) তা কর্কশ ও শ্রুতিকটু। এ প্রকার শব্দের সঙ্গে মানুষের কণ্ঠস্বর মেলানো যায় না বলে তাকে বেসুরা (Discordant) এবং কোলাহল (Noise) বলা হয়।

সঙ্গীতোপযোগী নাদের তিনটি অবস্থা ঃ (১) নাদের উঁচু-নীচুতা (Pitch of the sound), (২) নাদের তীব্রতা (The intensity or the strength of the sound) এবং (৩) নাদের জাতি অথবা গুণ (The character of the sound)।

নাদের উঁচু-নীচুতা ঃ নাদের উঁচু-নীচুতা নির্ভর করে বাতাসের আন্দোলন সংখ্যার পরিমাণের উপর। বাতাসের অধিক আন্দোলনে শব্দ উঁচু এবং কম আন্দোলনে নীচু হয়। অর্থাৎ প্রতি সেকেণ্ডে উৎপন্ন আন্দোলন সংখ্যা বেশী হলে উঁচু শব্দ এবং কম হলে নীচু শব্দ হয়। নাদের উঁচু-নীচুতার সীমা, আন্দোলনের গতি এবং সংখ্যার উপর নির্ভর করে।

নাদের তীব্রতা ঃ নাদের তীব্রতা নির্ভর করে বাতাসে উৎপন্ন আন্দোলনের বিস্তারের উপর। যেমন, কোনো শব্দ জোরে উচ্চারণ করলে তা বহুদূর পর্যন্ত বিস্তার লাভ করে, আবার, আস্তে উচ্চারণ করলে তা অতি নিকটেই বিলীন হয়ে যায়। অর্থাৎ নাদের উচ্চারণ জোরে হলে তার আন্দোলন বাতাসে কিছুটা সময় পর্যন্ত বিস্তৃত থাকে বলে দূর থেকেও তা শোনা যায়। আবার, এ শব্দকেই আস্তে উচ্চারণ করলে তা দূর থেকে শোনা যায় না। কারণ, শব্দের উচ্চারণ আস্তে হওয়ার দরুন বাতাসে তার স্থায়ীত্ব কম হয়।

নাদের জাতি বা গুণ ঃ নাদের জাতি অথবা গুণের সম্পর্ক তার উৎপত্তি স্থানের সঙ্গে। সঙ্গীতোপযোগী নাদের উৎপত্তি মানুষের কণ্ঠস্বর, পশু-পক্ষীর আওয়াজ এবং বাদ্যযন্ত্রের ধ্বনি থেকে। ধ্বনির মধ্যে বৈশিষ্ট্য আছে যা শুনেই চেনা যায়। প্রত্যেক প্রাণীর শব্দের মধ্যে পার্থক্য আছে। সেরূপ বাদ্যযন্ত্র থেকে উৎপন্ন শব্দের মধ্যেও পার্থক্য পাওয়া যায়। যেমন—বেহালা থেকে উৎপন্ন শব্দ বাঁশী থেকে উৎপন্ন শব্দের চাইতে সম্পূর্ণ পৃথক। নাদের প্রকৃতি এক হওয়া সত্ত্বেও ভিন্ন অনুভূত হওয়ার কারণকে নাদের জাতি বা গুণ বলা হয়।

নাদ থেকে শ্রুতি, শ্রুতি থেকে স্বর (শুদ্ধ ও বিকৃত), স্বর থেকে সপ্তক, সপ্তক থেকে জনক মেল বা ঠাট এবং ঠাট থেকে রাগের উৎপত্তি। নিম্নাঙ্কিত চিত্রে নাদ থেকে রাগের (বর্তমানে প্রচলিত) উৎপত্তিক্রম দেখানো হলো ঃ—



শ্রুতি ঃ সঙ্গীতোপযোগী নাদের সূক্ষ্মাতিসূক্ষ্ম রূপকেই শাস্ত্রকারগণ শ্রুতি নামে অভিহিত করেছেন। অর্থাৎ যে নাদ সঙ্গীতের উপযোগী এবং প্রত্যক্ষ-ক্রিয়ায় শুনে অতি সহজে অনুভব করে নিশ্চিতরূপে চেনা যায় তাকেই শ্রুতি বলা হয়। শ্রুতির প্রয়োগে রাগের রূপ স্পষ্ট হয় এবং সৌন্দর্য বৃদ্ধি পায়। শাস্ত্রমতে শ্রুতি বাইশ প্রকার। যথা—তীব্রা, কুমুদ্বতী, মন্দা, ছন্দোবতী, দয়াবতী, রঞ্জনী, রতিকা, রৌদ্রী, ক্রোধী, বজ্রিকা, প্রসারিণী, প্রীতি, মার্জনী, ক্ষিতী, রক্তা, সন্দীপিনী, আলাপিনী, মদন্তী, রোহিণী, রম্যা, উগ্রা, ও ক্ষোভিণী।

স্বর ঃ শ্রুতি থেকেই স্বরের উৎপত্তি। দুই বা ততোধিক শ্রুতির সংমিশ্রণে যে ধ্বনির সৃষ্টি হয় তা শ্রুতির তুলনায় দীর্ঘকাল স্থায়ী, স্নিগ্ধ এবং মনোরঞ্জক বলে এরূপ ধ্বনি বিশেষকেই স্বর বলা হয়। কোনো স্বরের উচ্চারণ করা মাত্রই তার অন্তর্গত শ্রুতির অস্তিত্ব প্রমাণিত হয়। কিন্তু শ্রুতি থেকে স্বর-বোধ হয় না। যেহেতু শ্রুতি স্বরেরই অংশ সেহেতু সম্পূর্ণ রূপে স্বর-বোধ না হওয়া পর্যন্ত শ্রুতি-বোধ হওয়া সম্ভব নয়। তাই, প্রথমে শিক্ষার্থীদের জন্য

স্বরই প্রধান, কিন্তু উচ্চশিক্ষার্থীদের বেলায় শ্রুতি-বোধ অপরিহার্য। কারণ, উচ্চাঙ্গ সঙ্গীতের জন্য এ শ্রুতিই রাগকে স্পষ্টরূপে প্রতীয়মান করার অন্যতম উপায়।

স্বর সাত প্রকার। যথা—খরজ বা ষড়জ, ঋষভ বা রেখাব, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত ও নিষাদ বা নিখাদ। ষড়জ, মধ্যম ও পঞ্চম এ তিনটি স্বরের অন্তর্গত চারটি করে বারোটি শ্রুতি। রেখাব ও ধৈবতের অন্তর্গত তিনটি করে ছয়টি এবং গান্ধার ও নিখাদের অন্তর্গত দু'টো করে চারটি শ্রুতি।

সপ্ত স্বরের সংক্ষিপ্ত নাম ঃ খরজ বা ষড়জ—সা, রেখাব বা ঋষভ—রে, গান্ধার—গা, মধ্যম—মা, পঞ্চম—পা, ধৈবত—ধা এবং নিষাদ বা নিখাদ—নি। সা, রে, গা, মা, পা, ধা, ও নি এই মূল সাতটি স্বর আকার, একার এবং ইকার বর্জিত হয়ে লেখা হয়। যেমন—স, র, গ, ম, প, ধ, ন এবং উচ্চারণকালে আকার, একার ইত্যাদি যুক্ত হয়ে উচ্চারিত হয়।

শ্রুতি ও স্বরের পার্থক্য ঃ প্রকৃতপক্ষে শ্রুতি ও স্বর পৃথক জিনিস নয়, বরং একই বস্তুর দু'টো ভিন্ন রূপ। শ্রুতি অংশ এবং স্বর পূর্ণ। শ্রুতি ক্ষণস্থায়ী কিন্তু স্বর দীর্ঘস্থায়ী। বায়ুমণ্ডলের মৃদু আন্দোলনেই শ্রুতির উৎপত্তি হয়। কিন্তু অধিক আন্দোলন ব্যতীত স্বরের উৎপত্তি সম্ভব নয়।

অচল স্বর ঃ সপ্ত স্বরের মধ্যে ষড়জ এবং পঞ্চমকে অচল স্বর বলা হয়। কারণ এ স্বর দু'টো স্বীয় নির্দিষ্ট স্থানে স্থির। সপ্ত স্বরের মধ্যে ষড়জ প্রথম স্বর। সুতরাং সে আপন স্থান ত্যাগ করতে পারে না। সেরূপ পঞ্চমও উত্তরাঙ্গের প্রথম স্বর বলে স্থানচ্যুত হতে পারে না।

শুদ্ধ ও বিকৃত স্বর ঃ সপ্ত স্বরের ষড়জ ও পঞ্চম ব্যতীত অন্যান্য পাঁচটি স্বরের দু'টো করে রূপ আছে, সেগুলোকে শুদ্ধ এবং বিকৃত বলা হয়।

শুদ্ধ স্বর ঃ রে, গা, মা, ধা ও নি এ পাঁচটি স্বর যখন নির্দিষ্ট স্থানে অবস্থান করে তখন তাদেরকে শুদ্ধ স্বর বলা হয়।

কোমল স্বর ঃ রে, গা, ধা, ও নি এ চারটি স্বর যখন পশ্চাতে সরে আসে তখন তাদেরকে কোমল স্বর বলা হয়। সব কোমল স্বরই দু'টো শুদ্ধ স্বরের মধ্যস্থল থেকে নিরূপিত হয়। যেমন, কোমল রেখাবের স্থান হচ্ছে ষড়জ এবং শুদ্ধ রেখাবের মধ্যস্থলে।

তীব্র স্বর ঃ শুদ্ধ মধ্যম অগ্রগামী হয়ে যখন আপন নির্দিষ্ট স্থান ও পঞ্চমের মধ্যস্থলে অবস্থান করে তখন তাকে তীব্র বা কড়ি মধ্যম বলা হয়। সপ্ত স্বরের মধ্যে সর্বসম্মতিক্রমে একমাত্র মধ্যমই তীব্র হয়ে থাকে।

বিকৃত স্বরের সাঙ্কেতিক পরিচয় ঃ রে, গা, ধা ও নি এ চারটি স্বরের কোমল অবস্থাকে স্বরবর্ণের 'ঋ' এবং ব্যঞ্জনবর্ণের 'ত', 'দ' ও 'ণ' এই বর্ণগুলো দ্বারা বোঝানো হয়। কড়ি মধ্যমকে বোঝানো হয় ব্যঞ্জনবর্ণের 'ম্ম' বর্ণ দ্বারা।

সপ্তকের অন্তর্গত বাইশ শ্রুতি ও দ্বাদশ স্বরের অবস্থানক্রম ঃ

শ্রুতি সংখ্যা	শ্রুতির নাম	স্বরের নাম
১	তীব্রা	শুদ্ধ - - - - - - - - - - - - - - - স (অচল)
২	কুমুদ্বতী	- - - - - - - - - - - - - - - - - - - -
৩	মন্দা	কোমল - - - - - - - - - - - - - - - - ঋ
৪	ছন্দোবতী	- - - - - - - - - - - - - - - - - - - -
৫	দয়াবতী	শুদ্ধ - - - - - - - - - - - - - - - - র
৬	রঞ্জনী	- - - - - - - - - - - - - - - - - - - -
৭	রক্তিকা	কোমল - - - - - - - - - - - - - - - - জ্ঞ
৮	রৌদ্রী	শুদ্ধ - - - - - - - - - - - - - - - - গ
৯	ক্রোধী	- - - - - - - - - - - - - - - - - - - -
১০	বজ্রিকা	শুদ্ধ - - - - - - - - - - - - - - - - ম
১১	প্রসারিণী	- - - - - - - - - - - - - - - - - - - -
১২	প্রীতি	কড়ি - - - - - - - - - - - - - - - - ক্ষ
১৩	মার্জনী	- - - - - - - - - - - - - - - - - - - -
১৪	ক্ষিতি	শুদ্ধ - - - - - - - - - - - - - - - - প (অচল)
১৫	রক্তা	- - - - - - - - - - - - - - - - - - - -
১৬	সন্দীপিনী	কোমল - - - - - - - - - - - - - - - - দ
১৭	আলাপিনী	- - - - - - - - - - - - - - - - - - - -
১৮	মদন্তী	শুদ্ধ - - - - - - - - - - - - - - - - ধ
১৯	রোহিণী	- - - - - - - - - - - - - - - - - - - -
২০	রম্যা	কোমল - - - - - - - - - - - - - - - - ণ
২১	উগ্রা	শুদ্ধ - - - - - - - - - - - - - - - - ন
২২	ক্ষোভিণী	- - - - - - - - - - - - - - - - - - - -

সপ্তক ঃ এক সপ্তকে মোট বারোটি স্বর থাকে। তার মধ্যে সাতটি শুদ্ধ ও পাঁচটি বিকৃত স্বর। যেমন—স, ঋ, র, জ্ঞ, গ, ম, ক্ষ, প, দ, ধ, ণ, এবং ন। সপ্তকের দু'টো মুখ্য ভাগ আছে। সেগুলোকে যথাক্রমে পূর্বাঙ্গ ও উত্তরাঙ্গ বলা হয়।

পূর্বাঙ্গ ও উত্তরাঙ্গ ঃ সপ্তকের প্রথম ভাগকে পূর্বাঙ্গ এবং দ্বিতীয় ভাগকে উত্তরাঙ্গ বলা হয়। অর্থাৎ স ঋ র জ্ঞ গ ম পূর্বাঙ্গ এবং ক্ষ প দ ধ ণ ন উত্তরাঙ্গ।

সপ্তকের স্থান ঃ সপ্তকের তিনটি স্থান। এ স্থান তিনটি যথাক্রমে মন্দ্র, মধ্য ও তার স্থান নামে অভিহিত।

মানুষের স্বাভাবিক স্বর থেকে যে স্বর নীচু হয় তাকে মন্দ্র স্বর, স্বাভাবিক স্বরকে মধ্য স্বর এবং উঁচু স্বরকে তার স্বর বলা হয়। শাস্ত্রকারদের মতে, যে স্বর মানুষের হৃদয়, কণ্ঠ ও মস্তিষ্ক থেকে উৎপন্ন হয় সেগুলোই যথাক্রমে মন্দ্র, মধ্য ও তার স্বর রূপে পরিচিত। এই স্বরগুলোর পরস্পর সম্বন্ধ দ্বিগুণ অর্থাৎ মন্দ্র স্থানের স্বর মধ্য স্থানের স্বরের দ্বিগুণ। তার স্থানের স্বর মন্দ্র স্থানের স্বরের চতুর্গুণ।

মন্দ্র, মধ্য ও তার স্বরের সাঙ্কেতিক চিহ্ন ঃ যেসব স্বরেরনীচে 'হসন্ত' দেয়া হয় সেগুলোকে মন্দ্র সপ্তকের স্বর বোঝায়। চিহ্নবিহীন স্বরগুলোকে মধ্য সপ্তকের স্বর এবং যে স্বরের উপরে 'রেফ' দেয়া হয় সেগুলোকে তার সপ্তকের স্বর বোঝায়। যেমন :—

(উদারা) মন্দ্র সপ্তকের স্বর—স্ র্ গ্ ম্ প্ ধ্ ন্
(মুদারা) মধ্য সপ্তকের স্বর—স র গ ম প ধ ন
(তারা) তার সপ্তকের স্বর—র্স র্র র্গ র্ম র্প র্ধ র্ন

মন্দ্র, মধ্য ও তার সপ্তককে যথাক্রমে উদারা, মুদারা এবং তারা সপ্তকও বলা হয়।

মেল বা ঠাট ঃ শাস্ত্রমতে স্বর থেকেই মেল বা ঠাটের উৎপত্তি। শুদ্ধ অথবা বিকৃত অবস্থায় সপ্ত স্বরের ক্রম সমাবেশকে মেল বা ঠাট (Scale) বলা হয়। যেমন :—

(ক) — স র গ ম প ধ ণ
(খ) — স র গ ক্ষ প ধ ন
(গ) — স ঋ গ ম প দ ন ইত্যাদি।

উপরে উল্লেখিত ক, খ এবং এবং গ উদাহরণের প্রতিটিই এক একটি ঠাট রূপে পরিচিত।

ঠাট রচনা পদ্ধতি ঃ (১) প্রত্যেক ঠাটেই সপ্তকের অন্তর্গত দ্বাদশ স্বর থেকে ক্রমানুসারে সাতটি স্বর হওয়া উচিত; (২) একই স্বরের উভয় রূপ (যেমন—ঋর, জ্ঞগ, মক্ষ, দধ এবং ণন) প্রয়োগ করা যেতে পারে; ও (৩) ঠাটে ব্যবহৃত স্বরগুলোর আরোহণ বা অবরোহণের প্রয়োজন হয় না।

এ নিয়মগুলোর উপর ভিত্তি করেই দক্ষিণ ভারতের প্রখ্যাত সঙ্গীতাচার্য পণ্ডিত ব্যাঙ্কটমুখী সর্বপ্রথম সপ্তকের অন্তর্গত দ্বাদশ স্বর থেকে বাহাত্তরটি ঠাট রচনা করেন।

ঠাট রচনাক্রম ও ঠাট সংখ্যা

সপ্তকের অন্তর্গত স ঋ র জ্ঞ গ ম ক্ষ প দ ধ ণ ন এই বারোটি স্বরকে সমান দু'ভাগে ভাগ করা হলো। যেমন, (ক)—স ঋ র জ্ঞ গ ম এবং (খ)—ক্ষ প দ ধ ণ ন।

প্রথমটির নাম পূর্বভাগ এবং দ্বিতীয়টির নাম উত্তরভাগ।

বুঝবার সুবিধা, স্বর সংখ্যা ও পংক্তি পূরণের জন্য 'কড়ি মা'-কে বাদ দিয়ে 'তার সাঁ'-কে যোগ করা হলো। যেমন ঃ—

পূর্বভাগ	উত্তরভাগ
স ঋ র জ্ঞ গ ম	প দ ধ ণ ন র্সং

এখন পূর্বভাগের 'সা' এবং উত্তরভাগের তার 'র্সাঁ'-কে নিজস্ব স্থানে রেখে যদি ক্রমানুসারে স্বরগুলোর মিশ্রণ করা যায় তাহলে নিম্নে উদ্ধৃত ছয় প্রকার ভিন্ন ভিন্ন স্বর-রচনা পাওয়া যাবে। যেমন ঃ—

	পূর্বভাগ				উত্তরভাগ			
১—	স	ঋ	র	ম	প	দ	ধ	র্সং
২—	স	ঋ	জ্ঞ	ম	প	দ	ণ	র্সং
৩—	স	ঋ	গ	ম	প	দ	ন	র্সং
৪—	স	র	জ্ঞ	ম	প	ধ	ণ	র্সং
৫—	স	র	গ	ম	প	ধ	ন	র্সং
৬—	স	জ্ঞ	গ	ম	প	ণ	ন	র্সং

এখন পূর্বভাগের প্রথম অংশের অর্থাৎ স ঋ র ম, স ঋ জ্ঞ ম ইত্যাদির সঙ্গে উত্তরভাগের ছ'টি অংশ প্রত্যেক বার (বার হিসেবে) ক্রমানুসারে নিম্নে উদ্ধৃত উপায়ে যোগ করলে সপ্তকের অন্তর্গত দ্বাদশ স্বর থেকে ৩৬ প্রকার স্বর-রচনা পাওয়া যাবে। যেমন ঃ—

১)	স	ঋ	র	ম	প	দ	ধ	র্সং
২)	স	ঋ	র	ম	প	দ	ণ	র্সং
৩)	স	ঋ	র	ম	প	দ	ন	র্সং
৪)	স	ঋ	র	ম	প	ধ	ণ	র্সং
৫)	স	ঋ	র	ম	প	ধ	ন	র্সং
৬)	স	ঋ	র	ম	প	ণ	ন	র্সং

উপরোক্ত ক্রম থেকে যদি পূর্বভাগের ছয়টি অংশের সঙ্গে উত্তরভাগের ছয়টি অংশ ক্রমানুসারে যোগ করা যায় তাহলে ৬×৬ = ৩৬টি ঠাট পাওয়া যাবে।

উদ্ধৃত ঠাটে কেবল শুদ্ধ মধ্যম ব্যবহার করা হয়েছে। এখন শুদ্ধ মধ্যমকে বাদ দিয়ে এর স্থানে যদি কড়ি মধ্যম ব্যবহার করা যায় তাহলে পূর্বোক্ত ক্রম থেকে আরও ৩৬টি ঠাট পাওয়া যাবে। অর্থাৎ দুই মধ্যম থেকে ৩৬×২ = ৭২টি ঠাট উৎপন্ন হবে।

প্রত্যেকটি ঠাট থেকে অসংখ্য রাগের উৎপত্তি হয় বলে শাস্ত্রকারগণ উপরোক্ত ৭২ ঠাটকে 'রাগোৎপাদক' বা 'জনক' ঠাট নামে অভিহিত করেছেন। তার মধ্যে বর্তমানে প্রচলিত হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি অনুসারে পণ্ডিত ভাতখণ্ডের মতে নিম্নলিখিত ১০টি ঠাটই প্রধান। যেমন ঃ—

(১) বিলাবল, (২) কাফী, (৩) কল্যাণ, (৪) খাম্বাজ, (৫) ভৈরব বা ভৈঁরো, (৬) পূর্বী বা পুরবী, (৭) মারবা (৮) আশাবরী, (৯) ভৈরবী এবং (১০) টোড়ী।

প্রচলিত দশটি ঠাটের পরিচয়

১) বিলাবল ঠাট (প্রতিটি স্বর শুদ্ধ)— স র গ ম প ধ ন
২) কাফী ঠাট (গা ও নি কোমল)— স র গ ম প ধ ণ
৩) কল্যাণ ঠাট (মা কড়ি)— স র গ ক্ষ প ধ ন
৪) খাম্বাজ ঠাট (নি কোমল)— স র গ ম প ধ ণ
৫) ভৈরব ঠাট (রে ও ধা কোমল)— স ঋ গ ম প দ ন
৬) পূর্বী ঠাট (রে ও ধা কোমল, মা কড়ি)—স ঋ গ ক্ষ প দ ন
৭) মারবা ঠাট (রে কোমল, মা কড়ি)— স ঋ গ ক্ষ প ধ ন
৮) আশাবরী ঠাট (গা, ধা ও নি কোমল)— স র গ ম প দ ণ
৯) ভৈরবী ঠাট (রে, গা, ধা ও নি কোমল)—স ঋ গ ম প দ ণ
১০) টোড়ী ঠাট (রে, গা, ধা কোমল, মা কড়ি)—স ঋ গ ক্ষ প দ ন

কর্ণাটিক সঙ্গীত-পদ্ধতি মতে প্রচলিত দশটি ঠাটের নাম

কর্ণাটিক* সঙ্গীত-পদ্ধতি মতে—

১) বিলাবল ঠাটকে বলা হয়—ধীরশঙ্করাভরণ মেল।
২) কাফী ঠাটকে বলা হয়—খরহরপ্রিয় মেল।
৩) কল্যাণ ঠাটকে বলা হয়—মেচকল্যাণী মেল।
৪) খাম্বাজ ঠাটকে বলা হয়—হরিকাম্ভোজী মেল।
৫) ভৈরব ঠাটকে বলা হয়—মায়ামালবগৌল মেল।
৬) পূর্বী ঠাটকে বলা হয়—কামবর্দ্ধিনী মেল।
৭) মারবা ঠাটকে বলা হয়—গমনশ্রীয় মেল।
৮) আশাবরী ঠাটকে বলা হয়—নটভৈরবী মেল।
৯) ভৈরবী ঠাটকে বলা হয়—হনুমত্তোড়ী মেল।
১০) টোড়ী ঠাটকে বলা হয়—শুভপন্তুবরালী মেল।

* কর্ণাটিক সঙ্গীত-পদ্ধতি মতে ঠাটকেই মেল বলা হয়।

ঠাটের অন্তর্গত রাগসমূহ

পূর্বোল্লিখিত দশটি ঠাট থেকে উৎপন্ন রাগসমূহের সংক্ষিপ্ত তালিকা ঃ—

১) বিলাবল ঠাট থেকে উৎপন্ন রাগ—শুধ্-বিলাবল, বিহাগ, বিহাগড়া, শঙ্করাভরণ, দেশকার, পাহাড়ী, মাণ্ড, দেবগিরি, নট্, মালুহা, দুর্গা, হংসধ্বনি, গুণকলি ইত্যাদি।

২) কাফী ঠাট থেকে উৎপন্ন রাগ—কাফী, ধানী, ধনাশ্রী, ভীমপলশ্রী, পিলু, বাহার, বাগেশ্রী, নায়কী-কানাড়া, কৌশিক কানাড়া, মেঘ, মিয়া-কি-মল্লার, বৃন্দাবনী সারং ইত্যাদি।

৩) কল্যাণ ঠাট থেকে উৎপন্ন রাগ—শুধ্ কল্যাণ, ইমন, ইমন কল্যাণ, হাম্বীর, কেদার, গৌড় সারং, ছায়ানট, হিন্দোল, সাওনি কল্যাণ, শ্যাম কল্যাণ, চন্দ্রকান্ত, জয়েৎ কল্যাণ ইত্যাদি।

৪) খাম্বাজ ঠাট থেকে উৎপন্ন রাগ—খাম্বাজ, ঝিঁঝোটি, তিলং, খাম্বাবতী, দেশ, তিলক-কামোদ, জয়জয়ন্তী, শুধ্ মল্লার, গৌড় মল্লার, নট মল্লার, গারা ইত্যাদি।

৫) ভৈরব ঠাট থেকে উৎপন্ন রাগ—ভৈরব বা ভৈঁরো, যোগিয়া, বিভাস, ললিত পঞ্চম, জীলফ্, আহীর ভৈরব, রামকলি, কালিংড়া, গৌরী, প্রভাত, ললিত, সাবেরী, শিবমত ভৈরব ইত্যাদি।

৬) পূর্বী ঠাট থেকে উৎপন্ন রাগ—পূর্বী বা পুরবী, শ্রীরাগ, মালবী, ত্রিবেণী, পুরিয়া-ধনাশ্রী, দীপক, বসন্ত, রেবা, জেতাশ্রী ইত্যাদি।

৭) মারবা ঠাট থেকে উৎপন্ন রাগ—মারবা, পুরিয়া, জেত, তঙ্কার, ভাটিয়ার, পঞ্চম, সোহনী, মালীগৌরা, বরারী বা বরাটী, পূর্বা কল্যাণ ইত্যাদি।

৮) আশাবরী ঠাট থেকে উৎপন্ন রাগ—আশাবরী, জৌনপুরী, দেব গান্ধার, সিন্ধু ভৈরবী, দেশী, দরবারী, আড়ানা ইত্যাদি।

৯) ভৈরবী ঠাট থেকে উৎপন্ন রাগ—ভৈরবী, মালকৌশ, বসন্ত মুখারী, বিলাসখানি টোড়ী, ভূপাল টোড়ী ইত্যাদি।

১০) টোড়ী ঠাট থেকে উৎপন্ন রাগ—টোড়ী, মুলতানী, গুর্জরী টোড়ী, বাহাদুরী টোড়ী ইত্যাদি।

রাগ ঃ মেল বা ঠাট থেকেই রাগের উৎপত্তি। আরোহী-অবরোহীসহ বর্ণযুক্ত স্বরের এরূপ সুন্দর ও বিশেষ রচনা যা সব সময় মানুষের মনে আনন্দ উৎপন্ন করে তাকেই গুণী-জনেরা রাগ বলে অভিহিত করেছেন।

রাগের জাতি ঃ রাগের জাতি তিন প্রকার। যথা ঃ—ঔড়ব, ষাড়ব বা খাড়ব এবং সম্পূর্ণ।

যে রাগের আরোহণে পাঁচ স্বর এবং অবরোহণে পাঁচ স্বর ব্যবহৃত হয় তাকে ঔড়ব জাতীয় রাগ বলে। ষাড়ব জাতীয় রাগের আরোহণে ছয় এবং অবরোহণে ছয় স্বর ব্যবহৃত হয়। সম্পূর্ণ জাতীয় রাগের আরোহণে সাত এবং অবরোহণে সাত স্বরের ব্যবহার অনিবার্য।

কোনো কোনো রাগের আরোহণে ও অবরোহণে সমান সংখ্যক স্বর ব্যবহৃত হয় না। এরূপ ক্ষেত্রে স্বর সংখ্যার আরোহণ-অবরোহণক্রমে জাতি নির্ধারিত হয় এবং তাতে মোট নয় প্রকার জাতি হতে পারে। যেমন ঃ—

আরোহণে স্বর সংখ্যা	অবরোহণে স্বর সংখ্যা	জাতির নাম
পাঁচ	পাঁচ	ঔড়ব—ঔড়ব
পাঁচ	ছয়	ঔড়ব—ষাড়ব
পাঁচ	সাত	ঔড়ব—সম্পূর্ণ
ছয়	পাঁচ	ষাড়ব—ঔড়ব

আরোহণে স্বর সংখ্যা	অবরোহণে স্বর সংখ্যা	জাতির নাম
ছয়	ছয়	ষাড়ব—ষাড়ব
ছয়	সাত	ষাড়ব—সম্পূর্ণ
সাত	পাঁচ	সম্পূর্ণ—ঔড়ব
সাত	ছয়	সম্পূর্ণ—ষাড়ব
সাত	সাত	সম্পূর্ণ—সম্পূর্ণ

বিলাবল ঠাট থেকে উৎপন্ন রাগ সংখ্যা

পূর্বোদ্ধৃত নয় প্রকার রাগজাতির প্রত্যেক প্রকার থেকে কতগুলো রাগ উৎপন্ন হওয়া সম্ভব তা জানা উচিত। সঙ্গীতশাস্ত্রকার পণ্ডিত ব্যাঙ্কটমুখীর নির্দেশ অনুসারে ৭২ ঠাটের মধ্যে একমাত্র বিলাবল ঠাট থেকেই নিম্নে উদ্ধৃত রাগ গাণিতিক উপায়ে ভিন্ন ভিন্নভাবে স্বর বিন্যাসের মাধ্যমে উৎপন্ন হওয়া সম্ভব ঃ

রাগজাতি	রাগ সংখ্যা
১) সম্পূর্ণ-সম্পূর্ণ জাতীয় রাগ	১
২) সম্পূর্ণ-ষাড়ব জাতীয় রাগ	৬
৩) সম্পূর্ণ-ঔড়ব জাতীয় রাগ	১৫
৪) ষাড়ব-সম্পূর্ণ জাতীয় রাগ	৬
৫) ষাড়ব-ষাড়ব জাতীয় রাগ	৩৬
৬) ষাড়ব-ঔড়ব জাতীয় রাগ	৯০
৭) ঔড়ব-সম্পূর্ণ জাতীয় রাগ	১৫
৮) ঔড়ব-ষাড়ব জাতীয় রাগ	৯০
৯) ঔড়ব-ঔড়ব জাতীয় রাগ	২২৫
	মোট = ৪৮৪

উদাহরণস্বরূপ ঃ

১। সম্পূর্ণ-সম্পূর্ণ জাতীয় রাগ একটির বেশী হওয়া সম্ভব নয়। কেননা এ জাতীয় রাগের আরোহণ ও অবরোহণে সাতটি করে স্বর হওয়া প্রয়োজন। যেমন ঃ

আরোহণ

স রি গ ম প ধ নি র্স

অবরোহণ

র্স নি ধ প ম গ রি স

২। সম্পূর্ণ-ষাড়ব জাতীয় রাগের অবরোহণক্রম থেকে প্রতিবার একটি করে স্বর বাদ দিলে এ জাতীয় ছয়টি রাগ উৎপন্ন হওয়া সম্ভব। যেমনঃ

	আরোহণ							অবরোহণ					
ক)	স	র	গ	ম	প	ধ	ন	ধ	প	ম	গ	র	স
খ)	স	র	গ	ম	প	ধ	ন	ন	প	ম	গ	র	স
গ)	স	র	গ	ম	প	ধ	ন	ন	ধ	ম	গ	র	স

ইত্যাদি।

৩। সম্পূর্ণ-ঔড়ব জাতীয় রাগের অবরোহণে নধ, নপ, নম, নগ, নর, ধপ, ধম, ধগ, ধর, পম, পগ, পর, মগ, মর, গর ইত্যাদি দু'টো করে স্বর প্রতিবার বাদ দিলে এ জাতীয় পনেরোটি রাগ উৎপন্ন হওয়া সম্ভব। যেমনঃ

	আরোহণ							অবরোহণ				
ক)	স	র	গ	ম	প	ধ	ন	প	ম	গ	র	স
খ)	স	র	গ	ম	প	ধ	ন	ধ	ম	গ	র	স
গ)	স	র	গ	ম	প	ধ	ন	ধ	প	গ	র	স

ইত্যাদি।

৪। ষাড়ব-সম্পূর্ণ জাতীয় রাগের আরোহণক্রম থেকে প্রতিবার একটি করে স্বর বাদ দিলে এ জাতীয় ছয়টি রাগ উৎপন্ন হওয়া সম্ভব। যেমনঃ

	আরোহণ						অবরোহণ						
ক)	স	র	গ	ম	প	ধ	ন	ধ	প	ম	গ	র	স
খ)	স	র	গ	ম	প	ন	ন	ধ	প	ম	গ	র	স
গ)	স	র	গ	ম	ধ	ন	ন	ধ	প	ম	গ	র	স

ইত্যাদি

৫। ষাড়ব-ষাড়ব জাতীয় রাগের আরোহণ ও অবরোহণে এক স্বর বর্জিত হয় সেজন্য আরোহণের এক অংশের সঙ্গে অবরোহণের ছয় অংশ ক্রমানুসারে যোগ করলে নিম্নে প্রদত্ত দৃষ্টান্ত অনুযায়ী এ জাতীয় ছত্রিশটি রাগ উৎপন্ন হওয়া সম্ভব। যেমন ঃ

		আরোহণ						অবরোহণ					
ক)	১.	স	র	গ	ম	প	ধ	ন	ধ	প	ম	গ	স
	২.	স	র	গ	ম	প	ধ	ন	ধ	প	ম	র	স
	৩.	স	র	গ	ম	প	ধ	ন	ধ	প	গ	র	স
	৪.	স	র	গ	ম	প	ধ	ন	ধ	ম	গ	র	স
	৫.	স	র	গ	ম	প	ধ	ন	প	ম	গ	র	স
	৬.	স	র	গ	ম	প	ধ	ধ	প	ম	গ	র	স

এ প্রকারে ছয়টি

		আরোহণ						অবরোহণ					
খ)	১.	স	র	গ	ম	প	ন	ন	ধ	প	ম	গ	স
	২.	স	র	গ	ম	প	ন	ন	ধ	প	ম	র	স

ইত্যাদি রূপে ছয়টি।

গ)	১.	স	র	গ	ম	ধ	ন	ন	ধ	প	ম	গ	স
	২.	স	র	গ	ম	ধ	ন	ন	ধ	প	ম	র	স

ইত্যাদি রূপে ছয়টি।

ঘ)	১.	স	র	গ	প	ধ	ন	ন	ধ	প	ম	গ	স
	২.	স	র	গ	প	ধ	ন	ন	ধ	প	ম	র	স

ইত্যাদি রূপে ছয়টি।

ঙ)	১.	স	র	ম	গ	ধ	ন	ন	ধ	প	ম	গ	স
	২.	স	র	ম	প	ধ	ন	ন	ধ	প	ম	র	স

ইত্যাদি রূপে ছয়টি।

চ)	১.	স	গ	ম	প	ধ	ন	ন	ধ	প	ম	গ	স
	২.	স	গ	ম	প	ধ	ন	ন	ধ	প	ম	র	স

ইত্যাদি রূপে ছয়টি।

৬। ষাড়ব-ঔড়ব জাতীয় রাগের আরোহণে প্রতিবার একটি করে স্বর বর্জিত করলে ছয়টি এবং অবরোহণে দু'টো করে স্বর ছেড়ে দিলে পনেরোটি অর্থাৎ ৬×১৫ = ৯০টি এ জাতীয় রাগ উৎপন্ন হওয়া সম্ভব। যেমন ঃ

		আরোহণ						অবরোহণ				
ক)	১.	স	র	গ	ম	প	ধ	প	ম	গ	র	স
	২.	স	র	গ	ম	প	ধ	ধ	ম	গ	র	স
	৩.	স	র	গ	ম	প	ধ	ধ	প	গ	র	স
	৪.	স	র	গ	ম	প	ধ	ধ	প	ম	র	স
	৫.	স	র	গ	ম	প	ধ	ধ	প	ম	গ	স
	৬.	স	র	গ	ম	প	ধ	ন	ম	গ	র	স
	৭.	স	র	গ	ম	প	ধ	ন	প	গ	র	স
	৮.	স	র	গ	ম	প	ধ	ন	প	ম	র	স
	৯.	স	র	গ	ম	প	ধ	ন	প	ম	গ	স
	১০.	স	র	গ	ম	প	ধ	ন	ধ	গ	র	স
	১১.	স	র	গ	ম	প	ধ	ন	ধ	ম	র	স
	১২.	স	র	গ	ম	প	ধ	ন	ধ	ম	গ	স

	আরোহণ							অবরোহণ				
১৩.	স	র	গ	ম	প	ধ		ন	ধ	প	র	স
১৪.	স	র	গ	ম	প	ধ		ন	ধ	প	গ	স
১৫.	স	র	গ	ম	প	ধ		ন	ধ	প	ম	স

এ প্রকারে পনেরোটি।

খ) ১.	স	র	গ	ম	প	ন		প	ম	গ	র	স
২.	স	র	গ	ম	প	ন		ধ	ম	গ	র	স
৩.	স	র	গ	ম	প	ন		ধ	প	গ	র	স

ইত্যাদি রূপে পনেরোটি।

গ) ১.	স	র	গ	ম	ধ	ন		প	ম	গ	র	স
২.	স	র	গ	ম	ধ	ন		ধ	ম	গ	র	স
৩.	স	র	গ	ম	ধ	ন		ধ	প	গ	র	স

ইত্যাদি রূপে পনেরোটি।

ঘ) ১.	স	র	গ	প	ধ	ন		প	ম	গ	র	স
২.	স	র	গ	প	ধ	ন		ধ	ম	গ	র	স
৩.	স	র	গ	প	ধ	ন		ধ	প	গ	র	স

ইত্যাদি রূপে পনেরোটি।

ঙ) ১.	স	র	ম	প	ধ	ন		প	ম	গ	র	স
২.	স	র	ম	প	ধ	ন		ধ	ম	গ	র	স
৩.	স	র	ম	প	ধ	ন		ধ	প	গ	র	স

ইত্যাদি রূপে পনেরোটি।

চ) ১.	স	গ	ম	প	ধ	ন		প	ম	গ	র	স
২.	স	গ	ম	প	ধ	ন		ধ	ম	গ	র	স
৩.	স	গ	ম	প	ধ	ন		ধ	প	গ	র	স

ইত্যাদি রূপে পনেরোটি।

৭। ঔড়ব-সম্পূর্ণ জাতীয় রাগের আরোহণে রগ, রম, রপ, রধ, রন, গম, গপ গধ, গন, মপ, মধ, মন, পধ, পন, ধন ইত্যাদি দু'টো স্বর প্রতিবার ছেড়ে দিলে পনেরোটি এ জাতীয় রাগ উৎপন্ন হওয়া সম্ভব। যেমন ঃ

	আরোহণ					অবরোহণ						
ক)	স	ম	প	ধ	ন	ন	ধ	প	ম	গ	র	স
খ)	স	গ	প	ধ	ন	ন	ধ	প	ম	গ	র	স
গ)	স	গ	ম	ধ	ন	ন	ধ	প	ম	গ	র	স

ইত্যাদি।

৮। ঔড়ব-ষাড়ব জাতীয় রাগের আরোহণে রগ, রম, রপ, রধ, গম, গপ, গধ, গন, মপ, মধ, মন, পধ, পন, ধন ইত্যাদি দু'টো স্বর প্রতিবার বাদ দিলে পনেরোটি এবং অবরোহণে এক এক স্বর (ন, ধ, প, ম, গ, র) যোগ করলে ছয়টি অর্থাৎ ১৫×৬ = ৯০টি এ জাতীয় রাগ উৎপন্ন হওয়া সম্ভব। যেমন ঃ

		আরোহণ					অবরোহণ					
ক)	১.	স	ম	প	ধ	ন	ধ	প	ম	গ	র	স
	২.	স	গ	প	ধ	ন	ধ	প	ম	গ	র	স
	৩.	স	গ	ম	ধ	ন	ধ	প	ম	গ	র	স
											ইত্যাদি পনেরোটি।	
খ)	১.	স	ম	প	ধ	ন	ন	প	ম	গ	র	স
	২.	স	গ	প	ধ	ন	ন	প	ম	গ	র	স
	৩.	স	গ	ম	ধ	ন	ন	প	ম	গ	র	স
											ইত্যাদি পনেরোটি।	
গ)	১.	স	ম	প	ধ	ন	ন	ধ	ম	গ	র	স
	২.	স	গ	প	ধ	ন	ন	ধ	ম	গ	র	স
	৩.	স	গ	ম	ধ	ন	ন	ধ	ম	গ	র	স
											ইত্যাদি পনেরোটি।	
ঘ)	১.	স	ম	প	ধ	ন	ন	ধ	প	গ	র	স
	২.	স	গ	প	ধ	ন	ন	ধ	প	গ	র	স
	৩.	স	গ	ম	ধ	ন	ন	ধ	প	গ	র	স
											ইত্যাদি পনেরোটি।	
ঙ)	১.	স	ম	প	ধ	ন	ন	ধ	প	ম	র	স
	২.	স	গ	প	ধ	ন	ন	ধ	প	ম	র	স
	৩.	স	গ	ম	ধ	ন	ন	ধ	প	ম	র	স
											ইত্যাদি পনেরোটি।	
চ)	১.	স	ম	প	ধ	ন	ন	ধ	প	ম	গ	স
	২.	স	গ	প	ধ	ন	ন	ধ	প	ম	গ	স
	৩.	স	গ	ম	ধ	ন	ন	ধ	প	ম	গ	স
											ইত্যাদি পনেরোটি।	

৯। ঔড়ব-ঔড়ব জাতীয় রাগের আরোহণ এবং অবরোহণে প্রতিবার দু'টো করে স্বর ছেড়ে দিলে ১৫×১৫ = ২২৫টি এ জাতীয় রাগ উৎপন্ন হওয়া সম্ভব।

এরূপে গণিতের হিসেবে কেবল বিলাবল ঠাট থেকেই ৪৮৪টি রাগ উৎপন্ন হয়। অতএব ৭২ ঠাট থেকে ৭২ × ৪৮৪ = ৩৪৮৪৮টি রাগ উৎপন্ন হওয়া সম্ভব। কিন্তু তার মধ্যে কেবল ২০০ রাগ প্রচলিত। এদের সবগুলো রাগই মনোরঞ্জনকারী হতে পারে না। অথচ রাগ মাত্রই মনোরঞ্জনকারী হওয়া উচিত। গত দু'শো বছরের সঙ্গীতের ইতিহাস থেকে এ সত্য প্রতীয়মান হয় যে, হিন্দুস্থানী সঙ্গীত পদ্ধতির ১০টি ঠাট থেকে উৎপন্ন প্রায় ৪৫টি রাগের উপর আপন ক্রিয়া-কুশলতার দ্বারাই সব শিল্পীরা গুণী সমাজে সম্মান এবং প্রতিষ্ঠা লাভ করেছেন।

রাগের শ্রেণী বিভাগ ঃ রাগ তিন শ্রেণীতে বিভক্ত। যথা—**শুদ্ধ, সালঙ্ক বা ছায়ালগ ও সঙ্কীর্ণ।**

যে রাগ অবিমিশ্র অর্থাৎ যার মধ্যে অন্য কোনো রাগের মিশ্রণ নেই তাকে **শুদ্ধ রাগ** বলা হয়। যে রাগে অপর কোনো রাগের ছায়া বা মিশ্রণ থাকে তাকে **ছায়ালগ রাগ** এবং তিন বা ততোধিক রাগের মিশ্রণে উৎপন্ন রাগকে **সঙ্কীর্ণ রাগ** বলা হয়।

বর্ণ ঃ গান ও বাদ্যের প্রত্যক্ষ-ক্রিয়াকে **বর্ণ** বলা হয়। বর্ণ চার প্রকার। যথা—**স্থায়ী বর্ণ, আরোহী বর্ণ, অবরোহী বর্ণ ও সঞ্চারী বর্ণ।**

স্থায়ী বর্ণ ঃ একই স্বরকে বার বার উচ্চারণ করা। যেমন—গ গ, ম ম ম, প প প প ইত্যাদি।

আরোহী বর্ণ ঃ নীচু স্বর থেকে উঁচু স্বরে যাওয়া। যেমন—স র গ ম প ধ ন।

অবরোহী বর্ণ ঃ উঁচু স্বর থেকে নীচু স্বরে আসা। যেমন—র্স ন ধ প ম গ র।

সঞ্চারী বর্ণ ঃ স্থায়ী, আরোহী ও অবরোহী এ তিন বর্ণের সংমিশ্রণ। সঞ্চারী বর্ণকে **মিশ্রবর্ণও** বলা হয়।

অলঙ্কার বা পাল্‌টা—বিশিষ্ট বর্ণসমূহকে **অলঙ্কার বা পাল্‌টা** বলা হয়। অলঙ্কার ব্যতীত কণ্ঠ ও যন্ত্রসঙ্গীতের পূর্ণ বিকাশ হতে পারে না। একমাত্র অলঙ্কারই গান বা বাজনাকে সৌন্দর্যমণ্ডিত করে। অলঙ্কারের স্বরূপকে যখন স্বরলিপির সাহায্যে বোঝানো হয় তখন এদেরকে বলে **বর্ণালঙ্কার**। মীড়, গমকের স্বরূপকে স্বরলিপি দ্বারা নিখুঁতভাবে বোঝানো যায় না। এদের পরিচয়মূলক যে সব চিহ্ন লিপিবদ্ধ করা হয় সেগুলো লিপি হলেও প্রকৃত স্বরের লিপি নয়। শুধু কানে শুনেই এদের স্বরূপ উপলব্ধি করা যায়। এ শ্রেণীর অলঙ্কারকে **শব্দালঙ্কার** বলা হয়।

তান ঃ গান ও বাদ্যের প্রত্যক্ষ-ক্রিয়ায় তালসহ স্বরের বিস্তার করাকে **তান** বলা হয়।

সরলতান ঃ যে তানের আরোহী ও অবরোহী সরল তাকে **সরল তান** বলে। যেমন—স র গ র স, স র গ ম গ র স, স র ম প ম গ র স, স র ম প ধ প ম গ র স, স র ম প ধ ন ধ প ম গ র স ইত্যাদি।

কুটতান—বক্রগতির তানকে কুটতান বলে। যেমন—স র ম গ র গ, র গ স র, ম প ণ ধ প ধ ম প, ণ ধ প ম গ ম র গ, স র ম প ণ ধ প (দেশ রাগে) ইত্যাদি।

সপাটতান ঃ মধ্য-সপ্তকের সা থেকে তার-সপ্তকের গা, মা অথবা পা পর্যন্ত অবিচ্ছিন্নভাবে আরোহণ ও অবরোহণক্রমে তালসহ দ্রুত স্বর-বিস্তারকে সপাটতান বলা হয়। যেমন—স র গ ম প ধ ন র্স র্র র্গ র্ম র্প র্ম র্গ র্র র্স ন ধ প ম গ র স।

বোলতান ঃ খেয়াল গান গাইবার সময় গানের কথাগুলোকে তানের রূপে পরিণত করে গাওয়াকে বোলতান বলা হয়। বোলতান চিত্তাকর্ষক এবং শ্রোতাদের মুগ্ধ করে।

স্বর-বিস্তার ঃ বিভিন্ন স্বর নিয়ে সুরের জাল বোনাকে স্বর-বিস্তার বলা হয়।

আশ ঃ অবিচ্ছিন্নভাবে স্বরসমূহের উচ্চারণকে আশ বলা হয়। আশ এক প্রকার অলঙ্কার বিশেষ।

বক্র স্বর : আরোহণ বা অবরোহণের সময় কোনো স্বরে পৌঁছেই বিপরীত গতিতে পেছনের স্বরে এসে পুনরায় সামনে এগোবার সময় প্রথমোক্ত স্বরকে বাদ দিয়ে যাওয়া হয়। এই বাদ দিয়ে যাওয়া স্বরই বক্র স্বর নামে অভিহিত। যেমন—ধ প ম, প গ এই অবরোহণে 'মা' বক্র স্বর।

কণ্ বা স্পর্শ স্বর : কোনো মূল স্বর উচ্চারণের পূর্বে বা পরে যখন অপর একটি স্বরের সামান্য ছোঁয়া লাগানো হয় তখন পূর্বোক্ত বা শেষোক্ত স্বরকে স্পর্শ স্বর বলে। স্পর্শ স্বর ক্ষণস্থায়ী। স্বরলিপিতে মূল স্বরের উপরে ডানে বা বাঁয়ে ক্ষুদ্রাক্ষরে স্পর্শ স্বরগুলো লেখা থাকে। যেমন—
$\text{প}^{\text{ধ}}$, $\text{ম}^{\text{প}}$, $\text{গ}^{\text{ম}}$, এবং $^{\text{র}}\text{স}$, $^{\text{গ}}\text{র}$, $^{\text{ম}}\text{গ}$ ইত্যাদি।

বর্জিত স্বর : যে রাগে যে স্বরকে বর্জন করা হয় তাকে সে রাগের বর্জিত স্বর বলে।

বাদী, সমবাদী, বিবাদী ও অনুবাদী স্বর

রাগে চার প্রকার স্বর ব্যবহৃত হয়। এ স্বরগুলো যথাক্রমে বাদী, সমবাদী, বিবাদী ও অনুবাদী স্বর নামে অভিহিত।

বাদী ঃ রাগের প্রধান স্বরকে বাদী স্বর বলা হয়। বাদী স্বর রাগের প্রাণস্বরূপ।

সমবাদী ঃ রাগে যে স্বর বাদী স্বরের চেয়ে কম কিন্তু অন্যান্য স্বরের চেয়ে অধিক ব্যবহার হয় সে স্বর সমবাদী স্বর নামে অভিহিত। বাদী-সমবাদী নিয়ে গুণীদের মধ্যে মতানৈক্য আছে। তবে সাধারণত দেখা যায় যে, বাদী ও সমবাদী স্বর চার বা পাঁচ স্বরের ব্যবধানে প্রযোজ্য হয়। যেমন—রেখাব বাদী হলে পঞ্চম বা ধৈবত সমবাদী হয়, গান্ধার বাদী হলে ধৈবত বা নিষাদ সমবাদী হয়, মধ্যম বাদী হলে ষড়জ সমবাদী হয়।

রাগ-পরিচয়—শুদ্ধ্-কল্যাণ, কল্যাণ ঠাটের ঔড়ব-সম্পূর্ণ জাতীয় রাগ। এ রাগের বাদী স্বর গান্ধার। কেউ কেউ রেখাবকেও বাদী স্বর রূপে ব্যবহার করেন। যে মতে গান্ধারকে বাদী স্বর মানা হয় সে মতে ধৈবত সমবাদী স্বর এবং যে মতে রেখাবকে বাদী স্বর মানা হয় সে

মতে পঞ্চম সমবাদী স্বর। মন্দ্র এবং মধ্য স্থানের স্বরে বিলম্বিত লয়ে এ রাগ ভালো শোনায়। রেখাবকে বাদী করে এ রাগ গাইলে ইমনের আগে গাওয়া উচিত। যদি গান্ধারকে বাদী করে গাওয়া হয় তাহলে ইমনের পরে এ রাগ গাওয়ার সময়। পণ্ডিতদের মতে শুধ্-কল্যাণ এবং ভূপালীর মধ্যে পার্থক্য হলো, ভূপালীর আরোহী ও অবরোহী দু'টোতেই মধ্যম এবং নিখাদ বর্জিত। কিন্তু শুধ্-কল্যাণে কেবল অবরোহীতেই এ স্বর দু'টো বর্জিত। শুধ্-কল্যাণের অবরোহীতে মীড়ে শ্রুতি স্বরূপ মধ্যম (কড়ি) এবং নিখাদ ব্যবহৃত হয়। যেমন—র্সনধ, পক্ষগ। এতে রাগের সৌন্দর্য বৃদ্ধি পায়। কিন্তু তানের সময় কড়ি মধ্যম এবং নিখাদ স্পষ্টরূপে ব্যবহৃত হয়। যেমন—র্সর্সনধপক্ষগরস। মধ্যম এবং নিখাদ এই স্বর দু'টোকে প্রাধান্য দিলে 'শুধ্-কল্যাণের' রূপ বদলে 'ইমন' হয়ে যাবে। আজকাল মধ্যম এবং নিখাদ বাদ দিয়েও শুধ্-কল্যাণ গাওয়া হয়। মধ্যম ও নিখাদ বর্জিত শুধ্-কল্যাণ সঙ্গীত শাস্ত্রে গ্রহণযোগ্য নয়। এ রাগকে ঔড়ব-সম্পূর্ণ করেই গাওয়া বা বাজানো উচিত। অর্থাৎ আরোহীতে মধ্যম ও নিখাদ বর্জিত এবং অবরোহী সম্পূর্ণ। এ রাগের প্রকৃতি—গম্ভীর।

আরোহী— স র গ প ধ র্স
অবরোহী— স ন ধ প ক্ষ গ র স
পকড়— স র গপর বা গর গস

স্বর-বিস্তার ঃ

গ, র, স, স, রস, রস, গর, স।
স, রস, ন্ধ্, ন্ধ্, প্, স, গ, রগ, র, স।
স, র, গ, প, গপ, গ, র, স, সরস, গর, পক্ষগ, রগ, প, র, গ, র, স।
পক্ষগ, রগ, র, স, ধ্, রস, ধ্প্, স, ধ্স, গগ, র, সর, গ, র, স, প, প, র্স, ধর্স, র্সর্স, র্সর্, র্, র্গ, র্, ধর্র্, র্স, ধপ, গর, পর, স, গপ র্স, র্সর্গর্স, র্র্স, নধনধপ, গগ, পধ, র্সনধপ, পক্ষগরগ, পর, স।

সরগপ, র্স, ধ, র্সর্, র্স, গর, পক্ষগপ, র্স, ধপ, গপগরস ॥

লক্ষণ-গীত—ঝাঁপতাল

স্থায়ী—গায়ো সব সুজান রাগিণী শুধ্ কল্যাণ।
ঔড়ব সম্পূরণ প্রথম প্রহর মান ॥

অন্তরা—আরোহণ সা, নি ত্যজত, বাদী স্বর গান্ধার।
ধৈবত করত অল্প, কহে চতুর পরমান ॥

স্থায়ী

+		৩			০		১		
গ	।	গ	র	র	গ	র	স	।	স
গা	০	য়ো	০	স	ব	সু	জা	০	ন
স	র	র	র	র	গ	র	স	র	স
রা	০	গি	ণী	গু	ধ্	ক	ল্যা	০	ণ
স	।	র	গ	র	স	ন্	ন্	ধ্	প্
উ	০	ড়	০	ব	সম	পূ	র	০	ণ
প্	(স)গ্	প্	ধ্	প্	গ	র	স	র	স
প্র	থ	ম	০	প্র	হ	র	মা	০	ন

অন্তরা

প	(ম)গ	গ	প	প	র্স	র্স	র্স	র্স	র্স
আ	০	রো	হ	ণ	মা	নি	ত্য	জ	ত
র্স	।	র্র	র্গ	র্র	র্স	ন	ন	ধ	প
বা	০	দী	স্ব	র	গান্	০	ধা	০	র
প	(ধ)গ	প	গ	র	গ	প	র্স	র্র	র্স
ধৈ	০	ব	ত	ক	র	ত	অ	ল্	প
ধ	প	গ	গ	প	গ	র	স	র	স
ক	হে	চ	তু	র	প	র	মা	০	ন

হাম্বীর

রাগ-পরিচয়—হাম্বীর, কল্যাণ ঠাটের সম্পূর্ণ জাতীয় রাগ। এক মতে বাদী স্বর পঞ্চম এবং অন্য মতে ধৈবত। শেষোক্ত মত ধৈবত বাদী প্রচলিত। এ রাগ পরিবেশনকালে ধৈবতের উপর অধিক জোর দেওয়া হয়। হাম্বীরের আরোহীতে নিখাদ এবং অবরোহীতে গান্ধার দুর্বল। এ রাগের গতি বক্র। যেমন—র্স ন ধ প গ ম র, গ ম ন ধ প র, প গ ম র স গ ম ধ।

হাম্বীরের আরোহী সরল করলে রাগের রূপ বদলে ইমন হয়ে যাবে। এ রাগে দুই মধ্যম ব্যবহৃত হয়। শুদ্ধ মধ্যম ব্যবহৃত হয় আরোহী ও অবরোহী উভয় প্রকারে এবং কড়ি মধ্যম কেবল আরোহীতে। এ রাগের আরোহীতে নিখাদ এবং অবরোহীতে গান্ধার বক্রভাবে ব্যবহার করা মূল নিয়ম হলেও, প্রত্যক্ষ-ক্রিয়ায় এ নিয়ম বজায় রেখে চলা কঠিন বলে বক্র স্বরগুলোকে সরলভাবে প্রয়োগ করা হয়। হাম্বীরের শুদ্ধ তান— গ ম ধ। এ তানের উপর লক্ষ্য রেখে রাগের বিস্তার করা উচিত। হাম্বীর সঙ্কীর্ণ শ্রেণীর রাগ। কল্যাণ, ইমন, কামোদ এবং কেদারের সংমিশ্রণে এ রাগের সৃষ্টি। হাম্বীর উত্তরাঙ্গ প্রধান রাগ। এ রাগ গাওয়ার সময় রাত্রি প্রথম প্রহর।

আরোহী— স র স, গ ম ধ, ন ধ, র্স
অবরোহী— র্স ন ধ প, ক্ষ প ধ প, গ ম র স
পকড়— স র স—গ ম ধ

স্বর-বিস্তার ঃ

স, গ ম ধ, ন ধ প, গ ম ধ, প, গ ম র,
স র স, ন্ ধ্ প্, স, গ ম ধ, ন ধ র্স, ন ধ প, ক্ষ প ধ প,
গ ম র, গ ম ধ ধ প, ন ধ প, গ ম র, স র স,।
প প, গ ম, প, র্স, ধ প, প গ, ম গ ম, স র স,
ধ্ প্, স স, ম গ, প, ধ, ধ প, গ ম, স র স।
স র স, ম গ প ক্ষ, ধ প ন ধ, র্স, র্স র্ঁ র্স, র্স ধ ন প,
ধ ক্ষ, প গ, ম র, গ ম ধ ধ, প, গ ম র, স র স।
ক্ষ প, ন ধ, র্স, র্ঁ র্স, ন ধ প, ধ ক্ষ প, গ ম র,
গ ম ধ প, ন ধ প, র্স ন ধ প, গ ম র, স র স।
প র্স, র্স র্ঁ র্স, র্গ, র্স র্ঁ র্স, র্স ন ধ, ন ধ প, র্স র্ঁ র্স,
ন ধ প, ক্ষ প ধ ধ প, গ ম র, গ ম ধ প, গ ম র স॥

লক্ষণ-গীত—তেওড়া

স্থায়ী— কহত রাগ হাম্বীর গুণীয়ন, সম্পূরণ সুর ঠাট মানত।
দোনো মধ্যম রাখ সুমধুর, সবহি হরষত ধীর গুণীয়ণ॥
অন্তরা— বাদী ধৈবত সুর বনাবত, বক্র নি অনুলোম গাবত।
শ্যাম, কামোদ, কেদার মিলত সুন্দর, নিশি সময় মে
রস শৃঙ্গার সুবীর গুণীয়ণ॥

স্থায়ী

+	২	৩	+	২	৩
ধ ধ প	ক্ষ প	গ ম	ধ । ধ	র্স ন	ধ প
ক হ ত	রা ০	গ হা	স্বী ০ র	ণ্ড ণী	য় ন
প । প	ধ ধ	প প	গ ম র	স র	স স
সম্ ০ পূ	র ণ	সু র	ঠা ০ ট	মা ০	ন ত
স ম গ	প ।	প প	ধ । ধ	র্স র্স	র্রঁ র্স
দো ০ নো	ম ০	ধ্য ম	রা ০ খ	সূ ম	ধূ র
র্স র্স র্স	র্র র্র	র্স র্র	র্স র্স ন	ধ ধ	প প
স ব হি	হ র	ষ ত	ধী ০ র	ণ্ড ণী	য় ন

অন্তরা

+	২	৩	+	২	৩
প । প	র্স ।	র্স র্স	র্স র্স র্স	র্স র্র	র্স র্স
বা ০ দী	ধৈ ০	ব ত	সূ র ব	না ০	ব ত
র্স ধ ধ	র্স ।	র্স র্স	র্স র্র র্স	র্সধ ।	প প
ব ০ ক্র	নি ০	অ নু	লো ০ ম	গা ০	ব ত
ক্ষ প প	ধ ।	প ।	গ ম র	স র	স ।
শ্যা ০ ম	কা ০	মো ০	দ ০ কে	দা ০	র ০
স স স	ম ।	ম গ	প প প	ধ ধ	প ।
মি ল ত	সু ০	ন্দ র	নি শি স	ম য়	মে ০
র্স র্স র্স	র্র ।	র্স র্র	র্স র্স ন	ধ ধ	প প
র স শূং	গা ০	র সু	বী ০ র	ণ্ড ণী	য় ন

কেদার

রাগ-পরিচয়— কল্যাণ ঠাট থেকে কেদার রাগের উৎপত্তি। কেদার রাগে দুই মধ্যম ব্যবহৃত হয়। এ রাগে ব্যবহৃত উভয় মধ্যমের মধ্যে শুদ্ধ মধ্যম মুখ্য এবং কড়ি মধ্যম গৌণ। কেদার রাগে পর পর দু'টি মধ্যমের প্রয়োগ হয়। যেমন—পক্ষ মরস বা সমক্ষপ। এ রাগের

আরোহীতে রেখাব ও গান্ধার এবং অবরোহীতে কেবল গান্ধার দুর্বল। এ রাগে গুপ্তভাগে গান্ধারের ব্যবহার হয় বলে গুণীজনেরা কেদারের গান্ধারকে গুপ্ত-গান্ধার বলে থাকেন। যে রাগের গান্ধার দুর্বল সে রাগের নিখাদও দুর্বল হয়। গুণীগণ কেদার রাগের আরোহীতে রেখাব ও গান্ধার এবং অবরোহীতে নিখাদ বর্জিত করেন। এ রাগ পূর্বাঙ্গবাদী। কেদার রাগের বাদী স্বর—মধ্যম; সমবাদী স্বর—ষড়জ; জাতি—ঔড়ব-সম্পূর্ণ; গতি—বক্র; প্রকৃতি—শান্ত; সময়—রাত্রি প্রথম প্রহর।

আরোহী— স ম ম প, ধ প, ন ধ র্স

অবরোহী— র্স ন ধ প, ঋ প ধ প ম গ র স

পকড়— স ম, ম প ধ প ম

স্বর বিস্তার ঃ

স, ম, ম, ম, প, প ম, ম, প ম, র স।

ম ম ম, প, ধ প ম, ম, প, ন ধ প, ধ ম, ম, প, ম, ম, র, স।
স, ম ম ম, প ধ প, ন ধ, র্স ন, র্র র্স, ন ধ প, ম, ধ প ম, র স
প প, র্স, র্র র্স, ন ধ প, ঋ প ধ, প ম, র্স ন ধ প ম, ধ প ম, র স।
ন ন ধ প, ধ প ম, র্র র্স ন ধ, প ধ প ম, র্ম র্ম র্র র্স, র্র র্র র্স, ন ধ প
র্স ন ধ প ম, ধ প ম, স ম, গ প, ঋ প ধ প, র্স, র্র র্স, র্ম র্ম র্র র্স ন ধ প ম,
ম প, ধ প ম, র স ॥

লক্ষণ-গীত—ত্রিতাল

স্থায়ী— স্মরন প্রভুকে দ্বার আজ হুঁ, শুদ্ধ ভাব সো ভজন করু ম্যা।
প্রভু সবকে আধার আজ হুঁ।
অন্তরা—শুদ্ধ স্বর নি কো মেল মিলাউঁ, তা মে মধ্যম অংশ রচাউঁ।
গুপ্ত গান্ধার রিষভ বিন রোহণ, রিঝ প্রভু করতার আজ হুঁ॥

স্থায়ী

০				১				+				৩			
প	প	ধ	ধ	প	।	মগ	ধপ	মা	।	ম	ম	।	প	প	।
স্ম	র	ণ	প্র	ভু	০	কে০	০০	দ্বা	০	র	আ	০	জ	হুঁ	০
ঋ	প	প	ধ	।	ধ	প	।	ম	মগ	ম	র	স	র	স	।
শু	০	দ্ধ	ভা	০	ব	সো	০	ভ	জ০	ন	ক	রু	০	ম্যা	০
র্স	র্স	র্স	র্স	র্সধ	।	র্স	র্র	র্স	ন	ধ	প	ম	ম	প	।
প্র	ভু	স	ব	কে০	০	আ	০	র্ধ	০	র	আ	০	জ	হুঁ	০

অন্তরা

০	১	+	৩
প । প প	র্স র্স র্স ।	র্স । র্স র্স	র্স র্র র্স ।
ত ০ জ র	র নি কো ০	মে ০ ল মি	লা ০ উঁ ০
র্স । র্স ।	র্সধ । ধ ধ	র্স র্র র্স র্র	র্স ধ ধ প
তা ০ মে ০	ম০ ০ ধ্য ম	অং ০ শ র	চা ০ ০ উঁ
ম । ম ম	প । ধ প	ধ প ম ম	র । স স
ঙ ০ ন্ত গান্	ধা ০ র রি	ম ত বি ন	রো ০ হ ন
র্স । র্স ধ	র্স র্স র্স র্র	র্স ন ধ প	ম ম প ।
রি ০ ঝ ০	প্র ভু ক র	তা ০ র আ	০ জ হুঁ ০

হিণ্ডোল

রাগ-পরিচয়—কল্যাণ ঠাট থেকে হিণ্ডোল রাগের উৎপত্তি। এ রাগের রেখাব ও পঞ্চম বর্জিত। হিণ্ডোল ঔড়ব-ঔড়ব জাতীয় রাগ। এ রাগের বাদী স্বর গান্ধার এবং সমবাদী স্বর ধৈবত। হিণ্ডোল উত্তরাঙ্গ প্রধান রাগ। এ রাগের আরোহীতে নিখাদ বক্রভাবে ব্যবহৃত হয়। কারণ, নিখাদের ব্যবহার অধিক হলে হিণ্ডোল রাগের উপর সোহনী রাগের ছায়া এসে যায়। এ রাগের প্রকৃতি গম্ভীর এবং রূপ স্বতন্ত্র। হিণ্ডোল রাগে গমকের প্রয়োগ অত্যন্ত চিত্তাকর্ষক। দিনের প্রথম প্রহরে এ রাগ গাওয়া বা বাজানো হয়। এ রাগে ব্যবহৃত মধ্যম স্বরটি তীব্র (কড়ি)।

আরোহী— স গ হ্ম ধ, ন ধ, র্স

অবরোহী—র্স ন ধ হ্ম গ স

পকড়— গ স বা ন ধ র্স ধ

স্বর-বিস্তার ঃ

হ্ম গ, স, ন্ ধ্, হ্ম্ ধ্, স, সগ, হ্মধ, হ্মগ, স।

হ্ম্ধ্স, ন্ধ্, ন্ধ্, হ্ম্গ, হ্ম্ধ্, স, গ, হ্মগ, স, গস, গহ্ম, নধহ্মগ, হ্মধর্স, নধহ্মগ, হ্মগ, স, সগহ্মধ, নধহ্ম, গহ্মধর্স, র্সনধ, নধহ্মগ, হ্মধর্স, র্গর্স, নধহ্মগ, হ্মধনধ, হ্মগ, স।

ধ্ধ্স, গহ্মস, সগহ্মগস, সগ, হ্মগ, ধহ্মগ, নধহ্মগ, ধধহ্মগ, হ্মধর্স, র্গর্স, র্হ্মর্গর্স, নধহ্মগ, হ্মগস॥

লক্ষণ-গীত—ঝাঁপতাল

স্থায়ী— হিণ্ডোল কে বোল, সাগামাধানিধামাগাসা,
আরোহ অবরোহ রে পা বরজ কর গায়ে।

অন্তরা—গান্ধার কর বাদী, ধৈবত হ্যায় সমবাদী,
আরোহণ নি ত্যজত সানিধামানিধামাগাগাসা ॥

স্থায়ী

+		৩			০		১		
গ	গ	স	া	ধ্	ক্ষ্	ধ্	স	া	স
হিন্	০	ডো	০	ল	কে	০	বো	০	ল
স	গ	ক্ষ	ধ	ন	ধ	ক্ষ	গ	গ	স
সা	গা	মা	ধা	নি	ধা	মা	গা	গা	সা
স	া	গ	া	গ	ক্ষ	ধ	র্স	া	র্স
আ	০	রো	০	হ	অ	ব	রে	০	হ
র্স	ন	ধ	ক্ষ	গ	ক্ষ	গ	স	া	স
রে	গা	ব	র	জ	ক	র	গা	০	য়ে

অন্তরা

+		৩			০		১		
গ	া	ক্ষ	া	ধ	র্স	র্স	র্স	া	র্স
গান্	০	ধা	০	র	ক	র	বা	০	দী
র্স	া	র্গ	র্গ	র্মা	র্গ	র্গ	র্স	া	র্স
ধৈ	০	ব	ত	হ্যায়	স	ম	বা	০	দী
র্ক্ষ	া	র্গ	র্গ	র্ক্ষ	র্গ	া	র্স	র্স	ধ
আ	০	রো	হ	ণ	নি	০	ত্য	জ	ত
র্স	ন	ধ	ক্ষ	ন	ধ	ক্ষ	গ	গ	স
সা	নি	ধা	মা	নি	ধা	মা	গা	গা	সা

কামোদ

রাগ-পরিচয়—কল্যাণ ঠাট থেকে কামোদ রাগের উৎপত্তি। এ রাগের জাতি—সম্পূর্ণ। কামোদ রাগে উভয় মধ্যমের প্রয়োগ হয়। আরোহীতে শুদ্ধ এবং অবরোহীতে কড়ি মধ্যম। কামোদের বাদী স্বর—পঞ্চম এবং সমবাদী স্বর—রেখাব। এ রাগ রাত্রির প্রথম প্রহরে গাওয়া বা বাজানো হয়। হাম্বীর, কেদার, ছায়ানট প্রভৃতি রাগের মত কামোদ রাগের আরোহীতেও গান্ধার এবং নিখাদ বক্ররূপে ব্যবহৃত হয়। এ রাগের গান্ধার ও নিখাদ উভয় স্বরই দুর্বল। কামোদের আরোহীতে রেখাব থেকে একবারে পঞ্চম পর্যন্ত চলে আসতে হয়। যেমন—রপ, মরপ, সমরপ। এরূপ আরোহণ দ্বারা রাগ-রূপ স্পষ্ট হয়। কোমল নিখাদ এ রাগের বিবাদী স্বর। সপ্তকের তিনটি স্থানেই এ রাগের বিস্তার সমানভাবে হয়। কামোদ উত্তরাঙ্গ প্রধান রাগ। এর শুদ্ধ মধ্যম প্রবল।

আরোহণ— স, মরপ, ক্ষপধপ, নধর্স

অবরোহণ—র্সনধপক্ষপধপ, গমপ, গমরস

পকড়— মরপ বা গমপ, গমরস

স্বর-বিস্তার ঃ

স, র, পপ, ধপ, গমপ, গমর, স।
স, ধ্, প্, স, রস, মর, পপ, ধধপপ, প, ধপ, গমপ, গমর, স।
সরস, গমর, পপ, ক্ষপধপ, র্সধপ, গমর, পগমর, স।
পপ, র্স, র্র্স, র্মর্র্স, র্র্সধপ, ক্ষপধধপ, গমধপ, গমপ, গমরপ, গমরস।
র্সর্স, র্রর্র্স, র্গর্মর্র্স, নধপ, ক্ষপ, ধধপক্ষপ, গমধপ, গমর, পগমরস॥

লক্ষণ-গীত—চৌতল

স্থায়ী— মেল জনক কল্যাণ, রাগ কমোদ
গুণীজন সব গাবত।
অন্তরা—রে, পা সমবাদী ; গা, নি অতি দুর্বল
দুনো মধ্যম 'চতুর' দিখাবত॥

স্থায়ী

+		০		২		০		৩		৪	
স	।	র	স	ম	র	প	প	ধ	প	প	প
মে	০	ল	জ	ন	ক	ক	০	ল্যা	০	ণ	০

+		০		২		০		৩		৪	
র্স	।	ধ	প	।	ধ	।	প	গ	ম	প	গ
রা	০	গ	কা	০	মো	০	দ	ও	ণী	জ	ন
ম	র	স	র	প	গ	ম	প	গ	ম	র	স
স	ব	গা	০	০	০	০	০	০	০	ব	ত

অন্তরা

+		০		২		০		৩		৪	
প	।	র্স	।	র্স	র্র	র্স	র্স	র্র	র্গ	র্গ	র্ম
রে	পা	স	ম	বা	০	দী	০	গা	নি	অ	০
র্র	র্স	ধ	প	।	ক্ষ	প	ধ	র্স	র্র	র্স	ধ
তি	দু	র্	ব	ল	দু	০	নো	০	ম	০	ধ্য
প	গ	ম	প	গ	ম	র	স	র	প	ধ	প
ম	চ	তু	র	দি	খা	০	০	০	০	০	০
প	গ	ম	ধ	প	গ	ম	প	গ	ম	র	স
০	০	০	০	০	০	০	০	০	০	ব	ত

ছায়ানট

রাগ-পরিচয়—কল্যাণ ঠাট থেকে ছায়ানট রাগের উৎপত্তি। ছায়ানট সম্পূর্ণ-জাতীয় রাগ। এ রাগের বাদী স্বর—রেখাব এবং সমবাদী স্বর—পঞ্চম। গ্রহ স্বর—ধৈবত এবং ন্যাস স্বর—ষড়জ ও পঞ্চম। ছায়ানটে দুই মধ্যম ব্যবহৃত হয়। আরোহীতে শুদ্ধ এবং অবরোহীতে কড়ি মধ্যমের প্রয়োগ হয়। এ রাগের আরোহীতে নিখাদ এবং অবরোহীতে গান্ধার বক্র। যেমন—রগমপ, নধর্স এবং পমপ, গমরস। ছায়ানট সঙ্কীর্ণ শ্রেণীর রাগ। কোনো কোনো গুণীদের মতে কল্যাণ, হাম্বীর, নট, গৌড় এবং আলাহিয়ার সংমিশ্রণে ছায়ানট রাগের সৃষ্টি। ছায়ানট ও কামোদের মধ্যে যথেষ্ট সামঞ্জস্য আছে। ছায়ানটের অবরোহীর সঙ্গে কামোদ বা অন্যান্য কিছু রাগের অবরোহী মিলে যায়। অন্যান্য রাগের ছায়া থেকে ছায়ানট রাগকে আলাদা রাখার জন্যে নিম্নলিখিত বিষয়গুলোর উপর লক্ষ্য রাখা উচিত ঃ—

(ক) কামোদের আরোহী কখনও গান্ধার এবং মধ্যম থেকে পঞ্চমে যায় না, কিন্তু ছায়ানটে এরূপ হয়।

(খ) কামোদে যেমন আরোহীতে রেখাব থেকে পঞ্চমে যায় তেমনি ছায়ানটেও অবরোহীতে পঞ্চম থেকে রেখাবে আসে। যেমন—

কামোদের তান— সরপপ, গমধপ, গমপগ, মরস।

ছায়ানটের তান— ধপর, রগপমপগমরস।

(গ) কামোদের বাদী স্বর—পঞ্চম, কিন্তু ছায়ানটের বাদী স্বর—রেখাব।

(ঘ) কামোদের উত্তরাঙ্গ প্রবল, কিন্তু ছায়ানটের পূর্বাঙ্গ প্রবল।

উপরোক্ত নিয়মগুলো লক্ষ্য রাখলে ছায়ানট রাগের শুদ্ধতা বজায় থাকবে। অবরোহীতে ছায়ানট রাগের গতি বক্র। ছায়ানটের শুদ্ধ মধ্যম প্রবল। কোমল নিখাদ এ রাগের বিবাদী স্বর। অবরোহীতে কৌশলে কোমল নিখাদের প্রয়োগে রাগের সৌন্দর্য বৃদ্ধি পায়। ছায়ানট রাগ রাত্রি প্রথম প্রহরে গাওয়া বা বাজানো হয়।

আরোহী— স র গ ম প ধ ন, ধ র্স

অবরোহী—র্স ন ধ প ক্ষ প, র গ ম প, গ ম র স

পকড়— রগমপ বা ধপর অথবা রগমপ গমরস

স্বর-বিস্তার ঃ

স, রর, গমপ, মগগ, মর, সরস, সধ্প্, প্প্রর. রগমপ, ধধপ, গমর, স।
সরস, রগমপ, র, গমর, স, ধ্ধ্প্, রর, গমপ, গমর, স।
ররস, গমরস, পপগমপ, গমরস, ধধপ, র, গমপ, সরস, পপ, র, গমপ, ধধপ, ক্ষপধপ,
র্সধপ, র্র্সধপ, রর, গমপ, গমরস।
মপর্স, র্র্স, র্সর্গর্মর্র্স, র্পর্গর্মর্র্স, র্র্র্স, ধপ, র, গমপ, গমর, সরস॥

লক্ষণ-গীত—ত্রিতাল

স্থায়ী—সব কোউ রিঝত ছায়ানট পর,
শঙ্করভূষণ মেল মিলাবত, রিষভ হোত প্রধান মান স্বর।
অন্তরা—অবরোহণ মে সপ্তম বরজিত, গা-কো বক্র কর চতুর ঘুমাবত,
ধৈবত গ্রহ কর, ন্যাস সো পঞ্চম, পঞ্চম রিষভ সঙ্গ লাগে মধুর॥

স্থায়ী

০				১				+				৩			
ধ	ধ	প	প	র	গ	মগ	প	গ	ম	র	স	।	র	স	স
স	ব	কো	উ	রি	০	ঝ০	ত	ছা	০	য়া	ন	০	ট	প	র
স	।	গ	গ	ম	র	স	স	স	।	র	স	স	স	ধ্	প্
শং	০	ক	রি	ভূ	০	ষ	ণ	মে	০	ল	মি	লা	০	ব	ত

০				১				+				৩			
প্	প্	র	র	র	গ	গ	প	গম	ম	র	স	স	র	স	স
রি	০	ষ	ভ	হো	০	ত	গ্র	ধা০	০	ন	মা	০	ন	স্ব	র

অন্তরা

০				১				+				৩			
প	প	প	।	র্স	।	র্স	।	র্স	।	র্স	র্স	র্স	র্র	র্স	র্স
অ	ব	রো	০	হ্	ণ	মে	০	স	০	প্ত	ম	ব	র	জি	ত
০				১				+				৩			
র্স	র্স	ধর্স	।	র্স	র্স	র্স	র্স	র্স	র্র	র্স	র্স	র্ধ	।	ধ	প
গা	কো	০০	ব	০	কু	ক	র	চ	তু	র	ঘু	মা	০	ব	ত
ক্ষ	।	প	প	ধ	ধ	প	প	ম্গ	।	ম	র	স	।	ধ্	প্
ধৈ	০	ব	ত	গ্র	হ	ক	র	ন্য	০	স	সো	পন্	০	চ	ম
প	।	র	র	র	গ	গ	প	ম	গ	ম	র	স	র	স	স
পন্	০	চ	ম	রি	০	ষ	ভ	সং	০	গ	লা	গে	ম	ধু	র

গৌড় সারং

রাগ-পরিচয়—কল্যাণ ঠাট থেকে উৎপন্ন রাগগুলোর মধ্যে গৌড় সারংয়ের স্থান স্বতন্ত্র। এ রাগের জাতি সম্পূর্ণ হওয়া সত্ত্বেও আরোহীতে সপ্ত-স্বরের প্রয়োগ বক্রভাবে হয়। হাম্বীর, কেদার, কামোদ, ছায়ানট প্রভৃতি রাগের মত গৌড় সারংয়েও উভয় মধ্যম প্রয়োগ হয়। এ রাগের উভয় মধ্যমই প্রবল। গৌড় সারংয়ে বক্রভাবে নিখাদের প্রয়োগ হয়। এ রাগের বাদী স্বর—ধৈবত, সমবাদী স্বর—গান্ধার এবং মুখ্য অঙ্গ 'গ র ম গ' স্বর। এতে ব্যবহৃত স্বরগুলোর মধ্যে গান্ধার প্রধান। গৌড় সারং দ্বিপ্রহরে গাওয়া বা বাজানো হয়। এ রাগ বীর এবং শান্তি রসযুক্ত। নট, কেদার এবং পূর্বী রাগের সংমিশ্রণে গৌড় সারংয়ের সৃষ্টি।

আরোহী— স র স গ র ম গ প ক্ষ ধ প ন ধ র্স

অবরোহী—র্স ধ ন প ধ ক্ষ প গ ম র প র স

পকড়— গরমগ, পক্ষধপ, মগ বা সগরমগ, প র স

স্বর-বিস্তার ঃ

গ, ন্‌রস, গর, মগ, রন্‌স, রস, র, ন্‌স, গ্‌ন্‌স, গর, মগপপ, মগর, মগ, প, র, স।

সরগ, রমগ, পক্ষপ, ধপ, মগ, রগর, মগ, পর, স।

সরমগ, পপক্ষপ, ধধপ, মগ, রগরমগ, ক্ষপধ, গমপ, নধর্সনর্রর্স, নধপ, ধক্ষপ, ধপ, মগ, রগরমগ, পরস।

পপর্স, র্স, র্সর্রর্স, র্সর্রর্মর্গর্রর্স, র্সর্রর্স, নধনধপ, ধক্ষপ, মগ, রমগ, পক্ষপ, ধপ, নধ, র্সন, র্রর্স, নধপ, মগ, রগরমগ, পরস॥

লক্ষণ-গীত—ত্রিতাল

স্থায়ী— কহত গৌড় সারং কো গুণীয়ন,
কল্যান কো ঠাট সম্পূরণ কর স্বর রচত ধাগানি কো সম্বাদ।

অন্তরা—গাবত হরষত দ্বিতীয় প্রহর দিন ছাড়ত অবরোহণ স্বর সপ্তম,
বক্রূপ নি-ত দেখ পাবে সুখ চতুর কো মন॥

স্থায়ী

০	১	+	৩
স মগ র স	। র স ।	গ র ম গ	প ক্ষ প প
ক হ০ত গৌ	০ ড় সা ০	রং ০ গ কো	গু ণী য় ন
ন ধ র্স র্র	র্স ন ধ প	ম গ র গম	প র স স
ক ০ ল্যা০	ণ ০ কো০	ঠা ০ ট সম্	০ পূ র ণ
স ধ্ প্ প্	প প ম প	গ ম র গম	ম র । স
ক র স্ব র	র চ ত ধা	গা নি কো সম্	০ বা ০ দ

অন্তরা

গ ম গ গ	প প র্স ধ	র্স র্স র্স র্স	র্স র্র র্স র্স
গা ০ ব ত	হ র ষ ত	দ্বি তী য় প্র	হ র দি ন
র্সধ । ধ ধ	র্স র্স র্স ।	র্স র্র র্স র্স	র্সধ । প প
ছা ০ ড় ত	অ ব রো ০	হ ণ স্ব র	স ০ প্ত ম
গম গম র গম	গম র স স	গম গম স স	ম গ ক্ষ প
ব০ ০০ ক্রূ রূ০	০০প নি ত	দে০০০ খ পা	০ বে সু খ
ক্ষপ ধপ প গ	ম র স ।		
চ০ তু০ র কো	০ ম ন ০		

ইম্‌নি-বিলাবল

রাগ-পরিচয়—কল্যাণ ঠাট থেকে ইম্‌নি-বিলাবলের উৎপত্তি। বিলাবল এবং ইমনের মিশ্রণে এ রাগের সৃষ্টি। সকাল বা সন্ধ্যা প্রথম প্রহরে এ রাগ গাওয়া বা বাজানো হয়। ইম্‌নি-বিলাবলে দুই মধ্যম ব্যবহৃত হয়। এর আরোহীতে কড়ি মধ্যম ব্যবহার করা হয় এবং তাতে ইমনের রূপ প্রকাশ পায়। অবরোহীতে শুদ্ধ মধ্যমের প্রয়োগে বিলাবলের রূপ স্পষ্ট প্রতীয়মান হয়। ইম্‌নি-বিলাবল সম্পূর্ণ-জাতীয় রাগ। এক মতে এ রাগের বাদী স্বর—ষড়জ, সমবাদী স্বর—পঞ্চম। ভিন্ন মতে, গান্ধার বাদী এবং ষড়জ সমবাদী। বিলাবলের নিখাদ বক্র, কিন্তু ইম্‌নি-বিলাবলের নিখাদ সরল। এ রাগের বিশেষত্ব হচ্ছে—এতে ইমন এবং বিলাবলের আরোহী-অবরোহী মিশ্রিত।

আরোহী— স র গ ম গ, ঋ প ধ ন ধ র্স

অবরোহী—র্স ন ধ প ম গ ম র স

পকড়— ন্ র গ ম র গ—ঋ প গ ম গ র গ র স

স্বর-বিস্তার :

সরগ, রস, ন্‌স, প্‌ধ্‌ন্‌স, গর, গঋপ, মগমরস।

স, গমর, গঋপ, ঋঋগর, মগমরস, রস।

নধ, নধপ, পঋপ, ধপঋঋগর, গমগমরস।

প্‌প্‌ন্‌স, ররন্‌স, ঋপরন্‌স, রমর, ঋপ, নঋপ, ঋপধঋপ, মগ, গমপধঋগ, গমপ, গমর, ন্‌স, র, ঋপ।

পপ, র্স, র্নর্স, নর্সর্র, র্মর্র, নর্স, নধপ, ঋপপ, নর্রন, ঋপ, ঋপপ, ধঋপ, মগ গমপধঋপ, গমপ, গমর, ন্‌স॥

লক্ষণ-গীত—ঝাপতাল

স্থায়ী— ইম্‌নি-বিলাবল সব চতুর গাবত,
প্রথম প্রহর গায় রাগ য়্যা সুহাবত।

অন্তরা—বিলাবলী সঙ্গ কল্যাণ কো মিলায়,
বাদী স্বর ষড়জ কর সব কো রিঝাবত॥

স্থায়ী

+			৩				০			১		
স	র		গ	।	গ		গ	ম		গ	গ	।
ই	ন্‌		নি	০	বি		লা	০		ব	ল	০

+		৩			০		১		
প	ধ	ধ	প	প	^{প}গ	ম	গ	^{গ}র	স
স	ব	চ	তু	র	গা	০	ব	ত	০
স	স	গ	র	স	র	স	ন্‌	ধ্‌	প্‌
প্র	থ	ম	০	শ্র	হ	র	গা	০	য়
প	ধ	ধ	প	প	গ	ম	গ	^{গ}র	স·
রা	০	গ	ন্যা	সু	হা	০	ব	ত	০

অন্তরা

+		৩			০		১		
$^{র্স}$ধ	।	$^{র্স}$ধ	ন	ন	র্স	।	র্স	র্র	র্স
বি	০	লা	০	ব	লী	০	সং	০	গ
র্স	র্র	র্গ	র্ম	র্গ	র্মর্র	র্সন	^{ন}ধ	।	প
ক	০	ল্যা	০	ণ	কো০	মি০	লা	০	য়
ধ	।	ধ	প	প	ধ	ন	ধ	প	প
বা	০	দী	স্ব	র	ম	ধ্	জ	ক	র
প	ধ	ধ	প	প	গ	ম	গ	^{গ}র	স
স	ব	কো	০	রি	ঝা	০	ব	ত	০

বিলাবল

রাগ-পরিচয়—বিলাবল ঠাট থেকে বিলাবল রাগের উৎপত্তি। এ রাগটি বিলাবল-ঠাটের আশ্রয়-রাগ। বিলাবলকে শুধ্-বিলাবলও বলা হয়। এক মতে বিলাবল রাগের বাদী স্বর ষড়জ, অন্যমতে ধৈবত। দু'টি মতই গ্রহণযোগ্য। এ রাগের আরোহণে মধ্যমের ব্যবহার কম এবং অবরোহণে গান্ধার দুর্বল। আরোহণে মধ্যম এবং অবরোহণে গান্ধার বক্র। কখনও কখনও আরোহণে নিখাদও বক্ররূপে ব্যবহৃত হয়। যেমন— প ধ ন ধ র্স। এ রাগের উত্তরাঙ্গ প্রবল। বিলাবল রাগের সমবাদী স্বর—গান্ধার; জাতি—সম্পূর্ণ; গ্রহ স্বর—গান্ধার; ন্যাস স্বর—পঞ্চম; প্রকৃতি—সামান্য চঞ্চল; সময়—দিবা প্রথম প্রহর। বিলাবল দ্বাদশ প্রকার। এ গ্রন্থে কেবল শুধ্-বিলাবলের বর্ণনাই দেওয়া হলো।

আরোহণ— স র গ ম, গ র, গ প ধ ন র্স

অবরোহণ— র্স ন ধ প ম গ, ম র স

পকড়— গ, মর, গ প ধ ন র্স

স্বর-বিস্তার ঃ

স, রস, গমগরস, নধনধপ, ধস, সরগ, প, ধপমগর, গমগরস।

সরগমপ, গমর, গপ, ধধগম, ধপমগ, মর, গমপ, নগরস, সরগমর, গপমগমর, ধধপ নধপ, ধমগপ, ধনধপ, গমর, গমপমগরস।

ননধপ, ধপ, নধপ, ধম, গপ, গমপ, মগমর, গমপমগরস।

পপনধনর্স, ধনর্স, র্স, র্সর্গর্মর্গর্র্স, র্সনধপধমগ, র্গর্স, ধধগ, মগমর, রগমপ, গমরস।

সরস, গপ, নধ, র্স, র্রর্স, নধপ, পধনধপ, মগর, গমপমগরস ॥

লক্ষণ-গীত—রূপক তাল

স্থায়ী— সানিধাপামাগারেগাপাধানিসা স্বর বিন্যাবলীকে কহায়ে।

অন্তরা— বক্র স্বরূপ নিষাদ পায়ে, উত্তরাঙ্গ প্রবল কহায়ে॥

স্থায়ী

২	৩	+	২	৩	+
র্স ন	ধ প	ম গ র	গ প	ধ ন	র্স । ।
সা নি	ধা পা	মা গা রে	গা পা	ধা নি	সা ০ ০
র্স র্স	র্গ র্ম	র্র । র্স	র্সধ র্সধ	র্র র্স	র্সধ । প
স্ব ০	র বি	ন্যা ০ ব	লী ০	কে ক	হা ০ য়ে

অন্তরা

২	৩	+	২	৩	+
প ।	নধ ন	র্স । র্স	র্সন র্সন	র্স র্স	র্র র্স র্স
ব ০	ক্র স্ব	রূ ০ প	নি ষা	০ দ	পা ০ য়ে
র্গ র্ম	প র্গ	র্মর্র্র । র্স	র্স র্স	র্র র্স	র্সধ । প
উ ০	ত্ত রাং	০ ০ গ	প্র ব	ল ক	হা ০ য়ে

বিহাগ

রাগ-পরিচয়— বিহাগ রাগের উৎপত্তি বিলাবল ঠাট থেকে। বিহাগের আরোহীতে রেখাব ও ধৈবত বর্জিত। অবরোহীতে এ দু'টি স্বর ব্যবহৃত হয়, কিন্তু প্রবল নয়। বিহাগ রাগে নিখাদের উপর দাঁড়িয়ে এই স্বরকে (নিখাদকে) বারবার স্পষ্ট করে দেখালে, শুনতে

ভালো লাগে। এ রাগের জাতি—ঔড়ব-সম্পূর্ণ; বাদী স্বর—গান্ধার; সমবাদী স্বর—নিখাদ; গ্রহ-স্বর—গান্ধার; প্রকৃতি—শান্ত এবং পূর্বাঙ্গ প্রবল। আজকাল বিহাগে উভয় মধ্যমের ব্যবহার প্রচলিত। কিন্তু কড়ি মধ্যমের প্রয়োগ ব্যতীতও বিহাগের রূপ স্পষ্ট হয়। নিম্নোদ্ধৃত লক্ষণ-গীত থেকেই তা প্রতীয়মান হবে। নিখাদ থেকে ধৈবত হয়ে পঞ্চম (ন-প) এবং গান্ধার থেকে রেখাব হয়ে ষড়জ (গ-স) পর্যন্ত দু'টি 'মীড়' বিহাগ রাগের বিশেষ স্বরূপ প্রকাশ করে। এগুলো ব্যতীত বিহাগের রূপ সৌন্দর্যহীন হয়। রাত্রি দ্বিতীয় প্রহরে এ রাগ গাওয়া বা বাজানো হয়।

আরোহী—স গ ম প ন র্স
অবরোহী—র্স ন ধ প ম গ র স
পকড়—স ম গ স

স্বর-বিস্তার ঃ

ম, গস, ন্, প্ন্, স, গ, মপম, গস, ।
ন্স, মগসন্, প্ন্স, গমপ, গমগ, ন্স, গমপ, মগস ।
গমপ, গমগসন্স, প্ন্স, গমপ, নপ, গমপ, পগমগস, গমপন, পনর্স, র্গস, র্গমর্গর্গমর্গস,
ন, পনর্সনপগমগ, সগমপ, নপগমগস।
সগমপ, নর্স, র্মর্গস, র্স, নপ, গমগ, মপনর্স, র্সনপ, মগস ॥

লক্ষণ-গীত—ত্রিতাল

স্থায়ী— অতি সুগম রূপ রাগিণী জানত নাম বিহাগ,
চতুর গুনী মানত।
অন্তরা— বাদী গান্ধার, রে ধা ত্যজত আরোহণ
গামাপানিসানিধাপাগামাপামাগারেসা ॥

স্থায়ী

০				১				+				৩			
প	প	প	ম	গ	স	া	ন্	প্	া	ন্	ন্	স	া	গ	গ
অ	তি	সু	গ	ম	রূ	০	প	রা	০	গি	ণী	জা	০	ন	ত
ন্	স	গ	ম	প	া	র্স	ন	প	গ	ম	প	গ	া	ন্	স
মা	০	ম	বি	হা	০	গ	চ	তু	র	গু	নী	মা	০	ন	ত

অন্তরা

০	১	+	৩
গ । ন ন	র্স । র্স র্স	র্স র্স ন প	প । র্স ন
বা ০ দী গান্	ধা ০ র রে	ধা তা জ ত	আ রো হ ণ
গ ম প ন	র্স ন ধ প	গ ম প ম	গ র স ।
গা মা পা নি	সা নি ধা পা	গা মা পা মা	গা রে সা ০

বিহাগ

(উভয় মধ্যমযুক্ত)

আরোহী—ন্ স গ ম প ন র্স
অবরোহী—র্স ন ধ প ক্ষ গ ম গ র স
পকড়—প ক্ষ গ ম গ বা ন প ক্ষ গ ম গ

স্বর-বিস্তারঃ (গা থেকে সা এবং নি থেকে পা মীড় আছে)

ন্সগ, মগ, পক্ষগমগ নপমগ, গমপম গরস ।
সন্প্, ক্ষ্গ্ক্ষ্গ্, গ্ম্প্ম্গ্, গ্ম্প্ন্, প্স, ন্সগস ।
প্ন্সগ, মগ, পক্ষগমগ, ধক্ষপগমগ, পক্ষগমগ, ন্সগমপ, ক্ষগমগস ।
সমগপ, ক্ষধক্ষপগমগ, গমপনর্সনধপ, গমপ, মগরস ।
ন্সগমপনর্স, র্গর্স, নর্সর্গর্মর্প, র্গর্মর্গর্স, র্সনপ, ধক্ষপ, গমগ, গমপমগরস ॥

শঙ্করা

রাগ-পরিচয়—শঙ্করা রাগের উৎপত্তি বিলাবল ঠাট থেকে। কোনো কোনো মতে শঙ্করা ষাড়ব-জাতীয় রাগ এবং এতে মধ্যম বর্জিত। আবার কোনো কোনো মতে শঙ্করা ঔড়ব-জাতীয় রাগ এবং তাতে রেখাব ও মধ্যম বর্জিত। এ রাগ গাইবার বা বাজাবার সময় মধ্যরাত্রি। শঙ্করা রাগে বিহাগের রূপ পাওয়া যায়। কোনো কোনো মতে শঙ্করা রাগে গান্ধার বাদী স্বর এবং কোনো কোনো মতে ষড়্জ বাদী স্বর। এ রাগে উত্তরাঙ্গের স্বর অত্যন্ত শ্রুতি মধুর। এ কারণে এক মতে শঙ্করা গাইবার সময় প্রাতঃকাল এবং বাদী স্বর ষড়্জ। কিন্তু আজকাল এর প্রচলন নেই। শঙ্করাকে ঔড়ব করে গাইলে মনে হয় মালশ্রীর সঙ্গে এর যেন কিছুটা সামঞ্জস্য আছে। কিন্তু মালশ্রীতে ধৈবত বর্জিত এবং শঙ্করাতে প্রত্যক্ষরূপে ধৈবতের ব্যবহার হয়। যেমন—স গ প ন ধ, র্স ন প গ স। লক্ষ সংগীতের লেখক বলেন, যদি শঙ্করাতে গান্ধারকে

বাদী মানা হয়, তাহলে এ রাগ রাত্রে গাওয়াই ঠিক। নিম্নে চতুর পণ্ডিতের লেখা লক্ষণ-গীতটি মানা করার যোগ্য। কারণ, বিলাবল ঠাটের অন্তর্গত প্রচলিত সব রাগের বর্ণনা একই জায়গায় করা হয়েছে। এরূপ কল্যাণ ঠাটের রাগের বর্ণনা ইমনের লক্ষণ-গীতে এক জায়গায়ই করা হয়েছে।

আরোহী— স র গ প ন ধ র্স
অবরোহী—র্স ন ধ প গ ন ধ প গ র স
পকড়— র্স ন প গ প গ স

স্বর-বিস্তার ঃ

ন্স, প, গস, ন্স, প্নস, গরস, গপ, ননপ, গপ, গস।
সগ, প, গপ, নপ, গপ, নধপ, গপ, নন, গপ, গরস।
ন্স, গপ, নধপ, গপ, নধ, র্সনধপ, গপর্স, নপ, গরস।
সগপ, গস, গপর্সনপ, নন, গ, পনধ, র্সনধপ, গপ, গরস।
গপ, র্স, র্সর্গর্পর্গর্স, র্সনপ, নধর্স, র্গ, র্গ, ননধপ, গপ, গস।
র্সর্স, নপ, পনধর্স, ননগ, প, র্স, নপ, গপ, নধর্স নধপ, গপ, গস॥

লক্ষণ-গীত—একতালা (দ্বিমাত্রিক ছন্দ)

স্থায়ী— বিলাবল মেল সো জন্য রাগ চতুর গাত।
বিলাবল, শুক্ল, মাণ্ড, শঙ্করা, নট, দেশকার॥
অন্তরা—দেবগিরি, কুকুভ, হেম, হংসধ্বনি, লচ্ছাসাখ।
মলুহা, গুণকলি, দুর্গা, পর্দা, নট-বিলাবল॥

স্থায়ী

+		০		২		০		৩		৪	
র্স	।	ন	।	প	প	প	নধ	র্স	ন	প	।
বি	০	লা	০	ব	ল	মে	০০	০	ল	সো	০
প	।	প	গ	।	গ	গ	গ	প	গ	র	স
জ	০	ন্য	রা	০	গ	চ	তু	র	গা	০	ত
প্	।	ন্	।	স	স	স	গ	প	গ	র	স
বি	০	লা	০	ব	ল	শু	ক্	ল	মান্	০	ড
ন	।	প	প	গ	গ	প	গ	প	গ	র	স
শং	০	ক	রা	ন	ট	দে	০	শ	কা	০	র

অন্তরা

+		০		২		০		৩		৪	
প	।	প	ন	ন	।	র্স	র্স	র্স	র্স	।	র্স
দে	০	ব	গি	রি	০	কু	কু	ভ	হে	০	ম
র্স	।	র্গ	র্গ	র্গ	র্প	র্গ	।	র্স	ন	।	প
হৃৎ	০	স	ধব	নি	০	ল	০	চ্ছা	সা	০	থ
র্স	ন	প	গ	গ	প	গ	স	স	র	স	।
ম	লু	হা	০	ও	প	ক	লি	দু	র্	গা	০
র্স	র্গ	র্স	।	ন	প	গ	।	প	গ	।	স
প	র্	দা	০	ন	ট	বি	০	লা	ব	০	ল

দেশকার

রাগ-পরিচয়—দেশকার রাগের উৎপত্তি বিলাবল ঠাট থেকে। এ রাগের চলন পদ্ধতি আল্হাইয়া বিলাবলের মত। যেমন—স র গ প ধ, ধ গ – প ধ। দেশকার রাগে মধ্যম ও নিখাদ বর্জিত। এ রাগের জাতি—ঔড়ব। দেশকারকে অনেকটা ভূপালীর মত মনে হয়। কিন্তু এ দু'টি রাগের মধ্যে যথেষ্ট পার্থক্য বিদ্যমান। ভূপালী রাগের পূর্বাঙ্গ প্রবল এবং দেশকার রাগের উত্তরাঙ্গ প্রবল। ভূপালীর বাদী স্বর—গান্ধার ও সমবাদী স্বর—ধৈবত। কিন্তু দেশকারের বাদী স্বর—ধৈবত এবং সমবাদী স্বর—গান্ধার। ভূপালী, রাত্রি প্রথম প্রহরে গাওয়া বা বাজানো হয়। আর দেশকার গাওয়া বা বাজানো হয় দিনের প্রথম প্রহরে। এতটা পার্থক্য থাকা সত্ত্বেও এ দু'টি রাগ সম-প্রকৃতির বলে মনে হয়। দেশকারের ধৈবত খুব সাবধানে প্রয়োগ করা উচিত। একটু অসাবধান হলে রাগের রূপ নষ্ট হওয়া অনিবার্য।

আরোহী—স র, গ প ধ র্স
অবরোহী—র্স ধ প গ র স
পকড়—র্স-ধ প ধ, বা গ প ধ-প ধ

স্বর-বিস্তার ঃ

ধ্ধ্, প্, গপ, ধপ, গরস।
সরগপ, ধধ, গপধপ, গরস।
সধ্স, গপধপ, র্স, ধপগপধপ, গপ, গরস।
সরস, গপগ, পধপ, ধ, র্স, ধপ, গপ, ধপগরস।
পগপধ, ধধপ, ধর্সধপ, ধর্রর্স, ধপ, গরস।
গপধর্স, র্সধর্স, র্সর্রর্সধপ, র্গর্র, র্সর্রর্সধ, পধপ, গপধপগরস॥

লক্ষণ-গীত—চৌতাল

স্থায়ী—প্রাতঃ সময় দেশকার কহত গুণী বিচার।
ঔড়ব মা, নি ত্যাজ শুধ্ স্বর
সা রে সা ধা ধা, পা ধা, পা গা রে সা॥

অন্তরা—ধৈবত স্বর বাদী করত, রিষভ সমবাদী কহত।
পা ধা গা গা পা ধা সা রে সা সা রে সা গা রে
সা ধা সা ধা পা গা রে সা॥

স্থায়ী

+		০		২		০		৩		৪	
ধ	।	প	প	ধ	প	গ	।	প	গ	র	স
প্রা	০	তঃ	স	ম	য়	দে	০	শ	কা	০	র
স	ধ্	ধ্	স	স	র	গ	প	প	ধ	প	প
রা	০	গ	ক	হ	ত	গু	ণী	বি	চা	০	র
গপ	।	প	প	ধ	ধ	র্স	ধ	র্স	র্স	র্র	র্স
ঔ০	০	ড়	ব	মা	নি	ত্য	জ	শু	ধ্	স্ব	র
র্স	র্র	র্স	ধ	ধ	প	ধ	প	গ	র	স	।
সা	রে	সা	ধা	ধা	পা	ধা	পা	গা	রে	সা	০

অন্তরা

+		০		২		০		৩		৪	
প	গ	প	প	ধ	ধ	র্স	।	র্স	র্স	র্স	র্স
ধৈ	০	ব	ত	স্ব	র	বা	০	দী	ক	র	ত
র্স	।	র্সধ	ধ	র্স	র্স	র্স	র্র	র্স	ধ	ধ	প
রি	০	ষ	ভ	স	ম	বা	০	দী	ক	হ	ত
প	ধ	গ	গ	প	ধ	র্স	র্র	র্স	র্স	র্র	র্স
পা	ধা	গা	গা	পা	ধা	সা	রে	সা	সা	রে	সা
র্গ	র্র	র্স	র্র	র্স	ধ	র্স	ধ	প	গ	র	স
গা	রে	সা	রে	সা	ধা	সা	ধা	পা	গা	রে	সা

নট

রাগ-পরিচয়—নটকে 'নাট'ও বলা হয়। বিলাবল ঠাট থেকে নট রাগের উৎপত্তি। এর জাতি—সম্পূর্ণ-ওড়ব। এ রাগের বাদী ও ন্যাস স্বর—মধ্যম। নট বীর-রসাত্মক রাগ। এ রাগের অবরোহীতে গান্ধার ও ধৈবত বর্জিত। রাত্রি দ্বিতীয় প্রহরে এ রাগ গাওয়া বা বাজানো হয়। কোনো কোনো গ্রন্থে নট রাগের গান্ধার কোমল হওয়া উচিত লেখা আছে। কিন্তু এ মতের প্রচলন নেই। পণ্ডিতগণ বলেন যে, নট রাগে ছায়া, কামোদ ও আলাহিয়ার স্বর-সঙ্গতি আছে এবং এর পূর্বাঙ্গ প্রবল। এ রাগের অবরোহীতে গান্ধার ও ধৈবত বর্জিত বলে বিলাবল থেকে পৃথক এবং মধ্যম বাদী স্বর বলে ছায়া ও কামোদ হতেও স্বতন্ত্র। শ্যাম কল্যাণ থেকেও এ রাগ পৃথক। কারণ, শ্যামকল্যাণে 'ষড়জ' বাদী, কিন্তু এতে (নট রাগে) 'মধ্যম' বাদী। নট রাগে ব্যবহৃত সবগুলো স্বরই শুদ্ধ। এ রাগের গতি বক্র।

আরোহী—স র স গ ম, প ম, প ধ ন র্স
অবরোহী—র্স ধ ন প, ম প ম গ ম, স র স
পকড়—সরস, গম, পম, গম, ধনপ, মপমগম, সরস

স্বর-বিস্তার ঃ

স, ম, ম, গ ম, ম প প, ম গ ম, স র স।
স র স, গ ম, প ম, গ ম, ধ ন প, ম প ম, গ ম, স র স।
পমগম, পনর্স, নধনপ, র্স, র্রগর্ম, র্রর্রর্স, র্সধনপ, মপ, মগম, সরস।
পধর্স, নর্সর্রর্স, র্সর্রগর্ম, র্রর্রর্স, র্সনধনপ, মপমগম, র্সধনপ, গমপ, সরস॥

লক্ষণ-গীত—ঝাপতাল

স্থায়ী— শুদ্ধ স্বর রচ মেল মধ্যম করে প্রমাণ,
নট রাগিণী গায়ো গুণী শাস্ত্র পরমাণ।
অন্তরা—ছায়া, কামোদ সো আলাহিয়া মিলে আয়,
ধা গা বর্জ কর অবরোহ নিত তু মান॥

স্থায়ী

+		৩			0		১		
স	।	গ	ম	ম	ম	প	ম	।	ম
শু	০	দ্ধ	স্ব	র	র	চ	মে	০	ল
গ	ম	প	প	প	ম	গ	ম	।	ম
ম	০	ধ্যা	ম	ক	রে	প্র	মা	০	ণ

+		৩			০				
গ	ম	প	প	।	ন	র্স	র্ধ	ন	প
ন	০	ট	রা	০	গি	ণী	গা	০	য়ো
র	গ	গ	ম	প	স	র	সা	।	স
গু	ণী	শা	০	স্ত্র	প	র	মা	০	ণ

অন্তরা

+		৩			০		১		
প	।	প	র্স	।	র্স	।	র্স	র্স	।
ছা	।	য়া	কা	০	মো	০	দ	সো	০
র্স	র্গ	র্গ	।	র্ম	র্র	।	র্স	।	র্স
আ	লাহি	য়া	০	মি	লে	০	আ	০	য়
প	র্ধ	ন	র্স	র্র	র্স	র্স	র্ধ	ন	প
ধা	গা	ব	র	জ	অ	ব	রো	০	হ
র	গ	গ	ম	প	স	র	স	।	স
চ	তু	র	নি	ত	তু	০	মা	০	ন

দুর্গা

রাগ-পরিচয়—দুর্গা দুই প্রকার। একটি বিলাবল এবং অপরটি খাম্বাজ ঠাটের অন্তর্গত। উদ্ভূত দুর্গা রাগটির উৎপত্তি বিলাবল ঠাট থেকে। এ রাগের জাতি—ঔড়ব। এ রাগে গান্ধার ও নিখাদ বর্জিত। বাদী স্বর—ধৈবত। এতে শুধ্ মল্লারের রূপ সামান্য পাওয়া যায়। এ রাগ গাইবার সময়—বেলা দ্বিপ্রহর। দুর্গা রাগে গান্ধারের ব্যবহার নেই বলে সোরটের ছায়া পাওয়া যায়। সোরট রাগের আরোহীতে রেখাব ও ধৈবতের ব্যবহার নেই, কিন্তু দুর্গা রাগে আছে। সোরটে নিখাদ ব্যবহৃত হয়, কিন্তু এতে নিখাদ বর্জিত। এ কারণে সোরট থেকে দুর্গা পৃথক। দুর্গা রাগে রেখাব ও পঞ্চমের প্রয়োগ থাকাতে মল্লারের রূপও প্রভাব বিস্তার করতে পারে না। এ রাগে স্পষ্টভাবে মধ্যমের ব্যবহারে রাগের রূপ সৃষ্টি হয়। দুর্গা রাগে নিখাদের ব্যবহার নেই বলে সারং থেকেও এ রাগ সম্পূর্ণরূপে স্বতন্ত্র। প্রাচীন গ্রন্থে 'শুদ্ধ সাবেরী' নামে সম-প্রকৃতির অপর একটি রাগের বর্ণনা পাওয়া যায়। খুব সম্ভব দুর্গা এবং শুদ্ধ সাবেরী একই রাগ।

আরোহী— স র, ম র, প ধ র্স
অবরোহী—র্স ধ প ধ ম র স
পকড়— ধ, ম র প, ম প ধ ম র, ধ্ স

স্বর-বিস্তার ঃ

প, মপধম, মর, প, পধম, র, স।
সধ্, সর, পধম, প, মপধমরস, সরস।
পমরস, ধধমরপ, ধম, রপম, সরস, সধ্স, মপধমর্সধ, ম, রপধম, পম, র, ধমরস, মপ, পধম।
মমপ, র্স, র্স, র্সর্রর্মর্র, র্স, পধম, মপর্স, র্রর্রধর্স, মপর্স, পধধম, পমপধ, ম, রম, সরম, সরস।
র্সধ, র্সর্র, র্সপ, ধম, পমপধম, মরপপ, ধধম, পপম, সররস, র্সর্রর্মর্রর্স, পধম, রপ॥

লক্ষণ-গীত—ত্রিতাল

স্থায়ী— রাগ গুণী দুর্গা বখানে,
ঔড়ব শুদ্ধ স্বর সাবেরী পরমাণ।
অন্তরা— মাপাধাসা, সাসারেসা, সারেমারে, সাপাধামা,
সাসাপাধা মারেসাসা, রেধাসাপা, ধামারে॥

স্থায়ী

+	৩	০	১
প ম প ধ	ম । র্র স	র প । প	প ধ ম র
রা ০ গ গু	ণী ০ ০ দু	র্ গা ০ ব	খা ০ নে ০
ম প ম র	র র স স	র্স ধ র্স র্র	প প ধ র
ঔ ০ ড় ব	শু দ্ধ স্ব র	সা ০ বে রী	প র মা ণ

অন্তরা

+	৩	০	১
ম প ধ র্স	র্স র্স র্র র্স	র্স র্র র্ম র্র	র্স প ধ ম
মা পা ধা সা	সা সা রে সা	সা রে মা রে	সা পা ধা মা
র্স র্স প ধ	ম র স স	র্র ধ র্স প	ধ ম র ।
সা সা পা ধা	মা রে সা সা	রে ধা সা পা	ধা মা রে ০

হেম কল্যাণ

রাগ-পরিচয়—বিলাবল ঠাট থেকে হেম কল্যাণ রাগের উৎপত্তি। এ রাগ রাত্রি প্রথম প্রহরে গাওয়া বা বাজানো হয়। হেম কল্যাণ রাগের জাতি— ঔড়ব; বাদী স্বর—ষড়জ এবং সমবাদী স্বর—পঞ্চম। এ রাগের আরোহীতে ধৈবত ও নিখাদ এবং অবরোহীতে নিখাদ ও গান্ধার বর্জিত।

হেম কল্যাণ রাগের স্বর-বিস্তার মন্দ্র ও মধ্য-স্থানেই বেশী করা হয়। সঙ্গীতজ্ঞ পণ্ডিতগণ বলেন যে, এ রাগের সঙ্গে কল্যাণ ও কামোদ রাগের সাদৃশ্য আছে। এ রাগের গতি বক্র এবং পূর্বাঙ্গ প্রবল। ধৈবতবিহীন আরোহী এবং মন্দ্র-স্থানের পঞ্চম থেকে হেম কল্যাণ রাগের স্বর-উচ্চারণের আরম্ভ অত্যন্ত শ্রুতিমধুর।

আরোহী— প্ধ্প্, সরস, গমপ, ধপ, র্স
অবরোহী—র্সধপ, গমপ, গমরস
পকড়— প্ধ্প্, সরস, গমপ গমরস।

স্বর-বিস্তার :

প্, ধ্প্, স, সরস, প, রস, গমপ, গমরস।
স, প্, ধ্প্, ধ্ধ্প্, স, পগমরস।
সরস, গমপ, ধপ, র্স, ধধ, গমপ, গমরস।
ধ্ধ্প্, ধ্প্, সরস, পগমরস।
সসরস, রর, গধপ, মগমর, স, গমপ, গমরস।
সস, মগ, প, পধপ, প্প্স, ররস, গমপ, গমর, স।
সগপ, ধপ, পধধপ, র্স, ধপ, গমপ, গমর, ধ্ধ্প্, ধ্প্প্, স, পগম, সরস॥

লক্ষণ-গীত—ঝাপতাল

স্থায়ী— হেম কল্যাণ সব গুণীজন কহত নাম,
ধা, নি ত্যজত অনুলোম অতি অপর পরমাণ।
অন্তরা—সা, পা করত সমবাদ, মন্দ্র মধুর স্থান,
উচ্চ স্বর চতুর মত নিশিকে প্রথম যাম॥

স্থায়ী

+		৩			০		১		
স	।	প্	ধ্	প্	স	।	স	স	স
হে	০	ম	ক	০	ল্যা	০	ণ	স	ব
স	স	স	র	স	র	র	স	।	স
গু	ণী	জ	ন	ক	হ	ত	না	০	ম
স	স	গ	ম	গ	প	প	প	ধ	প
ধা	নি	ত্য	জ	ত	অ	নু	লো	০	ম
প	প	প	ধ	প	ম	র	স	র	স
অ	তি	অ	প	র	প	র	মা	০	ণ

অন্তরা

+		৩			0		১		
স	স	ম	গ	গ	প	প	প	।	প
সা	পা	ক	র	ত	স	ম	বা	০	দ
প	।	ধ	ধ	প	র্স	র্স	প	।	প
মন্	০	দ্র	০	ম	ধু	র	স্থা	০	ন
প	।	গ	গ	প	গ	ম	র	স	স
শু	০	দ্ধ	স্ব	র	চ	তু	র	ম	ত
ধ	প	গ	ম	প	ম͡	র	স	র	স
নি	শি	কে	০	প্র	থ	ম	থ্যা	০	ম

খাম্বাজ

রাগ-পরিচয়—এ রাগের উৎপত্তি খাম্বাজ ঠাট থেকে। এর জাতি—ষাড়ব-সম্পূর্ণ অর্থাৎ আরোহীতে রেখাব বর্জিত এবং অবরোহী সম্পূর্ণ। এ রাগের আরোহীতে শুদ্ধ এবং অবরোহীতে কোমল নিখাদ ব্যবহৃত হয়। এ রাগের আরোহীতে পঞ্চমের প্রয়োগ কম হওয়া উচিত। এ রাগের বিশেষ স্বর—নিখাদ। খাম্বাজ রাগের বাদী স্বর—গান্ধার এবং সমবাদী স্বর—নিখাদ। এ রাগে ধৈবত্ত এবং মধ্যমের সঙ্গতি সুশ্রাব্য। যখন গান্ধার স্বরটিতে এ রাগের সমাপ্তি ঘটানো হয় তখন রাগের রূপ স্পষ্ট হয়ে উঠে। এ রাগ রাত্রি দ্বিতীয় প্রহরে গাওয়া বা বাজানো হয়। খাম্বাজ নিজ ঠাটের 'আশ্রয়-রাগ'।

আরোহী— স গ ম প ধ ন র্স
অবরোহী— র্স ণ ধ প ম গ র স
আরোহী-অবরোহী স্বরূপ – স গ ম প ধ গ,
ম প ধ ন র্স, র্স ণ ধ প ধ গ, ম প ম গ র স
পকড়— গ ম প ধ ন র্স বা র্স ণ ধ অথবা ধ গ ম গ

স্বর-বিস্তার ঃ

স, গ, মপ, ধগম, গমপধ, গমগ, রস।
ন্স, গ, ম, পধপ, ধগম, ণধ, র্সণধপ, গমপধ, গমগ, রস।
ন্সগমপ, ধণধপ, ণধ, নর্স, র্রর্স, ণধপ, গম, ণধপ, গমপ, গমগ, রস।
গমপ, নর্স, র্গর্মর্গ, র্রর্স, ণধ, র্সণধপ, গমধপ, গমপ, পমগ, রস॥

লক্ষণ-গীত—ত্রিতাল

স্থায়ী— কহত চতুর খাম্বাজ রাগিণী,
যব হরিকাম্ভোজী-ঠাট রচত তব।
অন্তরা—স্বর গান্ধার কো বাদী বরণত,
ষাড়ব-সম্পূরণ ত্যজত রিষভ তব॥

স্থায়ী

০				১				+				৩			
ধ	ধ	ধম	ম	গ	(প)প	ধ	ম	গ	।	।	ম	(ন)গ	।	(র)স	স
ক	হ	ত০	চ	তু	র	০	খা	ম্বা	০	০	জ	রা	০	গি	ণী
ন্	স	গ	গ	ন	।	ণ	ধ	(গ)ম	ধ	ন	র্স	(ধ)ণ	ধ	র্স	ণ
য	ব	হ	রি	কা	ম্	ভো	জী	ঠা	০	ট	র	চ	ত	ত	ব

অন্তরা

০				১				+				৩			
ম	গ	ম	(গ)ধ	।	ন	র্স	।	(র্স)ধ	ন	র্স	।	(র্গ)র্ম	র্গ	র্র	র্স
স্ব	র	গান্	ধা	০	র	কো	০	বা	০	দী	০	ব	র	ণ	ত
র্গ	র্ম	র্প	র্গ	র্ম	র্গ	ন	র্স	ন	ন	র্স	র্স	(ধ)ণ	(প)ধ	র্স	ণ
ষা	০	ড়	ব	সম্	পূ	র	ণ	ত্য	জ	ত	রি	ষ	ভ	ত	ব

দেশ

রাগ-পরিচয়—খাম্বাজ ঠাট থেকে দেশ রাগের উৎপত্তি। এ রাগেরজাতি—সম্পূর্ণ। আরোহীতে গান্ধার ও ধৈবতের প্রয়োগ বক্রভাবে হলেও অত্যন্ত দুর্বল। আরোহীতে গান্ধার স্পষ্ট-ভাবে ব্যবহৃত হয় এবং এ স্বরই দেশ রাগকে সোরট রাগ থেকে পৃথক করে দেয়। কেউ কেউ অবরোহীতে কোমল গান্ধার ব্যবহার করে এ রাগকে সোরট থেকে পৃথক করেন। যেমন—র্স ণ ধ প ম গ র্ম জ্ঞ র স ন্ স। গান্ধার স্বরটির উপর অধিকক্ষণ দাঁড়ানো উচিত নয়। গান্ধারের উপর বেশীক্ষণ দাঁড়ালে রাগের রূপ নষ্ট হয়ে যাবে। মধ্যম থেকে রেখাব পর্যন্ত মীড় প্রয়োগ করা উচিত। দেশ রাগের আরোহীতে সোরটের মত রেখাব ও ধৈবত বর্জিত নয়। কোনো কোনো পণ্ডিত বলেন যে, এর ন্যাস স্বর—পঞ্চম। যেমন—স র ম প প ধ, ন র্স র্র র্স ণ ধ প। প্রকৃতপক্ষে, সোরট এবং দেশের মধ্যে পার্থক্য বজায় রাখা কঠিন। তবে উপরোক্ত নিয়ম অনুসরণ করলে সোরট এবং দেশ কখনও এক হতে পারে না। দেশ রাগ রাত্রি দ্বিতীয় প্রহরে গাওয়া বা বাজানো হয়। এ রাগের বাদী স্বর—রেখাব এবং সমবাদী স্বর - নিখাদ। উত্তরাঙ্গ প্রবল এবং প্রকৃতি চঞ্চল।

আরোহী— স ঋ ম প, ণ ধ, প ন র্স

অবরোহী—র্স ণ ধ প, ম গ ঋ গ, স

পকড়— ঋ গ স ঋ — ম গ ঋ

স্বর-বিস্তার ঃ

গ, সরম, প, ণধপ, মগঋ, স, ন্‌স।

স, রম, প, ধমগঋ, গসঋ, ন্‌স, ণ্‌ধ্‌প্‌, ন্‌স।

গ, ঋ, মপ, ণধপ, ধমগঋ, মপধপ, ণধপ, নর্স।

র্সর্স, ঋণধপ, ধপমগঋ, সঋ, ন্‌স ॥

লক্ষণ-গীত— ঝাপতাল

স্থায়ী— কহে চতুর অব মুরত দেশ কো গুণী সুমতি,
সম্পূরণ অতি রুচির সোরট সো কর সঙ্গতি।

অন্তরা — বাদী রে, কোই কহত ন্যাস পঞ্চম করত
ধা, গা মধুর স্বর গাহত ভেদ বরণত নিয়ত ॥

স্থায়ী

+		৩			০		১		
ধ	ম	গ	গ	স	র	ম	প	ধ	প
ক	হে	চ	তু	র	অ	ব	মু	র	ত
ন	র্স	র্স	নর্স	র্র	ণধ	ধম	প	ধ	প
দে	০	শ	কো০	০	গু০	ণী০	সু	ম	তি
র্স	া	ণ	ধ	ম	গ	স	র	ন্‌	স্‌
সম্‌	০	পূ	র	ণ	অ	তি	রু	চি	র
ম র	া	ম	প ণ	ধ	র্সণ	ধপ	ম	প ণ	প
সো	০	র	ট	সো	ক০	র০	সং	গ	তি

অন্তরা

+		৩			০		১		
ম	া	প	ন	া	র্স	র্স	ন	র্স	র্স
বা	০	দী	রে	০	কো	ই	ক	হ	ত

+		৩			০		১		
ন	।	ন	র্স	।	নর্সর্র	র্স	ণ	ধ	প
ন্যা	০	স	পন্	০	চ০০	ম	ক	র	ত
ধ	ধ	ম	ম	ম	গ	স	র	ন্	স
ধা	গা	ম	ধু	র	স্ব	র	গা	হ	ত
মর	।	ম	প	ধ	র্সণ	ধপ	ম	পণ	প
ভে	০	দ	স্ব	র	ণ০	ত০	নি	র	ত

তিলক কামোদ

রাগ-পরিচয়—তিলক কামোদ খাম্বাজ ঠাটের অন্তর্গত যাড়ব-সম্পূর্ণ জাতীয় রাগ। বাদী স্বর—ষড়জ। কোনো কোনো মতে বাদী রেখাব এবং সমবাদী পঞ্চম। আবার কারো মতে বাদী—পঞ্চম এবং সমবাদী—রেখাব। আরোহীতে গান্ধার বক্র এবং ধৈবত বর্জিত। অবরোহীতে রেখাব বক্র। এ রাগ রাত্রি দ্বিতীয় প্রহরে গাওয়া বা বাজানো হয়। সোরট এবং দেশের সঙ্গে তিলক কামোদের কিছুটা সাদৃশ্য আছে। তিলক কামোদ রাগের গতি বক্র এবং ন্যাস স্বর—নিখাদ। গান্ধার ও নিখাদের উপর এ রাগের সৌন্দর্য নির্ভর করে। অনেকে তিলক কামোদে কোমল নিখাদও ব্যবহার করেন। এতে তিলক কামোদের স্বরূপ থাকে না, খাম্বাজের ছায়া আসে এবং দেশ রাগের সঙ্গে পার্থক্য রাখা কঠিন হয়ে পড়ে। সুতরাং কোমল নিখাদের ব্যবহার যত কম হয় ততই ভালো। এখানে বলে রাখা ভালো যে, তিলক কামোদ সোরট অঙ্গের রাগ। খাম্বাজের সঙ্গে এর বিশেষ সম্বন্ধ নেই।

আরোহী— স র গ স, র ম প ধ ম প ন র্স
অবরোহী—র্স, প ধ ম গ, র গ স ন্
পকড়— স র গ—স ন্ বা স র ম গ স ন্

স্বর-বিস্তার ঃ

স, ন্স, প্ন্স, রর, পমগ, সরমগ, সন্, প্ন্স, রগস।
প্ন্সর, গর, পমগ, সরগ, স, ন্, প্ন্স, রগস।
প্ন্স, রর, গর, পমগ, রমপ, ধমপ, ধমগ, রমগরগ, স, প, ধমগ, রমপ, নর্স, র্সগর্র, মর্গ, র্সন, পনর্স, পধমগরগস॥

লক্ষণ-গীত—ঝাপতাল

স্থায়ী— তিলক কামোদ সব গুণী গায়ন করে,
ঠাট হরীপুরব খাম্বাজী মধুর ধরে।

অন্তরা—সোরট অঙ্গ সদা অতি সোহত,
ধৈবত আরোহণ গত বর্ণিত।
বক্র বিলোম নিত চতুর কো মন হরে ॥

স্থায়ী

০	১	+	৩
(ম)র গ র প	ম গ ন্ স	ন্ প্ ন্ স	র গ ন্ স
তি ল ক কা	মো দ স ব	গু ণী গা ০	মু ন ক রে
র । ম ম	প ধ ম প	র্স প ধ পধ	ম গ ন্ স
ঠা ০ ট হ	রী পু র ব	খা স্বা জী ম০	ধু র ধ রে

অন্তরা

০	২	+	৩
ম । ম প	ন । ন ন	র্স । র্স র্স	ন র্স র্স র্স
সো ০ র ট	অং ০ গ স	দা ০ অ তি	সো ০ হ ত
ন । ন ন	র্স । র্স ।	(ন)র্স র্র র্স র্স	প ধ প প
ধৈ ০ ব ত	আ ০ রো ০	হ ণ গ ত	ব র ণি ত
ম । ম ম	প প ম প	(প)র্স ণ ধ পধ	ম গ ন্ স
ব ০ ক্র বি	লো ম নি ত	চ তু র কো০	ম ন হ রে

জয়জয়ন্তী

রাগ-পরিচয়—জয়জয়ন্তী খাম্বাজ ঠাটের রাগ। এ রাগের জাতি—সম্পূর্ণ। এতে দুই গান্ধার ও দুই নিখাদ ব্যবহৃত হয়। আরোহীতে শুদ্ধ গান্ধার ও শুদ্ধ নিখাদ এবং অবরোহীতে কোমল নিখাদ ও কোমল গান্ধার ব্যবহার করা হয়। সঙ্গীতজ্ঞ পণ্ডিতগণ আরোহীতে রেখাবের সঙ্গে কোমল গান্ধারের প্রয়োগ করেন। জয়জয়ন্তী রাগে শুদ্ধ গান্ধারের সঙ্গে কোমল গান্ধারের আমদানী করাতে এ রাগের পর কাফী ঠাটের রাগ গাইতে বা বাজাতে সুবিধা হয়। তাই জয়জয়ন্তীকে 'পরমেল প্রবেশক' রাগ বলে। এ রাগের বাদী স্বর—রেখাব এবং সমবাদী স্বর—পঞ্চম। এতে বিলাবল, গৌড়মল্লার, সোরট প্রভৃতি রাগের স্বরূপ মিশে থাকলেও এর নিজস্ব স্বরূপ অতি স্পষ্ট। এ রাগ রাত্রি দ্বিতীয় প্রহরে গাওয়া বা বাজানো হয়।

আরোহী— ন্ স র গ ম প, ধ ণ ধ প, ম প ন র্স
অবরোহী—র্স ণ ধ প ম প গ ম র জ্ঞ র স
পকড়— র জ্ঞ র স, ণ্ ধ্ প্ র

স্বর-বিস্তার ঃ

স, রর, গম, প, মগ, রস, ন্স, রজ্ঞর, স, ণ্ধ্প্, রর গম, গ, রস।
ন্সরস, রজ্ঞ রস, রন্স, রর, গমপ, গম, রর, স, ন্স রজ্ঞরস, ণ্ণ্ধ্প্।
ন্সরর, গম, পধমগম, রজ্ঞর, ন্স, রণ্, ধ্প্, রর, গমর রস।
প্প্র, গর, মপধম, রগর, মপ, নর্স, ণধপ, ধম, পগমগ, মররস॥

লক্ষণ-গীত—একতালা (দ্বিমাত্রিক ছন্দ)

স্থায়ী— সোরট কো অঙ্গ সাধ সম্পূরণ রূপ ধরে,
দোনো নগত স্বর গান্ধার, বাদী রিষভ মধুর করে।
অন্তরা—বিলাবল, গৌড়, সোরট মেলনোপরি সঙ্গ করে,
পরমেল প্রবেশক নিশি চতুর জয়জয়ন্তী বিচরে॥

স্থায়ী

+		0		২		0		৩		৪	
র	।	র	র	র	গ	ম	।	গ	র	।	স
সো	0	র	ট	কো	0	অং	0	গ	সা	0	ধ
ন্	স	র	জ্ঞ	র	স	স	।	ণ্	ধ্	প্	।
সম্	0	পু	0	র	ণ	রূ	0	প	ধ	রে	0
স	।	স	ম	ম	ম	প	প	ন	ন	র্স	র্স
দো	0	নো	ন	গ	ত	স্ব	র	গান্	ধা	0	র
র্স	।	ণ	ধপ	ম	ণ	ম	ধ	ম	ম	গর	গস
বা	0	দী	রি0	ষ	ভ	ম	ধু	র	ক	রে0	00

অন্তরা

+		0		২		0		৩		৪	
ম	ম	ম	প	ন	ন	র্স	।	র্স	ন	র্স	র্স
বি	0	লা	0	ব	ল	গৌ	0	ড়	সো	র	ট
ন	র্স	র্র	র্রজ্ঞ	র্র	র্স	র্র	র্স	র্স	ণ	ধ	প
মে	0	ল	নো0	প	রি	সং	0	গ	ক	রে	0

+		০		২		০		৩		৪	
ম	প	ম	।	ম	গ	ন	।	র্সং	ন	র্সং	র্সং
প	র	মে	০	ল	প্র	বে	০	শ	ক	নি	শি
র্সংগ	র্সং	গ	ধগ	ম	গ	ন	ধ	ম	ম	গর	গস
জ০	য়	জ	য়০	ন	০	তী	০	বি	চ	রে০	০০

গৌড়মল্লার

রাগ-পরিচয়—গৌড়মল্লার রাগের ঠাট সম্পর্কে মতভেদ আছে। কোনো কোনো পণ্ডিতের মতে এ রাগের উৎপত্তি কাফী ঠাট থেকে, আবার কারো মতে খাম্বাজ ঠাট থেকে। উভয় প্রকার মতই গ্রহণযোগ্য। এ রাগের বাদী স্বর মধ্যম এবং আরোহীতে নিখাদ দুর্বল। গৌড়মোল্লার বর্ষাকালের রাগ। বর্ষা ঋতুতে এ রাগ শুনতে ভালো লাগে। এ রাগ সম্বন্ধে নিরপেক্ষভাবে কিছু বলা মুস্কিল। সোমনাথ পণ্ডিতের মতে গৌড়মোল্লার রাগে নিখাদের প্রয়োগ অল্প এবং বাদী স্বর ধৈবত। দিনের দ্বিপ্রহরে এ রাগ গাওয়া হয়। খাম্বাজ ঠাটের নিখাদ কোমল। চতুর পণ্ডিতের মতে গৌড়মল্লারে ব্যবহৃত নিখাদ স্বরটিও কোমল। যদি উভয় নিখাদের ব্যবহার করা হয় তাহলেও এ রাগ খাম্বাজ ঠাটের অন্তর্গত। কারণ, কোনো কোনো সময় খাম্বাজ ঠাটের রাগেও উভয় নিখাদ ব্যবহৃত হয়। আমাদের দেশে গৌড়মল্লার রাগে কোমল নিখাদের ব্যবহারও প্রচলিত আছে। তবে কোমল নিখাদের প্রয়োগ সামান্য রূপে হয়ে থাকে। এর গতি বক্র।

আরোহী— স, রগরমগরস, রগমপমগ, মপ ধর্স
অবরোহী—র্সং, ধণপ, মগম, রস
পকড়— রগরমগরস বা রপমপধর্সধপ

খাম্বাজ ঠাটের অন্তর্গত গৌড়মল্লার রাগের
স্বর-বিস্তার ঃ

ম, মর, র, প, মপ, ধ, ন, র্সং, র্সং, ধণপ, ম, র, গম, প, মগমর, স।

মর, স, ধ্ধ্, স, রগম, মগর, স, মর, পম, পধ, র্সং, ধ, ণপ, ম, গগমপ, মগমর, রগমপ, রর, সরস।

স, গস, রগর, মগর, প, মপ, মপ, ধর্স, ধপ, মগমর, স।

পপ, ধ, র্সং র্সং, র্সংর্সং, ধণপ, মর, গমপ, মগমর, স॥

লক্ষণ-গীত—ত্রিতাল

স্থায়ী—পিয়রবা রাগ মল্লার গায় কিন্নো মেল খাম্বাজী,
পুরণ ধুন শুন সখী মেরো জিয়া হলসায়ে।

অন্তরা—মধ্যম বাদী ভায়ো অতি সুন্দর
ঋতু বরষা নই দেত বহার ॥

স্থায়ী

০				১				+				৩			
															ম
															পি
ঋ	র	প	ম	ণ	প	র্স	ন	র্স	।	।	র্স	র্স	ধ	ণ	প
য়	র	বা	০	রা	০	গ	ম	রা	০	০	র	গা	০	০	য়
(গ)ম	(ম)প	।	ম	গ	গ	গ	।	ম	।	প	।	ম	প	ম	গ
কি	য়ো	০	মে	০	ল	খাম্	০	বা	০	জী	০	পূ	০	র	ণ
র	র	স	স	র	র	গ	গ	ম	ম	প	প	(প)ম	ম	ম	ম
শু	ন	ত	ন	স	খী	মে	রো	জি	য়া	হু	ল	সা	০	য়,	পি

অন্তরা

০				১				+				৩			
ন	।	ন	ন	র্স	।	র্স	র্স	(র্ম)র্র	।	র্গ	র্গ	র্ম	।	র্প	র্প
ম	০	ধ্য	ম	বা	০	দী	ভা	য়ো	০	অ	তি	সুন্	০	দ	র
র্স	র্গর্গ	(র্ম)র্র	র্র	র্স	।	ধ	প	ধন	র্স	ধ	প	ম	।	ম,	ম
ঋ	তু০	ব	র	ষা	০	ন	ই	দে০	০	ত	ব	হা	০	র,	পি

গারা

রাগ-পরিচয়—গারা, খাম্বাজ ঠাটের অন্তর্গত সম্পূর্ণ জাতীয় রাগ। আজকাল এতে উভয় গান্ধার ও উভয় নিখাদের ব্যবহার প্রচলিত আছে। আরোহীতে শুদ্ধ গান্ধার ও শুদ্ধ নিখাদ এবং অবরোহীতে কোমল নিখাদ ও কোমল গান্ধার ব্যবহৃত হয়। এ রাগের স্বর বিস্তার মন্দ্র এবং মধ্য-স্থানেই ভালো লাগে। গারা রাগ গাইবার জন্য নির্দিষ্ট কোনো সময় নেই। মুসলিম গায়ক দ্বারা প্রবর্তিত এ রাগটি নতুন। এর বাদী স্বর ষড়্জ। অনেকে বলেন যে, গারায় কল্যাণ এবং ঝিঁঝোটির মিশ্রণ আছে। কথাটি ভুল না হলেও এ রাগ জয়জয়ন্তীর খুব কাছাকাছি বলে এতে জয়জয়ন্তীর ছায়া এসে পড়ার সবচেয়ে বেশী আশঙ্কা। গারা সহজ স্বরূপের রাগ বলে এতে ছোট ছোট কাজ খুব ভাল লাগে। মধ্য-স্থানের মধ্যমকে ষড়্জ মেনে মন্দ্র-স্থানের মধ্যম পর্যন্ত যখন তান নিয়ে যাওয়া হয় তখন শুনতে খুব ভালো লাগে।

আরোহী—ম্ প্ ধ্ ন্ স, র গ র গ ম প, ধ ন র্স
অবরোহী—র্স ণ ধ ণ প, ম গ র জ্ঞ র, স ন্ স
পকড়— ধ্ প্ স গ, ম র প্ স

স্বর-বিস্তার ঃ

স, গম, রজর, ন্‌সরস, ধ্‌ণ্‌ধ্‌ম্‌, প্‌ ধ্‌ ন্‌ স র ন্‌ স।
ন্‌সরন্‌স, গমপ, মগ, রজর, ন্‌স, প্‌ধ্‌ প্‌পম্‌, ম্‌প্‌ধ্‌ন্‌স।
ন্‌স, ধ্‌ণ্‌ধ্‌, ন্‌স, গম, প, ধপ, মগ, রজর, ধণ, পধ, মপ, গম, রজর, ন্‌স।
গমপ, গম, ধণধর্সনর্স, র্রর্জর্র, র্স, নর্স, ণধপ, মগ, রজর, স, ন্‌স।
পণধ, মপগম, রজর, ন্‌স, জর, মপধণ, ধপ, গমপগমরজরস, প্‌ধপ্‌, প্‌ধন্‌স॥

লক্ষণ-গীত---একতালা (দ্বিমাত্রিক ছন্দ)

স্থায়ী— গুণী বরণত গারা স্বর মন্দ্র মধ্যম কে চতুর,
গামাগামাপাগামাপাধানিধামাগামাপারেগামাপারে
গারেনিসা।

অন্তরা— তীব্র স্বর সো রোহিত, কোমল সো অবরোহিত,
দোনো গান্ধারে বিলসিত, সাধানিপাধামাপাগা
মাগারেসা॥

স্থায়ী

+		০		২		০		৩		৪	
ম	ম	র	জ	র	স	ন্‌	স	র	স	প্‌	ধ্‌
গু	ণী	ব	র	ণ	ত	গা	০	রা	০	স্ব	র
ম্‌	।	প্‌	ধ্‌	স	।	গ	ম	প	গ	ম	ম
মন্‌	০	দ	র	ম	০	ধ্য	ম	ক্ষে	চ	তু	র
গ	ম	গ	ম	প	গ	ম	প	ধ	ণ	ধ	ম
গা	মা	গা	মা	পা	গা	মা	পা	ধা	নি	ধা	মা
গ	ম	প	র	গ	ম	প	র	জ	র	ন্‌	স
গা	মা	পা	রে	গা	মা	পা	রে	গা	রে	নি	সা

অন্তরা

+		০		২		০		৩		৪	
স	।	গ	ম	প	গ	ম	।	ধ	।	ণ	ধ
তী	০	ব্র	০	স্ব	র	সো	০	রো	০	হি	ত
ম	ধ	ণ	ধ	ম	।	ম	প	জ	।	র	র
কো	০	ম	ল	সো	০	অ	ব	রো	০	হি	ত

ম	।	ধ	ণ	ধ	র্স	ণ	ধ	ম	প	গ	ম
দো	০	নো	গান্	ধা	০	রে	০	বি	ল	সি	ত
র্স	ধ	ণ	প	ধ	ম	প	গ	ম	ঙ	র	স
সা	ধা	নি	পা	ধা	মা	পা	গা	মা	গা	রে	সা

ভৈরব

রাগ-পরিচয়—ভৈরবকে 'ভৈরোঁ'ও বলা হয়। এ রাগের উৎপত্তি ভৈরব ঠাট থেকে। ভৈরব, ভৈরব ঠাটের 'আশ্রয় রাগ'। এ রাগের জাতি—সম্পূর্ণ; বাদী স্বর—ধৈবত, সমবাদী স্বর—রেখাব এবং গ্রহ স্বর—ধৈবত। আরোহীতে রেখাব দুর্বল। এ রাগে রেখাব ও ধৈবতের প্রয়োগ হয় আন্দোলিতভাবে এবং এ দু'টি স্বরের উপরই রাগের সৌন্দর্য নির্ভর করে। ভৈরব রাগ প্রাতঃকালে গাওয়া বা বাজানো হয়। এ রাগের প্রকৃতি গম্ভীর। কোনো কোনো গ্রন্থে ভৈরব রাগের অবরোহীতে কোমল নিখাদ প্রয়োগের নির্দেশ পাওয়া যায়। অবরোহীতে কোমল নিখাদ প্রয়োগ করলে রাগের রূপ বিকৃত হয় না। কারণ, কোমল নিখাদ ভৈরব রাগের বিবাদী স্বর। বিবাদী স্বরের প্রয়োগ করা গায়ক-বাদকের কুশলতার উপর সম্পূর্ণরূপে নির্ভর করে। ভৈরব রাগে ব্যবহৃত রেখাব ও ধৈবত স্বর দু'টি কোমল এবং অন্যান্য স্বরগুলো শুদ্ধ।

আরোহী— স ঋ গ ম প দ ন র্স
অবরোহী— র্স ন দ প ম গ ঋ স
পকড়— দপ, মপ, গ মঋ স

স্বর-বিস্তার ঃ

স, ঋ, গ, মগ, ঋ, স, নৃদ্, নৃস, গ, মগ, ঋ, স।
নৃস, গ, মগ, ঋ, গম, প, মগ, ঋ, পম, গঋ, স।
গম, প, দদ, প, মপ, গম, ঋ, গমপ, দদপ, মগ, ঋ, স।
নৃসগ, ম, প, দদপ, নদপ, মপমগঋগম, নদ, পমগঋ, স।
মপ, দদ, র্স, ন, র্স, নদ, প, মগ, দ, নর্স, র্গম, গ, ঋ, র্স, নদ, প, মগঋ, স।

লক্ষণ-গীত—ঝাপতাল

স্থায়ী— ভৈরব, বিভাস, শুদ্ধকলি, গৌরী, প্রভাত,
সৌরাষ্ট্র, আহিরী, শিব-যোগী, রামকলি।
অন্তরা—আনন্দ, বাঙ্গাল, পঞ্চম, হিজাজ গুণী,
চতুর কহে মেঘরঞ্জনী জানত রাগিণী॥

স্থায়ী

+		৩			০		১		
ঋ	।	ঋ	ঋ	স	দ্	।	ন্	স	স
ভৈ	০	র	ব	বি	ভা	০	স	ও	ণ
ঋ	ঋ	ঋ	।	স	মগ	গম	ঋ	।	স
ক	লি	গৌ	০	রী	প০	র০	ভা	০	ত
স	।	দ্	।	দ্	ন্	স	ঋ	।	স
সৌ	০	রা	০	ষ্ট্র	আ	০	হি	০	রী
স	স	দ	।	প	ম	গ	গ	ঋ	স
শি	ব	যো	০	গী	রা	০	ম	ক	লি

অন্তরা

+		৩			০		১		
প	।	দ	।	দ	ন	র্স	র্স	।	র্স
আ	০	মন্	০	দ	বাং	০	গা	০	ল
দ	।	ন	র্স	র্স	ঋ	।	র্স	র্স	দ
পন্	০	চ	ম	হি	জা	০	জ	ও	ণী
দ	দ	ঋ	ঋ	র্স	র্স	দ	ন	দ	প
চ	তু	র	ক	হে	মে	০	ঘ	রন্	০
প	ম	ঋগ	গম	প	ঋ	।	ঋ	স	।
জ	নী	জা০	ন০	ত	রা	০	গি	ণী	০

গুণকলি

রাগ-পরিচয়—গুণকলি, ভৈরব ঠাটের অন্তর্গত ঔড়ব জাতীয় রাগ। এতে গান্ধার ও নিখাদ বর্জিত। এ রাগে ব্যবহৃত স্বরগুলোর মধ্যে রেখাব ও ধৈবত কোমল। এর বাদীস্বর—ধৈবত। মন্দ্র ও মধ্য-স্থানে এ রাগের স্বর-বিস্তার করা উচিত। যেখানে রেখাব ও মধ্যমের স্বর-সঙ্গতি হয় সেখানে যোগিয়া রাগের রূপ কিছুটা পাওয়া যায়। কিন্তু যোগিয়াতে নিখাদ ব্যবহৃত হয়, আর গুণকলিতে নিখাদ বর্জিত। সেজন্যে এ রাগ দু'টি (গুণকলি ও যোগিয়া) পরস্পর পরস্পর থেকে পৃথক। গুণকলি প্রাতঃকালীন রাগ। সন্ধ্যাকালীন রাগে যেমন গান্ধার ও নিখাদ এ দু'টি স্বর বর্জিত হলে ভালো মনে হয় না তেমনি প্রাতঃকালীন রাগে রেখাব ও ধৈবত এ দু'টি স্বর বর্জিত হওয়া উচিত নয়।

আরোহী— স ঋ ম প দ র্স
অবরোহী— র্স দ প ম ঋ স
পকড়— ঋঋস, ঋ পম প মঋ স, দ্স

স্বর-বিস্তার ঃ

স, ঋঋ, সদ্স, ঋ, স, মঋ, সদ্প্, ম্প্, দ্স, ঋমঋ, স, সঋস।

সঋস, মপমঋ, পমঋ, ঋস, দদপ, মপমঋ, ঋস, সদ্দ্প্ম্প্, দ্দ্ঋস, ঋমপমঋ, দদপমপমঋ, পমঋ, ঋস, সঋস।

মপদদর্স র্সঋর্স, র্সদদর্স, ঋর্ঋর্স, দপ, মপদ, ঋর্সদপ, মপ, মপঋ, সঋস।

সদদপ, মপ, দদপ, র্সদপ, মপমঋ, মঋ, পমঋ, স, দ্দ্সঋস।

ঋর্ঋর্স, র্মর্পর্মর্ঋর্স, ঋর্সদ, র্সদপ, মপ, ঋর্স, দপ, মপমঋ, পপঋ, সঋস॥

লক্ষণ-গীত—তেওড়া

স্থায়ী— গুণীজন সুমন গায়ে রাগ গুণকলি,
পঞ্চ স্বর সো গা, নি বর্জ কর শুদ্ধ বনায়ে।
অন্তরা—জনক ভৈরব সাধ সুন্দর, বাদী ধৈবত গায়ে,
প্রাতঃ সময় চতুর গুণী গায় যোগিয়াকা বঁচায়ে॥

স্থায়ী

+			২		৩		+			২		৩	
ঋ	ঋ	ঋ	স	ম	ঋ	স	দ্	।	।	স	।	।	।
গু	ণী	জ	ন	সু	ম	ন	গা	০	০	য়ে	০	০	০
ঋ	।	ঋ	ঋ	ঋ	স	স	দ্	।	দ্	ঋ	ঋ	স	।
রা	০	গ	গু	ণ	ক	লি	পন্	০	চ	স্ব	র	সো	০
ঋ	স	দ	দ	দ	প	প	ম	প	ম	ঋ	।	স	।
গা	নি	ব	র	জ	ক	র	শু	দ্ধ	ব	না	০	য়ে	০

অন্তরা

+			২		৩		+			২		৩	
প	প	প	দ	।	দ	দ	র্স	।	র্স	র্স	।	র্স	র্স
জ	ন	ক	ভৈ	০	র	ব	সা	০	ধ	সুন্	০	দ	র

+	২	৩	+	২	৩
র্স দ া দ	র্স া	র্স র্স	র্ঋ া া	র্স া	দ া
বা ০ দী	ধৈ ০	ব ত	গা ০ ০	য়ে ০	০ ০
র্ঋ া র্ঋ	র্স র্স	র্স র্স	দ দ দ	দ দ	প প
প্রা ০ তঃ	স ম	য় চ	তু র ঙ	গী গা	০ য়
দ র্স র্স	দ া	প প	ম প ম	ঋ া	স া
যো ০ গি	য়া ০	কো বেঁ	চা ০ ০	০ ০	য়ে ০

কালিংড়া

রাগ-পরিচয়—কালিংড়া রাগের উৎপত্তি ভৈরব ঠাট থেকে। এ রাগে ব্যবহৃত স্বরগুলোর মধ্যে রেখাব ও ধৈবত কোমল এবং অন্যান্য স্বরগুলো শুদ্ধ। কালিংড়া সম্পূর্ণ জাতীয় রাগ। এ রাগের রেখাব ও ধৈবত ভৈরব রাগের রেখাব ও ধৈবতের মত আন্দোলিত নয়। কালিংড়া রাগের বাদী স্বর—ধৈবত এবং সমবাদী স্বর—গান্ধার। পণ্ডিত বিষ্ণুনারায়ণ ভাত-খণ্ডের মতে এ রাগে পঞ্চম বাদী এবং ষড়জ সমবাদী হওয়া উচিত। কারণ, ধৈবতের প্রয়োগ অধিক হলে ভৈরব রাগের ছায়া সম্পূর্ণভাবে এসে পড়ে। যদি রেখাব ও ধৈবতের প্রাধান্য দেওয়া হয় তাহলে ভৈরব হয়ে যায়। কালিংড়া একটি লোক-প্রিয় রাগ। এর প্রকৃতি গম্ভীর নয়। এ রাগ গাওয়া হয় রাত্রি চতুর্থ প্রহরে। কোমল নিখাদ এর বিবাদী স্বর। কালিংড়া এবং পরজ রাগের মধ্যে সাদৃশ্য আছে। যদিও পরজ রাগে স্পষ্টরূপে কড়ি মধ্যমের প্রয়োগ হয়, তথাপি কালিংড়ার পঞ্চম ও ষড়জের উপর প্রাধান্য দিলে পরজ রাগের ছায়া স্পষ্ট হয়ে উঠে। সেজন্য কালিংড়া রাগ গাইবার সময় গায়ক ও বাদকের সব সময় ভৈরব রাগের রেখাব ও ধৈবত এবং পরজ রাগের পঞ্চম ও ষড়জ থেকে সতর্ক থাকা উচিত।

আরোহী— স ঋ গ ম প দ ন র্স
অবরোহী— র্স ন দ প ম গ ঋ স
পকড়— দ প, গ ম গ

স্বর-বিস্তার ঃ

ন্ন্সঋগ, ঋগ, মগ, মমগ, গমপদমপ, দপমপ, ঋগমগ, ঋস।
দ্দ্ন্স, দ্ন্স, ন্ন্স, গগমম, ঋগ, গমদপ, গমগ, মগঋস।
গমগমপ, দদপ, দমপ, দনর্সনদপ, গমপদ, পমগ, মগঋস।
সঋগম, ঋগম, মপগম, গমপদ, নদপদমপদপমগ, মগঋস।
গমপদমপ, দদপদমপ, গমপ, ননদপ, দনর্সর্ঋ, র্সনদপ, গমপ, র্ঋর্ঋর্সনদপ, দদ, মমগ, সঋগ, ম, পমগ, ঋস॥

লক্ষণ-গীত—ত্রিতাল

স্থায়ী— বিবিধ জন গাবত কালিংড়া,
সম্পূরণ স্বর নিশি মধ্যম লে
গাবত কালিংড়া।

অন্তরা— মালব-গৌড় কো ঠাট মনোহর,
অংশ ন্যাস গান্ধার ॥

স্থায়ী

০	১	+	৩
			দ বি
দ দ প প	গ ম প প	দ প গ ম	গ । ।, দ
বি ধ জ ন	গা ০ ব ত	কা ০ লি ং	ড়া ০ ০, বি
ন্ স গ ম	প দ ন ন	দ ন র্সঁ র্খঁ	র্সঁ ন দ প
সম্ ০ পূ ০	র ণ স্ব র	নি শি ম ০	ধ্য ম লে ০
দ প ম প	গ ম প প	দ প গ ম	গ । । ।
০ ০ ০ ০	গা ০ ব ত	কা ০ লি ং	ড়া ০ ০ ০

অন্তরা

০	১	+	৩
প দ প দ	ন । র্সঁ র্সঁ	র্সঁ র্খঁ র্সঁ র্খঁ	ন । র্সঁ র্সঁ
মা ০ ল ব	গৌ ০ ড় কো	ঠা ০ ট ম	নো ০ হ র
র্সঁ । র্সঁ ন	। ন দ প	ম প গ ম	গ । ।, দ
অং ০ শ ন্যা	০ স গা ন্	ধা ০ ০ ০	র ০ ০, বি

রামকলি

রাগ-পরিচয়—ভৈরব ঠাট থেকে রামকলি রাগের উৎপত্তি। এ রাগের জাতি ও ব্যবহারিক স্বর সম্পর্কে মতভেদ আছে। কোনো মতে রামকলি ঔড়ব-সম্পূর্ণ জাতীয় রাগ; আবার কোনো মতে এ রাগের জাতি সম্পূর্ণ। কেউ কেউ এতে উভয় মধ্যমের প্রয়োগ করে শুদ্ধ মধ্যমকে স্পষ্ট রাখেন। আবার কারো মতে এ রাগে উভয় নিখাদের প্রয়োগ বিধেয়। উদ্ভূত রামকলি ঔড়ব-সম্পূর্ণ জাতীয় রাগ। এ রাগের বাদী স্বর—ধৈবত এবং সমবাদী স্বর —রেখাব। আরোহীতে মধ্যম ও নিখাদ বর্জিত, অবরোহী সম্পূর্ণ। রামকলি প্রাতঃকালীন রাগ। এতে ব্যবহৃত স্বরগুলোর মধ্যে রেখাব কোমল এবং অন্যান্য স্বরগুলো শুদ্ধ।

আরোহী— স ঋ গ প দ র্স
অবরোহী— র্স ন দ প ম গ ঋ স
পকড়— র্স, দদ, প, মপ, দদ, প, গম, ঋস

স্বর-বিস্তার ঃ

মগ, পপ, দদপ, মগমপ, নদপ, দদপ, মগঋস।
সঋগমপ, দদপ, মগঋস, দদপ, গমপ, গম, ঋস।
পসপ, দঋঋস, গমঋস, দপ, মগমঋ, প, মগমঋ, স।
মপ, দদ, র্স, র্ঋ, র্স, র্সনদপ, পদ, মপ, মগম, ঋ, স॥

লক্ষণ-গীত—ঝাপতাল

স্থায়ী—মায়া মালব জনিত, রাগ লক্ষণ কহত।
রামকলি গ্রন্থ মত, প্রাতহি সুখ উপজত॥
অন্তরা—বাদী ধৈবত করত, রে সমবাদী সুমত।
মা, নি আরোহ ত্যজত, গাবত চতুর কহত॥

স্থায়ী

+		৩			০		১		
র্স	।	র্ঋ	র্স	।	ন	দ	$^{\text{দ}}$ন	দ	প
মা	০	য়া	মা	০	ল	ব	জ	নি	ত
গ	ঋ	ঋ	$^{\text{ম}}$গ	প	ম	গ	$^{\text{ম}}$ঋ	ঋ	স
রা	০	গ	ল	০	ক্ষ	ণ	ক	হ	ত
স	স	স	ঋ	স	দ্	।	দ্	স	স
রা	০	ম	ক	লি	গ্রন্	০	থ	ম	ত
ম	গ	ন	দ	প	প	ম	গ	ঋ	স
প্রা	০	ত	হি	সু	খ	উ	প	জ	ত

অন্তরা

+		৩			০		১		
প	।	প	দ	।	র্স	র্স	র্স	র্স	র্স
বা	০	দী	ধৈ	০	ব	ত	ক	র	ত

+		৩			০		১		
ঋঁ	।	র্গ	ঋঁ	র্স	ঋঁ	।	র্স	দ	দ
রে	০	সম্	০	বা	০	দী	সু	ম	ত
দ	দ	ঋঁ	ঋঁ	র্স	ন	দ	দন	দ	প
মা	নি	আ	০	রো	০	হ	ত্য	জ	ত
মগ	মঋ	ঋ	গ	প	ম	গ	ঋ	ঋ	স
গা	০	ব	ত	চ	তু	র	ক	হ	ত

বিভাস

রাগ-পরিচয়— বিভাস, ভৈরব ঠাটের অন্তর্গত ঔড়ব জাতীয় রাগ। এতে মধ্যম ও নিখাদ বর্জিত। বাদী স্বর—ধৈবত, ন্যাস স্বর— পঞ্চম। এ রাগের উত্তরাঙ্গ প্রবল। বিভাস প্রাতঃকালীন রাগ। এ রাগের প্রকৃতি শান্ত। এতে ব্যবহৃত স্বরগুলোর মধ্যে রেখাব ও ধৈবত কোমল এবং অবশিষ্ট স্বর শুদ্ধ। অন্য এক মতে বিভাস রাগে কড়ি মধ্যম ব্যবহৃত হয়। যে মতে কড়ি মধ্যম ব্যবহৃত হয় সে মতেও বিভাস রাগের উত্তরাঙ্গ প্রবল। অবরোহীতে মধ্যম ও নিখাদ বর্জিত বলে এ রাগ রামকলি থেকে পৃথক। এখানে উল্লেখযোগ্য যে, একমাত্র বিভাস ব্যতীত প্রাতঃকালীন আর কোনো রাগেই মধ্যম ও নিখাদ স্বর দু'টি বর্জিত হয় না। সেজন্য এ রাগের রূপ সব থেকে পৃথক। সন্ধ্যাবেলার জন্য যেমন রেবা রাগ তেমনি সকাল বেলার জন্য বিভাস রাগ। রেবা রাগের গান্ধার বাদী আর বিভাস রাগের বাদী স্বর ধৈবত। ভৈরব সম্পূর্ণ জাতীয় রাগ। মেঘরঞ্জনীতে পঞ্চম ও ধৈবত বর্জিত। গুনকলিতে গান্ধার ও নিখাদের ব্যবহার নেই। কিন্তু যোগিয়াতে নিখাদ ব্যবহৃত হয়, কেবল গান্ধার বর্জিত। প্রভাত এবং কালিংড়া সম্পূর্ণ জাতীয় রাগ। রামকলি রাগের কেবল আরোহীতে মধ্যম ও নিখাদ বর্জিত, অবরোহী সম্পূর্ণ। সৌরাষ্ট্রও সম্পূর্ণ জাতীয় রাগ। অতএব বিভাস রাগের রূপ সম্পূর্ণ স্বতন্ত্র।

আরোহী— স ঋ গ প দ র্স
অবরোহী— র্স দ প গ ঋ স
পকড়— পপ দপ গঋ স

স্বর-বিস্তার ঃ

দদপপ, গপদপ, গঋস, গপ, প, প, দ, প, স, ঋগপ, দদপ, গপদপ, গঋস, দদপ।
সঋস, গঋস, গগপপগঋ, স, সঋগপ, গপ, দদপ, গপদ, দপ।
র্সদপ, ঋঁর্স, দদপ, গপদ, র্স, দপ, ঋগপ, দদপ, গপদপগঋস, দদপ।
পগপ, দদ, র্স, র্স, র্সঋঁর্স, র্সঋঁর্গঋঁর্স, র্সঋঁর্স, দ, প, গগপপদ, র্স, দদপ, গপদপ, গঋস ॥

লক্ষণ-গীত—তেওড়া

স্থায়ী— কহত বিভাস ঔড়ব রাগ পাপাধাপাগারেসা,
মা, নি স্বর ত্যজত।
অন্তরা—বাদী করত ধৈবত, চতুর রোহনি
রন্‌জনি সুরত মধুর ॥

স্থায়ী

২		৩		+			২		৩		+		
(প)দ	গ	প	প	দ	।	প	(দ)র্স	।	র্স	র্স	দ	।	প
ক	হ	ত	বি	ভা	০	স	ঔ	০	ড়	ব	রা	০	প
প	প	দ	প	গ	ঋ	স	ঋ´	ঋ´	গ´	ঋ´	র্স	দ	প
পা	পা	ধা	পা	গা	রে	সা	মা	নি	স্ব	র	ত্য	জ	ত

অন্তরা

২		৩		+			২		৩		+		
প	।	(প)র্স	।	র্স	র্স	র্স	ঋ´	।	ঋ´	র্স	গ´	ঋ´	র্স
বা	০	দী	০	ক	র	ত	ধৈ	০	ব	ত	চ	তু	র
ঋ´	।	র্স	র্স	দ	দ	প	প	দ	প	গ	গ	ঋ	স
রো	০	হ	নি	রন্	জ	নি	সু	০	র	ত	ম	ধু	র

ললিত

রাগ-পরিচয়—ললিত, ভৈরব ঠাটের অন্তর্গত যাড়ব জাতীয় রাগ। এতে পঞ্চম বর্জিত। এ রাগের স্বর-সঙ্গতি ধৈবত থেকে মধ্যম। ললিত রাগে দুই মধ্যম ব্যবহৃত হয়। অন্যান্য ব্যবহারিক স্বরগুলোর মধ্যে রেখাব ও ধৈবত কোমল। এ রাগের বাদী স্বর—শুদ্ধ মধ্যম এবং সমবাদী স্বর—ষড়্জ। ললিত রাগের উত্তরাঙ্গ প্রবল এবং এর তার-স্থানের ষড়্জ অত্যন্ত আনন্দবর্ধক। মধ্যরাত্রির পর এ রাগ গাওয়া হয়। ললিত রাগের মুখ্য তান হচ্ছে—ন্ঋগম, দক্ষদক্ষম, গ।

আরোহী— ন্ ঋ গ ম, হ্ম ম গ, হ্ম দ র্স
অবরোহী—ঋ´ ন দ, হ্ম দ হ্ম ম গ, ঋ স
পকড়— ন্ ঋ গ ম হ্ম ম

স্বর-বিস্তার ঃ

মগ, ঋস, ন্‌ঋগম, ক্ষমগ, দক্ষাদমম, গ, ঋগঋ, স।
ন্‌ঋগম, মগ ক্ষমগ, ক্ষাদর্স, র্ঋন, ক্ষাদক্ষাদ, ক্ষাম, গঋস।
ক্ষাদর্স, নর্ঋর্স, নর্ঋগর্ঋর্স, নর্ঋনদ, ক্ষাদর্স, র্ঋনদ, ক্ষাদক্ষাদক্ষামগ, ঋগ ঋস ॥

লক্ষণ-গীত—গজঝম্পা তাল

স্থায়ী— ললিত রাগ সুর পঞ্চম ত্যজত,
মধ্যম জীব করত মা-ধা সঙ্গত।
অন্তরা—রে-ধা কোমল কর, গাবে গুণী,
অর্ধ রাত্রি লাগত প্রিয় অতি ॥

স্থায়ী

+				২				০				৩		
গ	ঋ	স	স	।	ঋ	স	স	স	।	গ	ম	ক্ষ	ম	গ
ল	লি	ত	রা	০	গ	সু	র	পন্‌	০	চ	ম	ত্য	জ	ত
গ	গ	ক্ষ	দ	র্স	।	র্স	র্স	র্স	ন	দ	ক্ষাদ	ক্ষা	ম	গ
ম	০	ধ্য	ম	জী	০	ব	ক্ষ	র	ত	মা	ধা০	স	ঙ্গ	ত

অন্তরা

+				২				০				৩		
গ	গ	ক্ষ	দ	র্স	র্স	র্স	র্স	র্স	।	র্স	।	র্ঋ	র্ঋ	র্স
রে	ধা	কো	০	ম	ল	ক	র	গা	০	বে	০	গু	ণী	০
র্ঋ	র্স	র্গ	র্ঋ	র্স	র্ঋ	র্স	র্স	র্স	ন	দ	ক্ষাদ	ক্ষা	ম	গ
